

উত্তরবঙ্গ সংবাদ



আয়ারল্যান্ডকে হারিয়ে স্মৃতিদের সিরিজ ১২

বইমেলায় বাংলাদেশের বই বিক্রি বুনয়াদপুরে
গোটা রাতে বিভিন্ন মেলায় এখন বাংলাদেশের জিনিসপত্র বিক্রি বন্ধ। কলকাতা ও শিলিগুড়িতেও বইমেলায় বাংলাদেশি বই বিক্রি হয়নি। বুনয়াদপুরে কিন্তু দেখা গেল অন্য দৃশ্য।

তিনবিধা করিডর নিয়ে ফের জলঘোলা
যে তিনবিধা করিডর নিয়ে আন্দোলনে অনেক রক্ত ঝরেছিল, সেখানে আবার বিতর্ক শুরু হয়েছে। বাংলাদেশ সরকারের সাম্প্রতিক অবস্থান নিয়ে খেঁচা পাকছে।

আজকের সন্ধ্যা তাপমাত্রা

২২°	১২°	২৬°	১৪°	২২°	১১°	২৭°	১২°
সবেচে	সর্বনিম্ন	সবেচে	সর্বনিম্ন	সবেচে	সর্বনিম্ন	সবেচে	সর্বনিম্ন
মালদা		রায়গঞ্জ		বালুরঘাট		শিলিগুড়ি	

কলকাতা বিশ্বের দ্বিতীয় 'মস্তুরতম শহর' ৭



রাজপথে বিবেকানন্দ সেজে হাঁটা। মালদায় রবিবার স্বামীজির জন্মদিনের মিছিলে। - অরিন্দম বাগ

ধর্মের 'দাম' ২ লক্ষ টাকা!

নাবালিকার ওপর অত্যাচারের সালিশি হল থানা চত্বরে

বিশ্বজিৎ সরকার

রায়গঞ্জ, ১২ জানুয়ারি : নাবালিকা মেয়ের সন্ত্রাস দায়ে বিক্রি লড়াইয়ে নেমে দুই পা এগিয়েও চার পা পিছিয়ে গেলেন নিষিদ্ধতার মা। ভয়? নাকি দারিদ্র্য খোঁচাতে টাকার হাতছানি? কীসের চাপে মেয়ের স্মিলনহাসিনী অভিযোগ করেও তা প্রত্যাহার করতে চাইলেন মা, এই নিয়ে প্রশ্ন উঠছে।

সম্প্রতি ইটাহার থানার একটি গ্রামে এক নাবালিকাকে ধর্মের চেষ্টার অভিযোগে ওঠে গ্রামেরই দুই ব্যক্তির বিরুদ্ধে। নিষিদ্ধতার মা ইটাহার থানায় দায়ের করা অভিযোগে জানান, তাঁর নাবালিকা মেয়ে মাঠ থেকে ছাগল নিয়ে বাড়ি ফিরছিল। সেই সময় গ্রামের দুই ব্যক্তি তাকে জোর করে জঙ্গলে টেনে নিয়ে গিয়ে ধর্মের চেষ্টা করে। অভিযোগের ভিত্তিতে পুলিশ এক অভিযুক্তকে গ্রেপ্তার করে আদালতে পাঠায়।

কিন্তু এরপরেই গ্রামের মাতৃকরদের মধ্যস্থতায় বাদী ও বিবাদী পক্ষ বসে বিষয়টির মীমাংসা করে নেয়। অভিযোগ, ওই মীমাংসা বৈধক হয় ইটাহার থানা চত্বরেই। কিন্তু কেন মীমাংসা করতে গেলেন অভিযোগকারী মা? নাবালিকার মা বলেন, 'আমরা গরিব মানুষ বারবার আদালতে আসার সামর্থ্য নেই। সেই কারণে ২ লক্ষ টাকার বিনিময়ে আপস মীমাংসা করছি।' তিনি জানান, তাঁর নাবালিকা মেয়েকে আদালতে নিয়ে যাওয়া হয়েছিল। সেখানে বিচারকের কাছে গোপন জবানবন্দি দিয়েছে নিষিদ্ধতা। আপস করার কারণ হিসেবে দারিদ্র্যের পাশাপাশি আরও একটি কারণের কথা জানিয়েছেন নিষিদ্ধতার মা। তাঁর কথায়, আমরা যে গ্রামে থাকি অভিযুক্তরাও সেই গ্রামেরই বাসিন্দা। তাই আমি অশান্তি থেকে অব্যাহতি পাওয়ার জন্যই আপস মীমাংসা করছি। ওরা যে টাকা দিয়েছে, তা দিয়ে মেয়ের অন্যত্র বিয়ে দেব।'

ভারত-বাংলাদেশ সীমান্তে বামেলা লেগেই রয়েছে। প্রতিদিনই কিছু না কিছু ঘটছে। বামেলার উপলক্ষ্য কাঁটাতার। রবিবার মালদার বামনগোলায় বড় ঘটনা ঘটল। দুই দিনাজপুরেও ছিল উত্তেজনা।

কোথাও বাংকার, কোথাও বাধা

রায়গঞ্জ ও বালুরঘাট, ১২ জানুয়ারি : কাঁটাতারের বেড়ার ওপার থেকে আসা প্ররোচনার মোকাবেলায় উত্তর দিনাজপুরের হেমতাবাদে ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে বাংকার বসাল বিএসএফ। রবিবার নতুন করে চোরচালানা বা সজ্ঞাতের পরিস্থিতি তৈরি না হলেও দিনভর উত্তেজনা বজায় থাকল। বিএসএফের পদন্ত আধিকারিকরা এদিনও বিজিবির সঙ্গে স্ল্যাগ মিটিং করেছেন। এদিকে বালুরঘাটের ভুলকিপূর সীমান্তে অন্যদিকে। সেখানে কাঁটাতার বসাতে বিএসএফকে বাধা দিল স্থানীয় গ্রামবাসীরাই।

রাতে গুলির শব্দ, উদ্ধার গবাদিপশু

স্বপনকুমার চক্রবর্তী
বামনগোলা, ১২ জানুয়ারি : রাতের অন্ধকারে বামনগোলার ভারত-বাংলাদেশ সীমান্তে আবারও গুলির শব্দ। শনিবার রাতে গুলির আওয়াজ শুনেছেন বামনগোলার ভারত-বাংলাদেশ সীমান্তের শোনঘাট এলাকার বাসিন্দারা। রবিবার আলো ফুটতেই এলাকার মানুষজন জানতে পারেন, সীমান্তের ওপারে পাচারের আগেই বিএসএফ উদ্ধার করেছে কয়েকটি গবাদিপশু।



বিএসএফ অফিসারদের সঙ্গে কথা বলছেন পুলিশকর্তারা। বালুরঘাটের ভুলকিপূর সীমান্তে। রবিবার। - মাজিদুর সরদার

চোরাকারবারীদের রুখতেই আত্মরক্ষায় বাধ্য হয়ে গুলি চালিয়েছে বিএসএফ। কদিন আগেই বিএসএফ জওয়ানরা বামনগোলার খুঁটদহ সীমান্তেও পাচারকারীদের রুখতে গিয়ে হুমকির মুখে পড়ে অক্রমণ চক্রান্তে গুলি চালিয়ে উদ্ধার করেছিল ৮টি হরিয়ারার বংশোদ্ভূত ষাঁড়, গোরু। ফের বামনগোলার শোনঘাট সীমান্তে পাচারকারীদের রুখতে গিয়ে হুমকির মুখে পড়ে অক্রমণ চক্রান্তে গুলি চালিয়ে উদ্ধার করেছিল ৮টি হরিয়ারার বংশোদ্ভূত ষাঁড়, গোরু। ফের বামনগোলার শোনঘাট সীমান্তে পাচারকারীদের রুখতে গিয়ে হুমকির মুখে পড়ে অক্রমণ চক্রান্তে গুলি চালিয়ে উদ্ধার করেছিল ৮টি হরিয়ারার বংশোদ্ভূত ষাঁড়, গোরু। ফের বামনগোলার শোনঘাট সীমান্তে পাচারকারীদের রুখতে গিয়ে হুমকির মুখে পড়ে অক্রমণ চক্রান্তে গুলি চালিয়ে উদ্ধার করেছিল ৮টি হরিয়ারার বংশোদ্ভূত ষাঁড়, গোরু।

সুত্রের খবর, শনিবার ভারত-বাংলাদেশ সীমান্তের শোনঘাট এলাকার রাতে ডিউটির সময় জওয়ানরা দেখতে পান যে দেশের দিক থেকে কয়েকজন চোরচালানকারী কাঁটাতারের বেড়ার দিকে এগিয়ে যাচ্ছে। সঙ্গে কয়েকটি গবাদিপশুও আছে। অন্যদিকে, বাংলাদেশ ভূখণ্ডের দিক থেকে বেশ কয়েকজন চোরচালানকারী আন্তর্জাতিক সীমান্ত পেরিয়ে ভারতে প্রবেশের চেষ্টা করছে। কর্তব্যরত জওয়ানরা তাদের হিশিয়ারি দিয়ে থামতে বলেন। কিন্তু চোরচালানকারীরা কোনও কর্পাত না করে চালোঞ্জ জানিয়ে অক্রমণাত্মক হয়ে ওঠে। অন্যান্য চোরচালানকারীরা কাঁটাতারের বেড়া

ধর্মের মাঝে দুই জেলায় বন্ধ নিষিদ্ধ স্যালাইন

বিশ্বজিৎ সরকার ও সৌরভ মিশ্র

রায়গঞ্জ ও হরিশ্চন্দ্রপুর, ১২ জানুয়ারি : উত্তরবঙ্গ সংবাদের খবরের জেরে বদলে ফেলা হল রায়গঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালের স্বাস্থ্য দপ্তরের কালো তালিকাভুক্ত স্যালাইন। অথচ শনিবার রাতেও এই স্যালাইন হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতালে ব্যবহার করা হয়েছে। যদিও হাসপাতাল কর্তৃপক্ষের দাবি, এই স্যালাইন বন্ধের কোনও নির্দেশিকা গতকাল রাত পর্যন্ত আসেনি। আর রায়গঞ্জ কার গাফিলতিতে কালো তালিকাভুক্ত স্যালাইন রোগীদের দেহে দেওয়া হল তা নিয়ে মুখে কুলুপ এঁটেছেন মেডিকেল কলেজ কর্তৃপক্ষ থেকে জেলা স্বাস্থ্য দপ্তর। এই বিতর্কে জড়িয়ে পড়েছে শিলিগুড়ির উত্তরবঙ্গ মেডিকেল কলেজের নামও।



বাবলা সরকারের স্মরণসভায় তাঁর স্ত্রী চৈতালি। রবিবার মালদায়। - স্বরূপ সাহা

স্মরণসভায় গরহাজির তৃণমূলের বড় নেতারা

কল্লোল মজুমদার ও জসিমুদ্দিন আহম্মদ
মালদা, ১২ জানুয়ারি : সন্ধ্যা নিহত বাবলা সরকারের স্মরণসভায় আসবে সূর্যত বস্ত্রী। এমনটাই দাবি ছিল নেতারা। তিনি আসেননি। পরিবর্তে তাঁর লিখিত বক্তব্য পড়ে শোনানো হল। গায়ের চান্দর দিয়ে চোখ ঢেকে বসেছিলেন চেতালি সরকার। এসেছিলেন রাজ্যের দুই তৃণমূল নেতা জয়প্রকাশ মজুমদার ও বৈশ্বানর চট্টোপাধ্যায়। যা নিয়ে রবিবার স্মরণসভার মাঠেই দলীয় কর্মীদের মধ্যে গুঞ্জন শোনা গিয়েছে, দলের শীর্ষ নেতৃত্বের কাছে জেলার নেতাদের গুরুত্ব কতটা সেটা এর থেকেই বোঝা যায়।

তিন ধ্বংস জেল হেপাজত
বাবলা খুনের তদন্ত প্রথম যে তিনজন প্রোগ্রামার হয়েছিল সেই টিম্বু ঘোষ, সাম্মী আখতার ও মহম্মদ আবদুল গনিমকে আর হেফাজতে নিল না পুলিশ। রবিবার তাদের মালদা জেলা আদালতে তোলা হয়। বিচারক ১৭ জানুয়ারি পর্যন্ত জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন।

ভারতীয় হাইকমিশনারকে তলব • পাকিস্তানিদের ভিসার শর্ত শিথিল ঢাকার

মর্গে পড়ে ৮ ভারতীয়ের দেহ

ঢাকা, ১২ জানুয়ারি : মুখে যতই মধুর সম্পর্কের কথা বলা হোক না কেন, ড. মুহাম্মদ ইউনুসের নেতৃত্বাধীন নতুন বাংলাদেশ কিন্তু ভারতকে বঁকা চোখেই দেখছে। দুই দেশের সীমান্তের ফাঁকা জায়গাগুলিতে কাঁটাতার বসানো নিয়ে এবার রীতিমতো ফেঁস করে উঠেছে। তাও আবার বিএসএফ-বিজিবির মধ্যে একপ্রস্থ স্ল্যাগ মিটিং হয়ে যাওয়ার পর। বাংলাদেশের অভিযোগ, বিএসএফ আন্তর্জাতিক আইন লঙ্ঘন করে অবৈধভাবে কাঁটাতারের বেড়া লাগাচ্ছে। এই অভিযোগে রবিবার ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় বর্মা'কে জরুরি তলব করে বাংলাদেশের বিদেশমন্ত্রক।

বিকাল তিনটেয় বাংলাদেশের বিদেশসচিব মো. জসিমউদ্দিনের সঙ্গে দেখা করেন প্রণয় বর্মা। 'বৈতর্কিক পরিস্থিতি বন্ধে', 'সীমান্তে চোরচালানা ও অবৈধ অনুপ্রবেশ মোকাবেলায় আলোচনা হয়েছে। উপরায় ধমনে এবং সীমান্ত নিরাপত্তায় দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর মধ্যে পারস্পরিক বোঝাপড়া থাকতে হবে। তাদের মধ্যে সহযোগিতার মনোভাব থাকবে প্রয়োজন।' এদিন সকালে

আশা করে নয়াদিহ্মি। এদিকে প্রণয় বর্মা'কে তলব করার মধ্যেই বিএসএফের বিরুদ্ধে সাতক্ষীরার লক্ষ্মীদাডি সীমান্তে নজরুল ইসলাম গাজি নামে এক চাষিকে চাষাবাদে বাধা দেওয়ার অভিযোগ ওঠে। এই নিয়ে বিজিবির এবং বিএসএফের মধ্যে স্ল্যাগ মিটিং হয়। রবিবার দুপুরে লক্ষ্মীদাডি সীমান্তে ৩ নং হেইন পিলায়ের ২ ও ৩ নম্বর সাব পিলায়ের মতো জিরো স্টেশনও উত্তেজনা নেই বলে জানিয়েছেন বিজিবির কর্তারা। এদিকে বাংলাদেশের বিভিন্ন হাসপাতালের মর্গে ভারতের ৮ জন এবং পাকিস্তানের ১ জন নাগরিকের দেহ ৬ মাসেরও বেশি সময় ধরে পড়ে রয়েছে। বাংলাদেশের দাবি, ভারত ও পাকিস্তানের হাইকমিশনারকে বারবার চিঠি দিয়েও কোনও লাভ হয়নি। কিন্তু তারা সেগুলি ফিরিয়ে নিচ্ছে না।

পুলিশি তদন্তে উঠে আসছে এক প্রিয় বন্ধুর নাম

আটদিন পর দেহ উদ্ধার গঙ্গায় সৌরভকুমার মিশ্র



হরিশ্চন্দ্রপুর, ১২ জানুয়ারি : আটদিন ধরে রহস্যজনকভাবে নির্খোঁজ ছিলেন। হরিশ্চন্দ্রপুর থানা এলাকায় বারদুয়ারির বাসিন্দা ইঞ্জিনিয়ারিং পড়ুয়া বছর কুড়ির দীপ্তি ভগতের পচা গলা মৃতদেহ উদ্ধার হল রবিবার জঙ্গিপুুরের ফরাকা ফিডার ক্যানালের শরকরপুর ঘাট থেকে। কি এমন হয়েছিল যে ফরাকায় ওই তরুণীকে নামতে হয়েছিল? মৃত্যু না আত্মহত্যা? সম্পর্কের টানাপোড়েন নাকি অন্য কোনও কারণ? উঠছে একাধিক প্রশ্ন।

পুলিশি ফাঁড়িতে সেগুলো জমা করেন। পুলিশের তদন্তে উঠে এসেছে, নিহত তরুণীর দাদুর বাড়ির দিকে পরিচিত মধুসূদন মাহাতো নামে এক তরুণের সঙ্গে বারবার ফোনে কথা বলত ওই ছাত্রী। যদিও এই কথা বলার বিষয় নিয়ে জানেন না পরিবারের লোক। শরকরপুর ঘাট এলাকার বাসিন্দা আবুল কালাম আজাদ বলেন, 'রবিবার সকালে এখানে এক তরুণীর মৃতদেহ পড়ে থাকতে দেখা যায়। আমরা চাই পুলিশ সঠিক তদন্ত করুক।' পরিবারের মেয়ের মৃত্যুর খবর পেয়ে দীপ্তির জেঠু গুরুচরণ ভগৎ রবিবার বলেন, 'আজ সকালে মেয়ের দেহ উদ্ধারের খবর জানতে পেরেছি। গত রবিবার দিন ট্রেন থেকে ওর মাকে জানিয়েছিল মালদায় টিফিন করবে এবং রামপুরহাটে গিয়ে তাত খাবে। কিন্তু কী ঘটনায় এভাবে তার মৃত্যু হল আমরা কিছুই বুঝতে পারছি না।' আমরা চাই পুলিশ সঠিক তদন্ত করুক।

ঘরে ফেরার পালা...



মেঘলা আকাশে কাকদের জমায়েত। রবিবার বালুরঘাটে ছবিটি তুলেছেন অভিজিৎ সরকার।

ম্যারাথনে অংশ নিলেন ভিনরাজ্যের অ্যাথলিটরা

সৌরভ ঘোষ

মালদা, ১২ জানুয়ারি : যুব দিবসে জেলা তৃণমূল আয়োজিত ম্যারাথনে দাপট দেখাল বহিরাগত অ্যাথলিটরা। যা দেখে অনেকেই মনে করছেন, জেলার অ্যাথলিটরা কিছুটা হলেও পিছিয়ে রয়েছে। প্রতিযোগীদের মধ্যে উভয় বিভাগে বিহার এবং উত্তরপ্রদেশের অ্যাথলিটদের উপস্থিতি ছিল নজরে পড়ার মতো। প্রায় ৩০০ জন প্রতিযোগী অংশ নেন।

বিহার ও উত্তরপ্রদেশ থেকে এসেছেন সঞ্জয় ও রাহুল। সঞ্জয়ের কথায়, 'বিহারে খেলাধুলাকে বেশি গুরুত্ব দেওয়া হয়। ছোট থেকে নিয়মিত শরীরচর্চা করতে হয়। এখানে এসে দেখে ভালো লাগছে যে, অন্য রাজ্য থেকে প্রতিযোগীরা আসছেন, দৌড়ে অংশগ্রহণ করছেন।' উত্তরপ্রদেশের রাহুল জানিয়েছেন, 'আমাদের রাজ্যে খেলাধুলার প্রতি অনেক বেশি দৃষ্টি দেওয়া হয়, যা অন্য রাজ্যের ক্ষেত্রে দৃষ্টান্ত হয়ে উঠতে পারে।'

আজকের এই ম্যারাথন প্রসঙ্গে আয়োজক তথা মালদা জেলা তৃণমূল যুব সভাপতি বিশ্বজিৎ মণ্ডল বলেন, 'স্বামীজি সমগ্র বিশ্বের আদর্শ। উত্তরপ্রদেশ ও বিহার ভারতীয় ভূখণ্ডেরই অংশ। বাংলার তুলনায় অন্য রাজ্যে খেলাধুলার প্রতি আগ্রহ অনেক বেশি। তবে আমরা আশাবাদী যে, এই ধরনের আয়োজনে নতুন নতুন উৎসাহ সৃষ্টি হবে এবং বাংলার যুবসমাজ খেলাধুলার ক্ষেত্রে আরও উৎসাহী হবে।'

নানা পদে নারায়ণ সেবা

বালুরঘাট, ১২ জানুয়ারি : চিনি, আতপ চালের ভাত, ফুলকপির রসা, চাটনি, পায়েস সহ একাধিক পদে নরনারায়ণ সেবা আয়োজিত হল বালুরঘাটে। শহরের সাহেব কাছারি এলাকার আমরা ক'জন সংস্থার উদ্যোগে রবিবার দুপুরে দুঃস্থদের জন্য সেবার আয়োজন করা হয়। যেখানে পার্শ্ববর্তী খিদিরপুর, ভটিপাড়া, ভাঙ্গি সহ বিস্তীর্ণ এলাকার প্রচুর মানুষ জমায়েত হয়েছিলেন। এদিনের মধ্যাহ্নভোজে দুঃস্থরা নানারকম পদের সমারোহে মেতে উঠেছিলেন।

পেনশনার্স সম্মেলন

বালুরঘাট, ১২ জানুয়ারি : নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন পেনশনার্স অ্যাসোসিয়েশনের বালুরঘাট ডিপো শাখার অষ্টম বর্ষ সম্মেলন আয়োজিত হল রবিবার। এদিন স্টেট বাসস্ট্যান্ড সংলগ্ন শ্রমিক কৃষক ভবনে এই সম্মেলনে একাধিক দাবি তুলে ধরেন উপস্থিত নেতৃদ্বয়। বালুরঘাট থেকে সকালে শিলিগুড়ি, কোচবিহার কিংবা কলকাতায় পৌঁছানোর কোনও সরকারি বাস পরিষেবা নেই। অবিলম্বে এইসব রুটে মালদার স্বার্থে রাতে বাস চালু করার দাবি জানানো হয়েছে। সংস্থাকে বেসরকারিকরণ করা চলবে না, এমন দাবিতে সোচ্চার হয়েছেন সকলে।

শীতবস্ত্র বিলি

বালুরঘাট, ১২ জানুয়ারি : হিউমান হেল্প গ্রুপের উদ্যোগে বালুরঘাটের চকভূত পর্ষদের মাঠে ৬৫ জনের হাতে শীতের কলহ তুলে দেওয়া হয়েছে। যেখানে ময়ামারি, চামটা, কুয়ারণ, দোগাছি, মামান, গঙ্গাসাগর, নলতাহার সহ একাধিক এলাকার দুঃস্থরা উপস্থিত হয়েছিলেন। বিজেপি টাউন অফিসে দুঃস্থদের শীতবস্ত্র বিলি করা হয়েছে।

স্যালাইন কাণ্ডে পথে বাম যুব

ডালখোলা, ১২ জানুয়ারি : ভেজাল স্যালাইন নিয়ে তোলপাড় রাজ্য। এর প্রতিবাদে রবিবার ডিওয়াইএফআই এবং এসএফআই এদিন সকাল আটটায় ডালখোলার মিঠাপুর সেতু সংলগ্ন রাস্তা অবরোধ করে। কর্মসূচিতে ছিলেন ডিওয়াইএফআইয়ের জেলা সম্পাদক ইঞ্জিৎ বর্মন এবং জেলা সম্পাদকমণ্ডলীর সদস্য শুভঙ্কর দে, এসএফআইয়ের জেলা সভাপতি নূর আলম প্রমুখ। কর্মী-সমর্থকরা প্রসূতি মৃত্যুর ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের দাবি তোলার পাশাপাশি গ্র্যাক লিস্ট করা স্যালাইন কীভাবে পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি স্বাস্থ্যকেন্দ্রে ব্যবহার করা হচ্ছে, সে নিয়েও প্রশ্ন তোলেন।

২ মদ্যপ গ্রেপ্তার

কুমারগঞ্জ, ১২ জানুয়ারি : নেশাগ্রস্ত হতে এলাকায় অশান্তি সৃষ্টি করার অভিযোগে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করল কুমারগঞ্জ থানার পুলিশ। বাড়ি থানা থেকে সামান্য দূরে।

আজ টিভিতে



শিলাডি বিকেল ৪.০০ কালার্স বাংলা সিনেমা




চিনে বাদাম রাত ১২.০০ জি বাংলা সিনেমা




কুমারগঞ্জ, ১২ জানুয়ারি : নেশাগ্রস্ত হতে এলাকায় অশান্তি সৃষ্টি করার অভিযোগে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করল কুমারগঞ্জ থানার পুলিশ। বাড়ি থানা থেকে সামান্য দূরে।



কুমারগঞ্জ, ১২ জানুয়ারি : নেশাগ্রস্ত হতে এলাকায় অশান্তি সৃষ্টি করার অভিযোগে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করল কুমারগঞ্জ থানার পুলিশ। বাড়ি থানা থেকে সামান্য দূরে।



কুমারগঞ্জ, ১২ জানুয়ারি : নেশাগ্রস্ত হতে এলাকায় অশান্তি সৃষ্টি করার অভিযোগে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করল কুমারগঞ্জ থানার পুলিশ। বাড়ি থানা থেকে সামান্য দূরে।



কুমারগঞ্জ, ১২ জানুয়ারি : নেশাগ্রস্ত হতে এলাকায় অশান্তি সৃষ্টি করার অভিযোগে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করল কুমারগঞ্জ থানার পুলিশ। বাড়ি থানা থেকে সামান্য দূরে।



কুমারগঞ্জ, ১২ জানুয়ারি : নেশাগ্রস্ত হতে এলাকায় অশান্তি সৃষ্টি করার অভিযোগে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করল কুমারগঞ্জ থানার পুলিশ। বাড়ি থানা থেকে সামান্য দূরে।



কুমারগঞ্জ, ১২ জানুয়ারি : নেশাগ্রস্ত হতে এলাকায় অশান্তি সৃষ্টি করার অভিযোগে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করল কুমারগঞ্জ থানার পুলিশ। বাড়ি থানা থেকে সামান্য দূরে।

আজকের দিনটি

শ্রীদেবচাঁদ ৯৪০৪৩১৭৩৯১

মেঘ : ব্যবসায় অর্থগণ হলেও অপ্রয়োজনীয় ব্যয় হতে প্রচুর। সন্তানের মেধার বিকাশ লক্ষ্য করে তৃপ্তি। বৃষ : বন্ধুর সঙ্গে সামান্য তর্কবিতর্ক থেকে তীব্র বিবাদ হতে পারে। বাকসংঘম জরুরি। মায়ের সঙ্গে ভ্রমণে আনন্দ। মিত্রন : অহেতুক কাউকে উপদেশ দিতে যাবেন না। সংগীতে সাফল্য মিলবে। বাবার সঙ্গে মতানৈক্য।

কর্কট : কারও সুপারামর্মে আইনি সুবিধা পাবেন। দূরের কোনও বন্ধুর সহায়তায় সাফল্য মিলবে। কন্যা : হৃদরোগীরা আজ সামান্য সমস্যাতোও চিকিৎসকের পরামর্শ নিন। কর্মক্ষেত্রে খ্যাতি বাড়বে। তুলা : অহেতুক অর্থব্যয়। অতি আবেগে অর্থনৈতিক ক্ষতি। মায়ের স্বাস্থ্য নিয়ে দুশ্চিন্তার অবসান। বৃশ্চিক : শত্রুকে পরাস্ত করে তৃপ্তি। স্ত্রীর সঙ্গে সামান্য ব্যাপারে কথা কাটাকাটি। ধনু : বাবার পরামর্শ নিয়ে ব্যবসার জটিলতা কাটতে পারবেন। কন্যার প্রতিভার স্বীকৃতি মেলায় সন্তি। মকর : আজ মেজাজ হারাবেন না। কোনও স্বপ্নপূরণ। কুম্ভ : পুরোনো কোনও সম্পদ কিনে লাভবান হবেন। বাড়ি সংস্কারে ব্যয় বাড়বে। মীন : ক্রীড়া ও অভিনয় জগতের ব্যক্তিগণ নতুন সুযোগ পেতে পারেন। স্ত্রীর ভাগ্যে প্রচুর অর্থলাভ।

দিনপঞ্জি

শ্রীমদনগুপ্তের ফুলপঞ্জিকা মতে আজ ২৮ পৌষ, ১৪৩০, ভাঃ ২৩

মাঝরাতে চাঞ্চল্য, উধাও তরুণী

প্রেমিকাকে নিয়ে পালানোয় গণধোলাই

সুবীর মহন্ত ও রূপক সরকার

বালুরঘাট, ১২ জানুয়ারি : ভালোবাসার টান। আর সেই টানে প্রেমিকাকে পালিয়ে নিয়ে যেতে মাঝরাতেই তাঁর বাড়িতে হাজির হয় প্রেমিক। প্রেমিকাকে তুলে নিয়ে যেতে এসেই ধরা পড়ে যায় তরুণ। তাকে প্রথমে মারধর করা হয়। পরে বেঁচে রেখে পুলিশে খবর দেওয়া হলে পুলিশ সেখানে পৌঁছালে ওই তরুণকে তাদের হাতে তুলে দেওয়া হয়। এদিকে সকালে অভিযোগ দায়ের করতে থানায় চলে যায় মেয়ের বাড়ির লোক। ফিরে এসে দেখে মেয়ে ফুডুত। রবিবারের ঘটনা পুরসভার ৩ নম্বর ওয়ার্ডে। এবার মেয়ের নামে নিখোঁজ অভিযোগ দায়ের করতে ফের থানায় ছোটে বাবা। প্রেমিক পুলিশি হেপাজতে থাকার পর প্রেমিকা কার সঙ্গে পালাল, তা নিয়ে উঠছে প্রশ্ন। ধৃত ওই তরুণের বাড়ি বালুরঘাটের চকবাথরে। নিখোঁজ প্রেমিকা দশমের ছাত্রী। দীর্ঘদিন ধরেই তাদের মধ্যে প্রেমের সম্পর্ক রয়েছে।

ঘটনাক্রম

- প্রেমিকাকে নিয়ে পালাতে গিয়ে ধরা পড়ে যায় তরুণ
- সকালে অভিযোগ দায়ের করতে থানায় চলে যায় মেয়ের বাড়ির লোক
- ফিরে এসে দেখে মেয়ে ফুডুত। এবার মেয়ের নামে নিখোঁজ অভিযোগ দায়ের করতে থানায় বাবা

আমার মেয়েকে গতকাল জোর করে তুলে নিয়ে যাওয়ার চেষ্টা করছিল ওই তরুণ। তাকে আটকে রাখার পর বালুরঘাট থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে।

আমার মেয়েকে গতকাল জোর করে তুলে নিয়ে যাওয়ার চেষ্টা করছিল ওই তরুণ। তাকে আটকে রাখার পর বালুরঘাট থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। সকালে থানায় অভিযোগ করতে আসি। থানা থেকে বাড়ি যাওয়ার কিছুক্ষণের মধ্যেই আমার নাভালিকা মেয়ে ফের গায়েব হয়ে যায়। অনুমান ওই তরুণের সঙ্গীরা মেয়েকে তুলে নিয়ে গেছে। এনিরে ফের থানায় অভিযোগ দায়ের করেছি। এখনও মেয়ের খোঁজ পাইনি। ডিএসপি (সদর) বিক্রম প্রসাদ বলেন, অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। পুরো ঘটনাক্রম ভিত্তিতে দেখা হচ্ছে।

নাভালিকার বাবা

করছিল ওই তরুণ। তাকে আটকে রাখার পর বালুরঘাট থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। সকালে থানায় অভিযোগ করতে আসি। থানা থেকে বাড়ি যাওয়ার কিছুক্ষণের মধ্যেই আমার নাভালিকা মেয়ে ফের গায়েব হয়ে যায়। অনুমান ওই তরুণের সঙ্গীরা মেয়েকে তুলে নিয়ে গেছে। এনিরে ফের থানায় অভিযোগ দায়ের করেছি। এখনও মেয়ের খোঁজ পাইনি। ডিএসপি (সদর) বিক্রম প্রসাদ বলেন, অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। পুরো ঘটনাক্রম ভিত্তিতে দেখা হচ্ছে।

রেশম চাষ নিয়ে আলোচনা সভা

কালিয়াচক, ১২ জানুয়ারি : কালিয়াচক কোকুন মার্কেটে রবিবার দুপুরে রেশম চাষ ও পলু পোকের ডিম উৎপাদন নিয়ে একটি গুরুত্বপূর্ণ আলোচনা সভা হয়ে গেল। উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিন, মালদা রেশম দপ্তরের উপঅধিকর্তা সুরজিৎ চৌধুরী, কালিয়াচক থার অফিসের ভারপ্রাপ্ত আধিকারিক সর্মীণ বন্দ্যোপাধ্যায়, আশিস দাস, সুজাপুর রেশম অফিসের আধিকারিক উয়রকুমার দাস প্রমুখ।

মালদা জেলা তথা কালিয়াচকের রেশমশিল্পকে উজ্জীবিত করতে রাজ্য সরকার বেশ কিছু প্রকল্প গ্রহণ করেছে। এই প্রকল্পগুলির সুফল পাওয়া যাচ্ছে বলে আধিকারিকরা দাবি করেন। আলোচনা সভায় কালিয়াচকের রেশমশিল্পকে আরও প্রসারের ওপর গুরুত্ব আরোপ করা হয়। অনেক চাষি রেশমের দাম না পেয়ে রেশম চাষ থেকে মুখ ফিরিয়ে নিয়েছেন। অনেক এলাকায় তুঁত পাতার জমিতে লিচুর গাছ চাষ করা হচ্ছে। গত অত্রান মাসে রেশমগুটির উৎপাদন সবথেকে ভালো হয়েছে চাচলে। সবেদি ২৪ হাজার টাকা মণ দরে তারা রেশমগুটি বিক্রি করেছেন। কালিয়াচকের চাষিরা যাতে আরও ভালো রেশমকুয়া বা রেশমগুটি উৎপাদন করতে পারে সেই বিষয় নিয়ে দীর্ঘ আলোচনা করা হয়। পাশাপাশি তুঁত জমিতে ভালো মানের পাতা উৎপাদন করার জন্য রাসায়নিক সারের ব্যবহার কমিয়ে জমিতে পুকুরের মাটি অথবা গোবর দেওয়ার পরামর্শ দেওয়া হয়। মন্ত্রী সাবিনা ইয়াসমিন বলেন, 'রেশমশিল্প বাঁচাতে বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। মালদা জেলার ঐতিহ্য রেশমশিল্প। রেশমশিল্পের পুনরুদ্ধারের সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর সঙ্গে আমি মাঝেমাঝেই আলোচনায় বসে থাকি।'

মন্ত্রী জানান, চাষিরা জানিয়েছেন সরকারি সহযোগিতায় রেশম চাষ করে তারা সুফল পাচ্ছেন। এটা অত্যন্ত ভালো দিক। আম ও রেশম মালদার গর্ব। এই গর্ব যেন আমরা ধরে রাখতে পারি। তার চেষ্টা করা হচ্ছে। রেশমশিল্প ঘুরে দাঁড়াই চাই।

বর্ণাঢ্য শোভাযাত্রা

বালুরঘাট, ১২ জানুয়ারি : ক্লাবের ৭৫তম বর্ষপূর্তি উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করল বালুরঘাটের চকভূত বিবেকানন্দ ক্লাব। যেখানে আদিবাসীদের নৃত্য নজর কেড়েছে শহরবাসীরা। পাশাপাশি, ব্যান্ডের শিশুরা রাস্তার উপরে দাঁড়িয়ে নানা কার্যকলাপে পঞ্চাশটি মানুষদের মুগ্ধ করেছে।

ভাড়া
বাড়ি ভাড়া আলিপুরদুয়ার মধ্যপাড়া 3BHK. Attach Bath, Near জামাই দোকান। 8918612289. (C/114339)

হারানো/প্রাপ্তি
আমি নির্মলেন্দু কর, পিতা নিহার রঞ্জন কর, রবীন্দ্রনগর, আলিপুরদুয়ার নিবাসী। আমার OBC সার্টিফিকেট নং 839/APD-1/OBC হারিয়ে গেছে। কেউ পেলে যোগাযোগ করুন 8016761205 এই নম্বরে। (C/113749)

আমি নেহা পণ্ডিত, পিতাঃ নিরঞ্জন পণ্ডিত, আমার OBC সার্টিফিকেট (No WB2001OBC201604775) হারিয়ে গেছে। কেউ পেলে যোগাযোগ করুন - 6296749645. (C/113750)

কর্মখালি
স্টার হোটেল অনুষ্ঠ 30 ছেলেরা নিশ্চিত কেরিয়ার তৈরি করুন। আয় 10-18000/- টাকা, ষাওয়া ফ্রি। 9434495134. (C/114318)

20 Male Staff Needed at Book Shop Near Cosmos Mall, Ph : 6294171939. (K)

Anandaloke Sonoscan শিলিগুড়ির জন্য Ward Boy প্রয়োজন। বেতন- 8000/-, Call 8116610703. (C/114341)

Job Opportunity : Counseling Office, Siliguri seeks qualified Staff. If you're fluent in Bengali, Nepali and English, please submit your CV within 10 days. Mail- nscbie.purulia@gmail.com Contact - 9832631956. (C/114240)

অ্যাকাউন্ট প্রয়োজন, আস্থা এপ্রি জেনেটিক্স (তৃণাঙ্গনগঞ্জ) নুনতন ও বছরের অভিজ্ঞতা থাকা প্রয়োজন (বি. কম অগ্রাধিকার পাবে) বেতন- আলোচনাসাপেক্ষ। যোগাযোগ- মোঃ 9614172314, ই-মেইল : hr@asthaagri.com *বি.ই. : Gst এবং Income Tax-এর জ্ঞান থাকা প্রয়োজন। (D/S)

একজন কর্মদক্ষ, পড়াশোনা জানা, সর্বমুখের জন্য মহিলা কর্মী চাই, বয়স ২৫-৩৫ এর মধ্যে হতে হবে, একজন মাত্র বিশিষ্ট সুস্থ ব্যক্তির, সর্বমুখের জন্য ব্যক্তিগত কাজকর্ম দেখাশোনার জন্য (রামা বাদে), মাসিক বেতন- ১৫ হাজার, সস্তর যোগাযোগ- 9002004418। এই মোবাইল নম্বরে হোয়াটসঅপ করে, ফোটা এবং বায়োটাটা পাঠাতে হবে, কর্মস্থান শিলিগুড়ি সেক্টর রোড।

অ্যাকিডেভিট
আমার ড্রাইভিং লাইসেন্স নং- WB 7320100285590-তে আমার নাম এবং পদবি ভুল থাকায় গত 10/1/25 তারিখে শিলিগুড়ি কোর্টে অ্যাকিডেভিট বলে Sridam Paul এবং Shri Dam Paul এক এবং অন্নিম ব্যক্তি হিসেবে পরিচিত হল। পূর্ব ধনতলা, ডাবগ্রাম (P), স্টোলাইট টাউনশিপ, জলপাইগুড়ি, 734015. (C/114454)

আমার নাম ড্রাইভিং লাইসেন্সে ভুলবশত Hareh Kumar Mahato করা হয়েছে। গত ২৬/৯/২৪ 1st ক্লাস J.M. শিলিগুড়ি অ্যাকিডেভিট বলে Hareh Mahato হল। এই দুটো নাম এক ও অন্নিম ব্যক্তির। (C/114458)

বিজ্ঞাপন

285, 780 & 480 Sqft Shop for Sale, Iskon Road, Siliguri, 8670572035. (C/113379)

এক হোয়াটসঅপাই

জমিদানে অথবা বিবাহবাধিকীতে শুভেচ্ছা জানাতে, হু জামাই অথবা পুত্রবধু বৃত্তে, চাকরির খোঁজ পেতে অথবা শ্রমপত্রের জন্য প্রার্থী বৃত্তে, কখনও বা হারিয়ে যাওয়া প্রিয়জনকে খুঁজে পেতে বিজ্ঞাপন দেওয়ার প্রয়োজন হয়। আর বিজ্ঞাপন দেওয়ার জন্য উত্তরবঙ্গের বাসিন্দাদের একমাত্র পছন্দ উত্তরবঙ্গ সংবাদ। আমরা সেই বিজ্ঞাপন দেওয়ার পথ অনেক সহজ করে দিচ্ছি।

আপনাকে আসতে হবে না। শুধু আপনি যেমন ভাষায় বিজ্ঞাপন দিতে চান লিখে পাঠিয়ে দিন আমাদের হোয়াটসঅপ নম্বরে। আমাদের প্রতিনিধি যোগাযোগ করবেন আপনার সঙ্গে।

ভেবে দেখুন, আমাদের কাছে একটি হোয়াটসঅপ মেসেজ পাঠিয়ে আপনি কত সহজে কত লক্ষ মানুষের কাছে পৌঁছে যেতে পারবেন।

হোয়াটসঅপ অথবা মেসেজ করুন
৯০৬৪৮৪৯০৯৬
এই নম্বরে

উত্তরবঙ্গের আঞ্চলিক

উত্তরবঙ্গ সংবাদ

ALLEN

THE CLEAR LEADER

IIT-JEE, AIIMS, NEET (UG) & OLYMPIADS

EVERY 4TH SUCCESS STORY
IS POWERED BY ALLEN

IITs

4425

ALLENites out of
17692 seats in 2024

AIIMS (MBBS)

660

ALLENites out of 2207
seats in 2024

NEET (UG)

6570

ALLENites in Top 25000
All India Rank in 2024

OLYMPIADS

939

out of
3704Selections in Indian
National Olympiads 2025

45 AIR in Top 100-JEE (Adv.) 2024 | 39 AIR in Top 100-NEET (UG) 2024

AIR# 1

Nilkrishna
2-Year classroom
student

AIR# 1

Divyansh
Jitender
2-Year classroom
student

AIR# 1

Tajjas Singh
2-Year classroom
student

AIR# 1

Mazin
Mansoor
2-Year classroom
student

AIR# 1

Prachita
2-Year classroom
student

AIR# 1

Ved Lahoti
7-Year classroom
student

AIR# 1

Neha K. Mane
1-Year classroom
student

ALLEN SILIGURI :
RESULTS
THAT MATTER,
CARE THAT
COUNTS



AIR 289

STATE TOPPER (OTHER)

PEEHU AGRAWAL
NEET (UG) 2024
1 Year Classroom Student
MBBS-KGMU, LUCKNOW

AIR 26030

STATE TOPPER (SIKKIM)

DIWASH SHARMA
NEET (UG) 2024
1 Year Classroom Student
MBBS-NEIGRIHMS, SHILLONG

AIR 279

WEST BENGAL TOPPER

IRRADRI BASU KHAUND
JEE ADV. 2024
2 Years Classroom Student
IIT DELHI, B. TECH (M & C)AIR 1^{ST-PWD}
CATEGORYSANGYE NORPHEL
SHERPA
JEE ADV. 2024
1 Year Classroom Student
IIT BOMBAY, B. TECH (CSE)

ADMISSIONS OPEN SESSION 2025-26

Appear in ASAT on **19 JAN. 2025**

GET UP TO **90% SCHOLARSHIP***

Last chance to get

SPECIAL FEE BENEFIT*
till **20 JAN. 2025**

*Subject to the scholarship rules and the T&Cs.

SCAN TO REGISTER



NURTURE COURSE

Class 10th to 11th Moving Students
JEE (Main+Adv) 2027 : 3 April 2025
NEET (UG) 2027 : 3 April 2025

ENTHUSIAST COURSE

Class 11th to 12th Moving Students
JEE (Main+Adv) 2026 : 25 March 2025
NEET (UG) 2026 : 25 March 2025

PRE-NURTURE & CAREER FOUNDATION (PNCF)

Class 7 to 10 :
3 April 2025

ALLEN SILIGURI CENTER

+91-9513784242 | allen.ac.in/siliguri

ALLEN KOTA CENTER

0744-3556677, 2757575 | allen.ac.in



ছেলের জন্য একটি বাঁশ নিতেই হবে। রবিবার রায়গঞ্জের ঘড়ি মোড়ে। - দিবাকর সাহা

পুলিশের তৎপরতায় ঘরে ফিরলেন নিখোঁজ হাসিনা

সামশেরগঞ্জ, ১২ জানুয়ারি : পথ হারিয়ে কোনওভাবে ধূলিয়ান চলে গিয়েছিলেন। পুলিশের তৎপরতায় মহিলা বাড়ি ফিরলেন। বৃহৎপতিবার পথ হারিয়ে ফেলেছিলেন হরিরামপুরের বাসিন্দা হাসিনা বিবি। চলে গিয়েছিলেন ধূলিয়ান। পরিবারের সদস্যরা খোঁজাখুঁজি করেন। না পেয়ে তারা পুলিশের দ্বারস্থ হন।

বাড়ি বদলালেও স্কুলমুখী হয়নি পড়ুয়ারা

হেমতাবাদ, ১২ জানুয়ারি : একমাত্র শ্রেণিকক্ষের বেহাল অবস্থার জেরে অন্য স্কুলে পঠনপাঠনের ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু তাতেও সমস্যার কোনও সুরাহা হয়নি। হেমতাবাদ রকের বাংলাদেশ সীমান্তবর্তী দক্ষিণ মালন অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের পড়ুয়ারা এখনও স্কুলমুখী নয়। শীতের সকালে মাড়ি টুপি পরে খুঁদেদের স্কুলের আসার ছবিটা কার্যত উখাল।

আশার আলো বুনিয়াদপুরে পূর্ণাঙ্গ পরিবহন অফিস চালুর আশ্বাস বিপ্লবের

অনুপ মণ্ডল বুনিয়াদপুর মহকুমার প্রত্যন্ত এলাকা ১০০ থেকে ১৫০ কিলোমিটার দূর থেকে বালুরঘাট আরটিও অফিসে গিয়ে কাজ করতে হত মহকুমার যানবাহন মালিক ও ড্রাইভিং লাইসেন্সধারীদের। মহকুমাবাসীর দীর্ঘদিনের দাবি ছিল বুনিয়াদপুরে আডিশনাল রিজিওনাল ট্রান্সপোর্ট অফিস স্থাপন করার। দীর্ঘ টায়ারবাহনার পর ২০২৩ সালের এপ্রিল মাসে বুনিয়াদপুরে এসডিও অফিসের পিছনের ভবনে সপ্তাহে একদিন বৃথকার করে বালুরঘাট অফিস থেকে দুইজন এসে কাজ চালু করে। শুধুমাত্র ড্রাইভিং লাইসেন্স ও ফিটনেসের কাজ হত। তাও আবার নামকে ওয়াসে। এই দুটি কাজের সরকারি ফিসের টাকা জমা দিতে বুনিয়াদপুরের বদলে বালুরঘাটে যেতে হত। বহু প্রতীক্ষার পর ২০২৫ সালের শুরুতেই মন্ত্রী বিপ্লব মিত্রের চেষ্টায় তা রূপায়িত হওয়ার পথে বলে এমনটাই ইঙ্গিত পাওয়া গিয়েছে। সমাজমাধ্যমে সেই তথ্য সামনে আসতেই খুশি গঙ্গারামপুর মহকুমাবাসী সব ব্যবসায়ী মহল।

২০ বছর পর পরিত্যক্ত বিদ্যালয়ে পড়াশোনা শুরু

রায়গঞ্জ, ১২ জানুয়ারি : রায়গঞ্জ রকের বীরঘই পঞ্চায়তের জয়নগর জুনিয়ার বৈষ্ণবচন্দ্র মদনমোহন বিদ্যালয়টিতে ২০ বছর পর পঠনপাঠন শুরু হচ্ছে। ইতিমধ্যে পরিত্যক্ত বিদ্যালয়টি সুন্দরভাবে সাজিয়ে তোলা হচ্ছে। পঞ্চম থেকে অষ্টম শ্রেণির পড়ুয়াদের ভর্তি নেওয়া শুরু হয়েছে। স্কুল চালু হওয়ার খবরে খুশির হাওয়া চারিদিকে। গ্রামের মানুষ ছেলেমেয়েদের ভর্তির জন্যে স্কুলে এসে যোগাযোগ করছেন। স্কুলে গিয়ে দেখা গেল, একজন শিক্ষক ভর্তি নিচ্ছেন। স্থানীয় বাসিন্দাদের দাবি মেনে এলাকার বেশ কিছু মানুষ ১৯৮৪ সালে এই স্কুলটি গড়ে তোলেন। গ্রামের ছেলেমেয়েরা বাইরে না গিয়ে গ্রামের এই স্কুলে পঠনপাঠন শুরু করে। যদিও মধ্যশিক্ষা পর্যায়ের কোনও অনুমোদন ছিল না। অনুমোদনের আশায় শিক্ষকরা স্বৈচ্ছামত দিয়ে স্কুলে পঠনপাঠন চালিয়ে যেতে থাকেন। এরপর ২০০০ সালে মধ্যশিক্ষা

পারলালপুরে শিয়ালের আক্রমণে জখম দুই

বৈষ্ণবনগর, ১২ জানুয়ারি : শিয়ালের আক্রমণে ২ জন জখম হতেই উত্তেজিত গ্রামবাসী পিটিয়ে মারার চেষ্টা করে শিয়ালটিকে। এতে গ্রামবাসীরা উত্তস্রস্ত হয়ে লাঠিসোটা নিয়ে শিয়ালটিকে তাড়া করেন। রবিবার ভরসন্ধ্যায় পারলালপুরে এই ঘটনার পর চর এলাকা সহ পার্শ্ববর্তী পাড়াগুলোতে আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয়। জখম দুইজনকে নৌকা করে ধূলিয়ানে বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তাদের নাম শামিম হোসেন (৬৬) এবং ফরহাদ শেখ (৫৯)। এদিন সন্ধ্যা নাগাদ কালিয়াচক-৩ রকের পারলালপুর শোভাপুর পঞ্চায়তের পোস্ট অফিস পাড়ায় টুকে পড়ে একটি শিয়াল। বাড়ির উঠানে বসেছিলেন এক বয়স্ক ব্যক্তি। তাঁর উপরে চড়াও হয় শিয়ালটি। দাঁত ও নখ দিয়ে ওই বৃদ্ধের মুখ ও শরীরের অন্য অংশ ক্ষতবিক্ষত করে দেয়। বৃদ্ধের চিৎকার শুনে বাড়ির লোকজন ছুটে এলে মুহূর্তের মধ্যে পাশের বাড়িতে টুকে পড়ে শিয়ালটি। সেখানেও আঁচড়ে কামড়ে জখম করে আরও একজনকে। তাদের আর্ন্ত চিকিৎকার শুনে ছুটে আসেন গ্রামবাসীরা। স্থানীয় হামিদুর রহমান বলেন, 'সন্ধ্যে নাগাদ হঠাৎই পারলালপুর শোভাপুর পঞ্চায়তের পোস্ট অফিস পাড়ায় পরপর দু'জনকে আঁচড়ে কামড়ে জখম করে শিয়ালটি। এতে গ্রামবাসীরা ভয় পেয়ে লাঠিসোটা নিয়ে শিয়ালটিকে তাড়া করে। শেষপর্যন্ত খোঁজাখুঁজি করে শিয়ালটিকে আর পাওয়া যায়নি।'

চায়ের দোকানে মদ বিক্রিতে ধৃত

হেমতাবাদ, ১২ জানুয়ারি : চায়ের দোকানের আড়ালে মদ বিক্রির অভিযোগে একজনকে গ্রেপ্তার করল হেমতাবাদ থানার পুলিশ। ধৃতের নাম মিঠুন দত্ত (৩৩), বাড়ি হেমতাবাদ থানার বাঙালবাড়ি এলাকায়। অভিযুক্তের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সহিষ্ঠা আইনের নিদিষ্ট ধারায় মামলা রুজু করেছে পুলিশ। রবিবার বিকালে অভিযুক্তকে রায়গঞ্জ মুখা বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালতে তোলা হলে বিচারক শর্তসাপেক্ষে জামিন দেন। শনিবার রাতে গোপন সূত্রে খবর পেয়ে চায়ের দোকানে হানা দেয় হেমতাবাদ থানার পুলিশ। হানা দিয়ে বিপুল পরিমাণ মদিশি ও বিদেশি মদ বাজেয়াপ্ত করে। এরপর অভিযুক্তকে হেমতাবাদ থানায় নিয়ে আসে পুলিশ। এদিন অভিযুক্তকে রায়গঞ্জ জেলা আদালতে পেশ করা হয়।

বাড়ির পাশে গাছে দেহ

কালিয়াগঞ্জ, ১২ জানুয়ারি : প্রতিদিনের মতো শনিবারও শীতের রাতে খাওয়ানোয় করে ঘরে ঘুমতে গিয়েছিল বাড়ির সবাই। সকালে ঘুম থেকে উঠে বাড়ির পাশে একটি গাছে ছেলের মৃতদেহ দেখে শোকাচ্ছন্ন হয়ে পড়ে সরকার পরিবার। রবিবার সকালে ঘটনাটি ঘটে কালিয়াগঞ্জের মধ্য কুনের এলাকায়। মৃত তরুণের নাম সুব্রত সরকার (২৩)। বাড়ি মোস্তাফিজনগর অঞ্চলের মধ্য কুনের এলাকায়। খবর পেয়ে কালিয়াগঞ্জ থানার পুলিশ দেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য রায়গঞ্জ মেডিকেল গៅরায়। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা দায়ের করে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

সাতদিন পর অভিযোগ

কুমারগঞ্জ, ১২ জানুয়ারি : পতিতার দক্ষিণপাড়া এলাকার বাসিন্দা মোবারক মণ্ডল, স্ত্রী মজিদা খাতুন বিবিকে নিয়ে গত ৫ জানুয়ারি দুপুর সাড়ে বারোটার দিকে নিজের টোটেতে বরাহার থেকে পতিরাম ফেরার পথে দুর্ঘটনার শিকার হন। ঘটনার সাতদিন পর রবিবার মোবারক মণ্ডল কুমারগঞ্জ থানায় বাসটির নম্বর উল্লেখ করে অভিযোগ দায়ের করেন। ঘটনার দিন পিছনদিক থেকে দ্রুতগতিতে আসা একটি বাস মোবারক মণ্ডলের টোটেতে ধাক্কা মারে। এতে তিনি সামান্য আহত হলেও তাঁর স্ত্রী রাস্মায় ছিটকে পড়ে গুরুতর আহত হন। স্থানীয়দের সহযোগিতায় মজিদাকে বালুরঘাট হাসপাতালে ভর্তি করা হয়। পরবর্তীতে অবস্থার অবনতি হওয়ায় তাকে রায়গঞ্জ স্থানান্তর করা হয়। বর্তমানে তিনি সেখানেই চিকিৎসাধীন রয়েছেন। অভিযোগের ভিত্তিতে কুমারগঞ্জ থানার পুলিশ তদন্ত শুরু করেছে।

দুঃস্থদের মধ্যাহ্নভোজন

পতিরাম, ১২ জানুয়ারি : বাবার স্মৃতিতে রবিবার দুঃস্থদের পেটপূরে খাওয়ানো হলো। দুপুরের খাবারের মেনুতে ছিল ভাত, পাটভাজা, ছোট মাছের চচ্চড়ি, মুড়িঘণ্ট, মুগের ডাল, রুই ও পাবনা মাছ, চটনি, দুই এবং মিষ্টি। কামালপুর এলাকার বাসিন্দা পঞ্চানন মণ্ডল (৭২)। ডিসেম্বর মাসের শেষের দিকে কিডনির অসুখে তিনি মারা যান। তাঁর স্মৃতিতে সম্মান জানিয়ে ছেলে শুভম মণ্ডল এদিন বাইচা ডিস্ট্রিক্ট মিশনে থাকা একশো দুঃস্থ মানুষের খাবারের আয়োজন করেন। বিশেষ এই উদ্যোগে খুশি সকলে।

শীতবস্ত্র বিলি

রায়গঞ্জ, ১২ জানুয়ারি : অখিল ভূজন বিদ্যার্থী প্রতিষ্ঠানের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ করা হল রবিবার। এদিন বিকেলে শহরের সুপারমার্কেটের কেসরকারি ভবনে এই কর্মসূচি পালিত হয়। সংগঠনের তরফে অরিদম প্রাথমিক বিদ্যালয়, 'স্মৃতি বিবেকানন্দের জন্মদিন উপলক্ষে' এই কর্মসূচি গৃহীত হয়েছে।

অনলাইন ডেলিভারির নামে প্রতারণা ৫০০ টাকার প্যাকেটে গোলাপি সাবান জল

দীপঙ্কর মিত্র

রায়গঞ্জ, ১২ জানুয়ারি : অনলাইন ডেলিভারির নামে প্রতারণার শিকার জেলা বাস মিনিবাস ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক প্লাবন প্রামাণিক। শনিবার রাতে তিনি যখন শ্রমিক ইউনিয়নের নেতৃত্বদানের সঙ্গে আলোচনা করছিলেন, সেই সময় তাঁর কাছে ফোন আসে। ফোনের অপর প্রান্তে থাকা এক ব্যক্তি বলে, 'বাড়ির একটি পার্সেল আছে।' প্লাবন প্রামাণিক তাকে বাসস্ট্যান্ডে আসতে বলেন। বেহেতু বাড়ির মধ্যে ও স্ত্রী তাঁর ফোন থেকে অনলাইনে অর্ডার দিয়ে থাকে, সেসকারণে ফোন ওনা কেই করা হয়েছে। ডেলিভারি বয় দীপক চন্দ একটি কার্টন দিয়ে ৫০০ টাকা নিয়ে নেয়। বাড়িতে ফিরে শোনে, কেউ কিছুই অর্ডার দেয়নি। শুনে অবাক। আর কার্টন খোলার পর তার বিন্ধ্যের যোর কিছুতেই যেন কার্টন ছিল না। কার্টনে রয়েছে গোলাপি সাবান জলভরা একটি

বোতল। প্লাবনবাবু অভিযোগ করেন, ডেলিভারি বয়েকে ফোন করে বিষয়টি জানানো হলে, সে ফোন কেটে দেয়। তিনি বিষয়টি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করেন। আজ সাইবার অপরাধ



শংকর কুণ্ডু জেলা বণিকসভার সাধারণ সম্পাদক

অনলাইন প্রতারণা থেকে রক্ষা পেতে বেশ কয়েকবার সচেতনতামূলক শিবির করেছি। আমরা সচেতন না হলে প্রতারণাদের বাড়বাড়ন্ত হবেই।

শংকর কুণ্ডু জেলা বণিকসভার সাধারণ সম্পাদক

আমার মাথায় সেটা ছিল না।' জেলা বণিকসভার সাধারণ সম্পাদক শংকর কুণ্ডু বলেন, 'অনলাইন প্রতারণা থেকে রক্ষা পেতে বেশ কয়েকবার সচেতনতামূলক শিবির করেছি। আমার সচেতন না হলে প্রতারণাদের বাড়বাড়ন্ত হবেই।'

রায়গঞ্জ রককে ভেঙে দু'ভাগ করতাম

মোট আসন ৪২টি। ২০২৩-এর পঞ্চায়ত নির্বাচনে ২৫টি আসনে জয়লাভ করে রায়গঞ্জ পঞ্চায়ত সমিতির বোর্ড গঠন করে তৃণমূল। সভাপতি হন জোড়াফুলের জয়শ্রী ব্যাপারী বর্মন। বিজেপি জয়লাভ করে ১৫টি আসনে। বিরোধী দলনেতা হন বিজেপির মলয় সরকার। কিন্তু মলয় যদি সভাপতি হতেন তাহলে কী কাজ করতেন?

শিংশান শর্দি সিংহায়ন

দীপঙ্কর মিত্র

রায়গঞ্জ, ১২ জানুয়ারি : 'সভাপতির সিংহায়ন পেলে প্রথমেই রায়গঞ্জকে কেটে দুই টুকরো করতাম।' বলেন কী। আশু শহরতিকে কেটে দু'টুকরো? নিজের বক্তব্যের ব্যাখ্যা দিয়ে বিষয়টি পরিষ্কার করলেন রায়গঞ্জ পঞ্চায়ত সমিতির বিরোধী দলনেতা মলয় সরকার। শহর নয়, আসলে রায়গঞ্জ রককে ভেঙে দু'টো রকে রূপান্তরিত করার কথা বলছেন এই বিজেপি নেতা। কেন? মলয়বাবুর উত্তর, রায়গঞ্জ পঞ্চায়ত সমিতির পিঠে রয়েছে ১৪টি গ্রাম পঞ্চায়ত। ৪২ আসন বিশিষ্ট এই পঞ্চায়ত সমিতির কার্যালয় থেকে বহু গ্রামের দুঃস্থ ৩০ থেকে ৩৫ কিলোমিটার। ফলে দূরের সেই গ্রামগুলো থেকে কে-কোনও কাজে শহরে অবস্থিত পঞ্চায়ত সমিতি কার্যালয়ে কিংবা বিভিন্ন অফিসে আসতে নাহাজহাল হন মানুষ। যাওয়ার তে অসুবিধা হলেও তাই কড়ি যেমন খরচ হয়, তেমনিই সময়ও নষ্ট হয়। অনেক ক্ষেত্রে ছোট একটি কাজের জন্য সারাদিনটাই লেগে যায়। মলয়বাবু বলেন, 'মানুষের সুবিধার জন্যে আমি প্রথমেই



মলয় সরকার

রায়গঞ্জ রককে দ্বিখণ্ডিত করতাম। ১ নম্বর থেকে ৭ নম্বর অঞ্চল নিয়ে রায়গঞ্জ-২ নামে আলাদা একটি রক

একনজরে

- রায়গঞ্জ রকের ১৪টি অঞ্চল নিয়ে রায়গঞ্জ পঞ্চায়ত সমিতি গঠিত। মোট আসন ৪২টি
- ২০১১ সালের জনগণনা অনুসারে মোট জনসংখ্যা ৪ লক্ষ ১৪ হাজার ১৪৩ জন
- মোট আয়তন ৪৭২.১৩ বর্গকিলোমিটার
- ১৪টি অঞ্চলে ভোটার প্রায় ১ লক্ষ ২৫ হাজার
- একটি থানা এবং তিনটি পুলিশ ফাঁড়ি আছে

যাত্রী প্রতীক্ষালয়ে যেন মরণফাঁদ

হরিশ্চন্দ্রপুর, ১২ জানুয়ারি : পেরিয়েছে মাত্র এক দশক। তাতেই জীর্ণগঙ্গা হরিশ্চন্দ্রপুর সদর এলাকার বাসস্ট্যান্ড যাত্রী প্রতীক্ষালয়ের। মাঝেমাঝেই খুলে পড়েছে প্রতীক্ষালয়ের ছাদের চাঙড়। কয়েকদিন আগেই অল্পের জন্য রক্ষা পেয়েছেন এক মহিলা যাত্রী। এ ব্যাপারে বরাবর স্থানীয় প্রশাসনকে জানানো হলেও তাদের তরফে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি বলে অভিযোগ। অপরদিকে, হরিশ্চন্দ্রপুর-১ এর বিডিও সমন্বয়িত খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন। স্থানীয় সন্তোষ রজকের দ্বারা, 'যাত্রী প্রতীক্ষালয়ের অবস্থা নিয়ে

আমরা প্রশাসনকে জানিয়েছি, দেখা যাক করে মোরামত হয়।' বিধায়ক তরুণ হোসেন বলেন, 'আমি অবিলম্বে খোঁজ নিচ্ছি ওই প্রতীক্ষালয়ের সংস্কারের বিষয়ে।' বাবসায়ী সমিতির সভাপতি ডাবুল রজকের বক্তব্য, 'এলাকার সব থেকে বড় বাসস্ট্যান্ডের একমাত্র যাত্রী প্রতীক্ষালয় এটি। কয়েক হাজার যাত্রী প্রতিদিন এই স্ট্যান্ডে আসেন। স্থানীয় চালক এবং যাত্রীরা বরাবর অভিযোগ করছেন। প্রতীক্ষালয় সংস্কারের ব্যাপারে অবিলম্বে প্রশাসনের সঙ্গে কথা বলব।'

মোথাবাড়িতে মাছের উৎপাদন নিয়ে শঙ্কা চটজালে অবাধে পোনার চোরালিকার

তনয়কুমার মিশ্র

মোথাবাড়ি, ১২ জানুয়ারি : পাখি চোরালিকারের পর এবার পোনার চোরালিকার চিত্রা বাড়িকে গঙ্গারীর মাছাধিকার। চোরালিকারকারীরা বেআইনি চটজাল ফেলে পোনা মাছ ধরে প্রকাশ্যে বাজারে বিক্রি করছে। এতে মাছের উৎপাদন কমে যাবে। এই পরিস্থিতিতে সীমান্ত চোরালিকারের উপদ্রব ঠেকাতে বাংলা-বাড়িখও দুই রাজ্যের যৌথ টহলদারি দাবি উঠেছে। সপ্তাহে মাছ ধরার উপর কর মকুব হয়েছে। এই সুযোগ নিয়ে অসংখ্য মৎস্যজীবী বেআইনিভাবে ছোট চটজাল ফেলে পোনা মাছ ধরে। মালদা জেলা মৎস্যজীবী উন্নয়ন সমিতির তরফে বরাবর প্রতিবাদ জানিয়েও লাভ হয়নি।



নদীবেষ্টিত নৌকায় অবৈধ চটজাল।

প্রচার ও সচেতন করছি।' রাজ্য সরকার ২০১৫ সালে আইন করে গঙ্গায় মাছ ধরার উপর কর মকুব করে। আগে মানিকচক থেকে ফরাঙ্কার বিভিন্ন ঘাট অবৈধভাবে ডাক হত। সরকারের কাছে চড়া দামে ঘাট কিনত সমিতির লোকজন। গঙ্গানদীতে মাছ ধরতে আসা ছেলেরদের উপরে ২০ শতাংশ কর বসাত বিভিন্ন ধীর সমবায় সমিতি। মৎস্যজীবীরা দীর্ঘ ধারায় জেলা শাসক গঙ্গাপাড়ো মাছ ধরার জন্য শুষ্ক আদায় বন্ধ করে। কিন্তু অসাধু মৎস্যজীবী বেআইনিভাবে চটজাল ব্যবহার করে গঙ্গায় ছোট ছোট মাছ ধরে ফেলছে। ফলে মাছের উৎপাদন যেমন কমছে, তেমনি মৎস্যজীবীদের জীবন-জীবিকায় প্রভাব পড়ছে।



তুমি রবে নীরবে, হৃদয়ে মম.....

শ্রদ্ধাঞ্জলী

দুলাল সরকার (বাবলা দা) অমর রহে

আয়োজক: মালদা জেলা তৃণমূল কংগ্রেস কমিটি

বাবলা স্মরণে... মাটিতে বসেই স্মরণসভায় বৃদ্ধা। মালদায় স্বরূপ সাহা।

জাল আধার চক্রের তিন পাত্তা গ্রেপ্তার

মিঠুন হালদার

সূতি, ১২ জানুয়ারি : মুর্শিদাবাদের সূতি থানা এলাকায় জাল আধার কার্ড তৈরির অভিযোগে রবিবার ভোররাতে পুলিশের হাতে গ্রেপ্তার হলেন তিন ব্যক্তি। পুলিশ গোপন সূত্রে খবর পেয়ে নূরপুর এলাকায় একটি দোকানে অভিযান চালায়। সেখান থেকেই গ্রেপ্তার করা হয় ইসমাইল শেখ, আকবর আলি এবং মনোজকুমার মণ্ডল নামে তিন ব্যক্তিকে।



তিনে নথি ব্যবহার করে কলকাতা এবং অশোপাশের এলাকা থেকে পাসপোর্ট তৈরি চক্রের একাধিক পাত্তা যখন পুলিশের জালে ধরা পড়লেন, তখন সেই সময় এই গ্রেপ্তারি যথেষ্ট গুরুত্বপূর্ণ বলে মনে করলেন তদন্তকারীরা। জঙ্গিপুলিশ জেলার সুপার আনন্দ রায়ের বক্তব্য, 'প্রাথমিক তদন্তে আমরা

■ **ধৃত তিন তরুণ সম্প্রতি নূরপুর এলাকায় একটি দোকান ভাড়া নিয়ে জাল আধার কার্ড তৈরির ব্যবসা ফেঁদে বসেছিলেন**

■ **ওই তিন ব্যক্তি অন্য এজেন্টের কাছ থেকে বিপুল টাকার বিনিময়ে আধার কার্ড তৈরির আইডি এবং পাসওয়ার্ড 'ভাড়া' নিয়েছিলেন। অপরদিকের কাজের পদ্ধতি বোঝাতে গিয়ে তিনি বলেন, 'আধার কার্ড তৈরির জন্য যতবার সিস্টেমে লগ ইন করতে হবে, আইডি এবং পাসওয়ার্ড যার নামে রয়েছে তাকে ততবারই স্ক্যানের জন্য যতবার সিস্টেমে লগ ইন করতে হবে, আইডি এবং পাসওয়ার্ড যার নামে রয়েছে তাকে ততবারই স্ক্যানের জন্য যতবার সিস্টেমে লগ ইন করতে হবে।' তিনি আরও বলেন, 'প্রাথমিক তদন্তে আমরা জানতে পেরেছি ধৃত ব্যক্তিরা যে আধার কার্ড তৈরি করতে সেগুলি সবই জাল। যে ব্যক্তির জন্য আধার কার্ড তৈরি হচ্ছে জাল কার্ডে**

■ **ওই জাল ফিস্কারপ্রিন্ট ব্যবহার করে তারা বারবার আধারের সিস্টেমে 'লগ ইন' করত**

তার ছবি এবং ঠিকানা থাকলেও ১২ সংখ্যার যে নম্বর ছাপা থাকত তা ইতিমধ্যেই অন্য কারও জন্য বরাদ্দ হয়ে রয়েছে। পুলিশ জানিয়েছে, ধৃত ব্যক্তিদের দোকান থেকে ফিস্কার প্রিন্ট, স্ক্যানার, রেটিনা স্ক্যানার, ল্যাপটপ, জাল আধার কার্ড, এনরোলমেন্ট আইডি সহ বিভিন্ন নথি উদ্ধার হয়েছে। প্রসঙ্গত, সম্প্রতি অসম এবং রাজ্য পুলিশের এসটিএফ-এর যৌথ অভিযানে মুর্শিদাবাদের হরিহরপাড়া এবং নওদা থানা এলাকা থেকে 'এবিটি-২' যে চারজন জঙ্গি গ্রেপ্তার হয়েছে, তাদের মধ্যে আব্বাস আলি নামে এক জঙ্গি বাংলাদেশের বাসিন্দা বলে জানা গিয়েছে।

ঘুরপথে যাওয়ার হয়রানি, ক্ষোভ ফরাঙ্কায়

অর্ণব চক্রবর্তী

ফরাঙ্কা, ১২ জানুয়ারি : ফরাঙ্কা থেকে ধুলিয়ানের দিকে যেতে বাড়মণ্ড এবং বাংলাকে যুক্ত করেছে খোসালপুর সেতুপথ। সেই সেতু থেকে নেমে ধুলিয়ানের দিকে আসতে হলে বিভিন্ন গাড়িকে ঘুরপথে প্রায় তিন কিলোমিটার পথ অতিক্রম করতে হচ্ছে। যে অংশে সেতুপথ নিশেছে তা ১২ নম্বর জাতীয় সড়কের ফরাঙ্কার দিকে আসার আপ লেন।



জাতীয় সড়ক পরিদর্শনে বিধায়ক। - সংবাদচিত্র

সেতুটির রাস্তার সামনে ডাউন লেনে আসতে হচ্ছে বিভিন্ন ডিভাইডার থাকায় ঘুরপথে যানবাহনকে। সাধারণের দাবি ডিভাইডারের অংশটি কেটে একটা কাটান তৈরি করলে দ্বিতীয় লেনের

উপাচার্যহীন বিশ্ববিদ্যালয়ে ভোগান্তি

সুবীর মহন্ত

বালুরঘাট, ১২ জানুয়ারি : গত ১১ ডিসেম্বর রাজ্য থেকে উপাচার্য হিসেবে প্রণব ঘোষের নাম নিয়ে বিজ্ঞপ্তি জারি হওয়ার দিনই, বিশ্ববিদ্যালয় থেকে পদত্যাগ করে জেলা ছেড়ে বেরিয়ে যান উপাচার্য দেবব্রত মিত্র। ফলে টানা এক মাস ধরে ওই পদ ফাকা থাকায়, বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কাজকর্মে প্রভাব পড়তে শুরু করেছে। অনুমোদনের অভাবে বিশ্ববিদ্যালয়ের নানা আর্থিক সংক্রান্ত কাজকর্ম আটকে গিয়েছে এর ফলে পরীক্ষা পদ্ধতি তেমন পিছিয়ে যাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে, তেমনই আমন্ত্রিত অধ্যাপকরা বেতন সমস্যায় ভুগতে শুরু করেছেন। উপাচার্য বা রেজিস্ট্রার সহ নানা পদ ফাকা থাকায়, নিজেদের বেতন সহ অন্যান্য সমস্যার জন্য আন্দোলনেও নামতে পারছেন না, অধ্যাপকরা তাই নতুন উপাচার্য দ্রুত কাজে যোগ না দিলে, আরো নানা সমস্যার সম্মুখীন হতে হবে বিশ্ববিদ্যালয়কে বলে এদিন আশঙ্কা করেছেন শিক্ষানুরাগী মহল। তবে নতুন উপাচার্য কবে যোগ দেবেন বা আদৌ তিনি যোগ দেবেন



এই ভাড়া বাড়িতে দক্ষিণ দিনাজপুর বিশ্ববিদ্যালয়। - সংবাদচিত্র

কি না এ ব্যাপারে স্পষ্ট কিছু জানা যায়নি। সবমিলিয়ে অভিভাবকহীন বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি সব দিক থেকেই জটিল হতে শুরু করেছে। দীর্ঘ টানা পোড়োনের পর অন্তর্বর্তীকালীন উপাচার্য গণ্ডি পেরিয়ে স্থায়ী উপাচার্য হিসেবে প্রণব ঘোষকে নিয়োগ করেছেন আচার্য তথা রাজ্যপাল সিডি আনন্দ বোস। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের পদার্থবিদ্যা বিভাগের অধ্যাপক তথা প্রাক্তন রেজিস্ট্রার প্রণব ঘোষকে দায়িত্বভার গ্রহণের পর নানা চ্যালেঞ্জের মুখে পড়তে হবে। বর্তমানে তিনটি বিষয়

৫৫
আপাতত বিশ্ববিদ্যালয়ে কোনও উপাচার্য নেই। তাঁর অনুপস্থিতিতে পেপার সেটিং কে করবেন, মডারেশন কে করবেন- এ সব তাঁর অন্তিমটি ছাড়া এগুলি করা যাচ্ছে না। এ বার হয়তো পরীক্ষাই পিছিয়ে যেতে পারে।

উজ্জ্বল দাস, বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স অফিসার

হয়ে পড়েছে। কারন দক্ষিণ দিনাজপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের উপরই যাবতীয় অনুমোদন নির্ভরশীল। ফলে নতুন উপাচার্য প্রণব ঘোষ কাজে যোগ দেবার ব্যাপারে গরিমসি করায়, বিশ্ববিদ্যালয়ের নানা অনুমোদন যেমন আটকে গিয়েছে তেমনই নতুন বছরে আমন্ত্রিত অধ্যাপক ও কর্মীরা বেতন পাবেন কি না তা নিয়ে জটিলতা দেখা দিয়েছে। এর মধ্যে বালুরঘাট থেকে বিশ্ববিদ্যালয় কি অন্যত্র চলে যাচ্ছে? সাম্প্রতিক কিছু ঘটনার পরিপ্রেক্ষিতে এমনই আশঙ্কা তৈরি হয়েছে। বালুরঘাটে ইতিমধ্যে নাগরিক মঞ্চ

কোয়াকের কেরামতি, প্রাণ গেল বালকের

বিজ্ঞপ্তি সরকার

রায়গঞ্জ, ১২ জানুয়ারি : তিনদিনের জ্বরে ভুগছিল নাবালক। হাতুড়ে ডাক্তারের চিকিৎসায় ক্রমশই অবস্থার অবনতি হতে থাকে। শনিবার রাতে অবস্থা আরও আশঙ্কাজনক হলে রবিবার রায়গঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে আসা হয়।

কিন্তু ততক্ষণে অবস্থা হাতের বাইরে চলে গিয়েছে। অসুস্থ ছেলেটির বাড়ি বিহারের সিংহল থানার বেগুসরাই এলাকায়। কর্মসূত্রে ওই নাবালকের পরিবার করণদিবি থানার বিলাসপুরে থাকে। কিন্তু তিন দিন হাতুড়ের ওষুধে অবস্থার অবনতি হয়। বারবার নাবালক জ্বরে সংজ্ঞা হারালে তড়িঘড়ি তাকে নিয়ে আসা

রায়গঞ্জ

হয় রায়গঞ্জ মেডিকেল কলেজ হাসপাতালে। যদিও রবিবার সকালে আশঙ্কাজনক অবস্থায় তাঁকে আনার পর জরুরি বিভাগের চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন। মৃত্যুর প্রকৃত কারণ জানতে দেহ ময়নাতদন্তের নির্দেশ দেয় চিকিৎসক। পুলিশসূত্রে জানা গিয়েছে মৃত নাবালকের নাম চুলবুল কুমার (১৩)। মৃত নাবালকের বাবা কুমকুন পাসওয়ান বলেন, 'তিন দিন ধরে জ্বরে ভুগছিল ছেলে। জরুরি বিভাগের চিকিৎসক আমার ছেলেকে পরীক্ষার পর মৃত বলে ঘোষণা করেন। মৃত্যুর কারণ জানতে দেহ ময়নাতদন্তের জন্য পাঠায়।'



জমিদারদের মৃত্যুর পর ধমতমে বাড়ি। রবিবার হরিশ্চন্দ্রপুরে তোলা সংবাদচিত্র।

বৃদ্ধ খুনে ২৪ ঘণ্টার পরও অধরা দুষ্কৃতীরা জামাইয়ের দিকে তির

সৌরভকুমার মিশ্র

হরিশ্চন্দ্রপুর, ১২ জানুয়ারি : বৃদ্ধ জমিদারদেরকে এলোপাড়াড়ি কুপিয়ে খুনের ঘটনার ২৪ ঘণ্টা অতিক্রান্ত। থানায় অভিযোগ দায়েরের পরেও এখনও অধরা দুষ্কৃতীরা। জানা যায় খুনের প্রকৃত কারণ। যদিও গ্রামবাসীদের একাংশ, জামাইয়ের কাঠগড়ায় দাঁড় করিয়েছেন। মেয়েকে শ্বশুরবাড়ি পাঠানো দিয়ে বিবাহই কি কারণ, এই চর্চায় ঘুরছে হামলাজুড়ে।

৫৫
মেয়েকে শ্বশুরবাড়িতে পাঠানো নিয়ে ওর জামাইয়ের সঙ্গে দীর্ঘদিন ধরেই গণ্ডগোল। এমনকি আদালতে মামলাও হয়েছে। এই খুনের ঘটনার তার জামাইয়ের হাত রয়েছে কি না সেটা পুলিশ তদন্ত করে দেখুক।

টিপু সুলতান, স্থানীয় পঞ্চায়েত সদস্য

শুক্কার গভীর রাতে নিজের বাড়ির বারান্দায় ঘুমন্ত দম্পতির ওপর ধারালো অস্ত্র দিয়ে এলোপাড়াড়ি আঘাত চালায় কেউ বা কারা। শনিবার সকালে চাটল মহকুমা হাসপাতালে মৃত্যু হয় ৭০ বছরের বৃদ্ধ জমিদারদের। তাঁর তৃতীয় স্ত্রী শাহনাজ বিবি বর্তমানে মালদা মেডিকেল কলেজে ভর্তি রয়েছেন। নিবিবান্দী জমিদারদের ওপর এমন নৃশংস হামলা নিয়ে গ্রামবাসীদের মনে হাজারো প্রশ্ন।

স্থানীয় বাসিন্দা তৈমুর রহমানের বক্তব্য, 'জমিদারদের আমার সঙ্গে ছাগল চরতে গিয়ে একদিন বকেছিল, ওর জামাই মেয়েকে ফিরিয়ে দেওয়ার জন্য হুমকি দিচ্ছে। বলাহে শেষ করে দেবে। আমার

ধারণা, এই ঘটনার পিছনে ওর জামাইয়ের হাত আছে।' স্থানীয় পঞ্চায়েত সদস্য টিপু সুলতানের দাবি, 'গতকাল রাত ১১টার সময় এই ঘটনাটা ঘটেছে। মেয়েকে শ্বশুরবাড়িতে পাঠানো নিয়ে ওর জামাইয়ের সঙ্গে দীর্ঘদিন ধরেই গণ্ডগোল। এমনকি আদালতে মামলাও হয়েছে। এই খুনের ঘটনার তার জামাইয়ের হাত রয়েছে কি না সেটা পুলিশ তদন্ত করে দেখুক।' তবে হরিশ্চন্দ্রপুরের পুলিশ জানিয়েছে, 'ইতিমধ্যেই ঘটনার তদন্ত শুরু হয়েছে। সমস্ত দিক খতিয়ে দেখা হচ্ছে।'

সকাল থেকেই ধমতমে কুশলপুর

দমকলকেন্দ্র পেল অত্যাধুনিক দুটি গাড়ি

দীপঙ্কর মিত্র

রায়গঞ্জ, ১২ জানুয়ারি : অগ্নিকাণ্ডের ঘটনা সহজে কব্ধেতে রায়গঞ্জ দমকল কেন্দ্রে নিয়ে আসা হল দুটি আধুনিকমানের গাড়ি। একটি ৬ হাজার, আরেকটি ৬ হাজার লিটার জল ধারণের ক্ষমতা রয়েছে। গাড়িতে আধুনিক প্রযুক্তি থাকায় দমকল কর্মীরা সুইচের মাধ্যমে আশ্রয় নিয়ন্ত্রণের কাজ করতে পারবেন। তবে রায়গঞ্জ শহুরে সহ আশেপাশের এলাকায় ব্যবসায়ী ও বড় বড় প্রতিষ্ঠানে জলাধার নিমণের উপর জোর দিয়েছে দমকল দপ্তর।



দমকলে নতুন গাড়ি। রবিবার রায়গঞ্জে। - সংবাদচিত্র

গত ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহে রায়গঞ্জের সোহরাইর মোড়ে একটি বেসরকারি বিস্কুট কারখানায় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটলে দেখা যায় সেখানে নেই কোনও জলাধার বা পাম্প, দমকল দপ্তরের কর্মীরা আশ্রয় নেভাতে গিয়ে বিপাকে পড়েন। দমকল কর্মীদের আশ্রয় নিয়ন্ত্রণের জন্য গাড়িতে জল ভরতে ৬ কিমি দূরে রায়গঞ্জ দমকল দপ্তরে আসতে হয়। ক্ষোভের মুখে পড়তে হয় কর্মীদের। এদিকে রায়গঞ্জ মার্চেন্টস অ্যাসোসিয়েশন কর্মকর্তারা দমকল দপ্তরের দাবি উড়িয়ে দিয়েছেন। রায়গঞ্জ মার্চেন্টস অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক অনুবরুণ লাহিড়ির বক্তব্য, 'নিজেদের বার্থটা ঢাকতেই দমকল দপ্তর এইসব যুক্তি খাড়া করছেন। দমকল দপ্তরের বিভিন্ন বেড়াগুলো পড়ে নতুন উদ্যোগপত্রীরা এই জেলায় আসছেন না। কোনও শিল্প হচ্ছে না। দমকল দপ্তর নিজেদের বার্থটাকে ঢাকতে ব্যবসায়ীদের উপর নিয়ম জারি করতে চাইছে। তাদের উপযুক্ত পরিকাঠামো নেই বলেই একের পর এক আগ্নিকাণ্ডে ব্যাপক ক্ষতি হচ্ছে মালিকপক্ষের।'

অফিসার শিবানন্দ বর্মন বলেন, 'আমাদের গাড়ির সমস্যা নেই। গাড়ি রয়েছে। তবে যে নতুন দুটি গাড়ি আসল তার একটি ৬ হাজার লিটার এবং অন্যটি ৬ হাজার লিটারের। যেটি ৬ হাজার লিটারের গাড়ি এসেছে সেটি ৬ হাজার লিটারের কাজ করবে। অত্যাধুনিক এবং হাইড্রোলিক। হাওয়া আকারে জল বের হবে। তবে সাধারণ মানুষকে সচেতন হতে হবে। পুকুর বা জলাশয় বন্ধ করা যাবে না। সেইসঙ্গে ব্যবসায়ী ও বড় বড় প্রতিষ্ঠানে জলাধার নির্মাণ করতে হবে। যতই আমরা আধুনিকমানের গাড়ি নিয়ে আসি না কেন, ওপেন ওয়ারির সোর্স থাকতে হবে। পুকুর না থাকলে জলাধার বানিয়ে নিতে হবে।' দপ্তরের একাংশ অভিযোগ করেন, রায়গঞ্জ পুকুর ও জলাশয়গুলি ভরাট হয়ে যাওয়ার কারণে বিপদে পড়ি। সাধারণ মানুষ আমাদেরকে দোষারোপ করেন। প্রতিটি কারখানায় জলের রিজার্ভার, হাইড্রেন এবং হোসপাইপ থাকার কথা। প্রথমে আশ্রয় নিয়ন্ত্রণ তাৎপর্যই নিয়ে আসার কথা।

চোখ পরীক্ষা শিবির

বৈষ্ণবনগর ও বালুরঘাট, ১২ জানুয়ারি : বাংলাদেশ সীমান্তবর্তী কালিয়াচক ও নম্বর রক্তের বাথরাবাদ অঞ্চলের দৌলতপুর গ্রামে রবিবার প্রত্যন্ত গ্রামীণ মানুষের কথা ভেবে ডিসি জনসেবা ক্লাব ও লাইব্রেরির উদ্যোগে ফ্রিতে রক্তের গ্রুপ, রক্তের প্রেশার, সুগার পরীক্ষার আয়োজন করে। সঙ্গে চক্ষু পরীক্ষার ব্যবস্থা করে ওই সংস্থার তরফর। পাশাপাশি, অ্যাগলিকান চার্চ অফ ওয়েস্ট বেঙ্গলের সেন্ট মাইকেলস ক্লিনিকের উদ্যোগে দুঃস্থদের বিনামূল্যে চশমা বিতরণ করা হল বালুরঘাটে। বৃথবার কালিকাপুর এলাকার সেন্ট জন্স স্কুলে সকাল দশটা থেকে বিকেল চারটা পর্যন্ত এই অনুষ্ঠান চলছে। বৃহস্পতিবারও এই অনুষ্ঠান চলবে। যেখানে চক্ষু ও দন্ত পরীক্ষার শিবিরও আয়োজন করা হয়েছে।

সঙ্গে অনায়াসেই যুক্ত হবে এবং সাধারণ মানুষের হয়রানি কব্ধে। বিঘাট নিয়ে সাধারণ মানুষ এবং গাড়ির মালিকরাও ফরাঙ্কার বিধায়ক মণিকল ইসলামের শরণাপন্ন হন। এরপরই লিখিতভাবে বিধায়ক জাতীয় সড়ক কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। জাতীয় সড়ক কর্তৃপক্ষের তরফে অজয় প্রভাকর সহ আরও কর্মকর্তা রাস্তার এই অংশটির পরিদর্শনে আসেন। তারা বিধায়কের সঙ্গে কথা বলেন এবং সাধারণ মানুষের অসুবিধার কথা শোনেন। বিধায়ক মণিকল ইসলামের বক্তব্য, 'প্রতিদিন প্রায় লাখখানেক গাড়ি চলাচল করে এই পথ দিয়ে। অত্যাধুনিক, স্কুলের ছাত্রছাত্রীদের নিয়ে আসা- যাওয়া গাড়ি, বাইক সাইকেল সবই এই পথ ধরে যায়। প্রায় দুর্ঘটনা ঘটছে এইখানে। নিয়ম হচ্ছে যাতায়াতের জন্য সার্ভিস রোড থাকবে, যেহেতু তা নেই তাই আমরা এখানে একটা কাটান এর দাবি করছি। আমরা ১৫০ মিটারের পরেই দাবি করছি ওরা ৩০০ মিটার করছেন বলেছেন। সাত দিনের মধ্যে কাজ শুরু না হলে বিঘাট নিয়ে আমি আবার কথা বলব।'

■ ৪৫ বর্ষ ■ ২৩৫ সংখ্যা, সোমবার, ২৮ পৌষ ১৪৩১

আজকের দিনে জন্মগ্রহণ করেন নবনীতা দেবসেন।



রাজেশ শর্মা জন্মগ্রহণ করেন আজকের দিনে।



ইন্ডিয়া' জোট এককটাই আছে। বিজেপিকে মোকাবিলা করার জন্য আঞ্চলিক দলগুলিকে একত্রিত করে 'ইন্ডিয়া' জোট তৈরি হয়েছিল। সমাজবাদী পার্টি এই জোটকে শক্তিশালী করতে দায়বদ্ধ এবং বিজেপির বিরুদ্ধে লড়াইরত দলগুলির পাশে রয়েছে দৃঢ়ভাবে।



মহিলা হেনস্তায় অভিজ্ঞ মানুষ নয়, একটি বীর। বাঁপির এক দোকানে চুকে পড়েছিল সে। সেখানে গুঁহী মহিলা ফেলার ওপর বাঁপিয়ে পড়ে। যাতে চড়ে বসে। জুতোও খুলে নেয়। ভয়ে জড়সড়ো মহিলা। সেই ভিডিও ভাইরাল সমাজমাধ্যমে।



রাশিয়ার বিমানবন্দরে বাগেজ কন্ডেমার বেস্টকে যাত্রীদের চলার রাস্তা ভেবে উঠে পড়েন এক মহিলা। পৌঁছে যান লাগেজ কন্ডেমার ইন জোনে। সূঁচকেন্সের বদলে মহিলাকে দেখে অবাক কর্মীরা। ভিডিওটি ভাইরাল।

হলিউডের হৃদয়ে আঙুনের ডালপালা

লস অ্যাঞ্জেলেস ভূমিকম্পপ্রবণ। বাড়িতে ইট, সিমেন্ট, লোহার বদলে কাঠের ফ্রেমের ব্যবহার বেশি। সমস্যা এখানেই।

রুমি বাগাচী



লস অ্যাঞ্জেলেসে প্রতি বছরই বাড়ির জানলা দিয়ে দেখি, দূরে পাহাড়ের গায়ে আঙুন জ্বলছে।

এই আঙুন কিন্তু ইকো সিস্টেমেরই একটি অঙ্গ। বার্ষিক প্রাণের আবেগনা পুড়িয়ে ফেলে প্রকৃতি নিজেই আঙুন জ্বালায়। মরা, পুরোনো গাছ পুড়ে মাটিতে নতুন সার হয়। সেখানে নতুন চারাগাছ জন্মায়। আরও নবীকরণ।

কিন্তু এবার যিকিধিকি আঙুনকে হঠাৎ এক বাড়ি মারাত্মক করে তুলল। দাবানলের খুব একটা দোষ ছিল না। 'রক্তকরবী'তে আছে – "বাতাস নিয়ে যায় মেঘকে, সেটাকে যদি দোষ মনে করো, খবর নাও বাতাসকে কে দিয়েছে ঠেলা।"

লস অ্যাঞ্জেলেসের বিভিন্ন দিকে ছড়িয়ে পড়ল আঙুন। আমার জানলা দিয়ে এবার আঙুন একদম কাছে। আকাশ কালো। মনে দুশ্চিন্তার মেঘ আর বাতাসে ধোঁয়া।

এবার কী করে যেন সেই যিকিধিকি আঙুন আর বাড়ি একসঙ্গে এসে মারাত্মক হয়ে উঠল। তার সঙ্গে যোগ হল অসম্ভব শুকনো বাতাস আর কম বৃষ্টি।

শোশ্যাল মিডিয়ায় জন্য আজকাল তো দাবানলের মতোই দ্রুত খবর ছড়ায়। তাই লস অ্যাঞ্জেলেসের আঙুন অন্য কোনও দেশকে না ছুঁতে পারলেও খবর ছড়িয়ে গিয়েছে সারা পৃথিবী।

শনিবার সকালে যে সময় লেখাটা লিখছি, তখনকার খবর এল এ শহর ও তার কাউন্টি মিলিয়ে ছ'জায়গায় আঙুন জ্বলছে। তার মধ্যে প্যালিসেডস, আচার্চর ও ইন্টার আঙুন এখনও ভরাই। লিডিয়া, হার্ট এসব জায়গায় আঙুন অনেকটা আয়ত্রে। আমার জানলা দিয়ে আকাশ কালো, এবার আঙুন একদম কাছে।

মনে দুশ্চিন্তার মেঘ আর বাতাসে ধোঁয়া। আর সেলফোনে অহহহ আলাট। প্যালিসেডস সন্মুখের ধারে। হলিউড সেলেব্রিটিরা থাকেন সেখানে। ইটন আমার বাড়ির একদম কাছে। লিখতে লিখতেই জানলা দিয়ে আঙুন এবং ধোঁয়া দেখতে পাচ্ছি। অদ্ভুত মনে হচ্ছে।

আমেরিকায় অদ্ভুত পরিস্থিতি। প্রেসিডেন্ট জন এফ কেনেডির মমতামূলক মৃত্যুতেও যে আমেরিকার স্কুল একদিনও বন্ধ হয়নি, সেখানে লস অ্যাঞ্জেলেস ও তার কাউন্টির সব স্কুল গত তিনদিন বন্ধ।

এক হাজারের মতো বাড়ি পুড়েছে। আজ সকাল পর্যন্ত মতের সংখ্যা এগারো। সরকার ইমার্জেন্সি ও রেংজ আলট লোকা করছে। প্যালিসেডসে সাধারণভাবে হলিউড তারকা, প্রযোজকরা থাকেন। আর ক্যামেরাম্যান, লাইটম্যান, মেকআপম্যান, স্টে ডিজাইনারের মতো শিল্পীরা থাকেন বারবাকারে। যেটা ইটন ফায়ারের কাছে। বোবা যাচ্ছে, হলিউডও আপাতত থামকে গিয়েছে।

কে কাজ করবে? এমন ঘটনা আমেরিকা দেখেই আসে। প্যালিসেডসে এই মুহূর্তে একটি মানুষও নেই, বারব্যাকরেও তাই। সবাই চলে গিয়েছেন অন্য কোথাও। ভাবতে পারেন, এমন শহরে লোকই নেই একটাও? পরিস্থিতি বুঝলে, একটা ভয় শুনলে। ওয়ার্ল্ড প্রিন্সিপাল স্টুডিও, ইউনিভার্সিটি অফ স্টুডিও, ডিক্সন অফিস, ডব্লিউ ও ডব্লিউ, গ্রেসি আনটনি, ডা ব্রাইস এই রাইটের মতো অজস্র চিঠি শো বন্ধ। বন্ধ সিনেমার প্রিমিয়ারও। মেয়র তীক্ষ্ণ চোখ রাখছেন। আঙুন



কাছে এলেই, সেখানকার মানুষদের সরকারি আবেদন চলে আসার জন্য ই-মেল আর ফোনে অ্যালার্ম পাঠানো হচ্ছে। আর ফায়ার ফাইটাররা প্রাণ দিয়ে আঙুনের সঙ্গে লড়াই করছেন। সুনলাম, নেভাডা থেকেও প্রুদ ফায়ার ফাইটার চলে এসেছেন।

আমাদের মধ্যে চলছে আরেকটা ব্যাপার। শোশ্যাল মিডিয়ায় খবরকে রসালো করে খেতে দেওয়া। অনেক ভুলভাল খবর ছড়িয়েছে। বলা হচ্ছে, জানলা ভেঙে জিনিসপত্র লুটপাট চলছে। আসলে উদ্ধার করার ভিডিওকে লুটপাটের ঘটনা বলে দেখানো চলছে। জলের অভাব কখনোই হয়নি। জলের মান সামান্য নষ্ট হওয়ায় সরকার ওই জল পান করতে নিষেধ করে ফ্রিজে জলের বোতল সাজাও করছে। পৃথিবীজুড়ে সবচেয়ে অলীক কাহিনী হলে, বিশ্বখ্যাত হলিউড সাইনে নাকি আঙুন লেগে গিয়েছে। এটা একেবারে ভুল। এটা একদমই কল্পকাহিনী। হয়তো এরপর একটা জমাট কিম্বদন্তি হতে পারে।

আঙুন লাগার আগেই হলিউড সাইনের ইতিমধ্যেই বিনা সুদে অর্থ ধার দেওয়ার কথা দিয়েছে। 'ভালি কাউন্টি মার্কেট' দুর্গতদের জামাকাপড়, খাবার ও বাথরুম ব্যবহারের জিনিস দিয়ে সাহায্য করছে। এছাড়া খাওয়া, ইন্টারনেট সহ শেলটারের ছড়াছড়ি ক্ষতিগ্রস্ত এলাকায়।


এখন প্রশ্ন হচ্ছে, এই যে সরকার এত

আবার অন্যরকমভাবে ভাবতে হবে। যাতে ভূমিকম্প ও আঙুনকে একসঙ্গে সাহালানো যায়।

এসবের মধ্যে চলছে আরেকটা ব্যাপার। শোশ্যাল মিডিয়ায় খবরকে রসালো করে খেতে দেওয়া। অনেক ভুলভাল খবর ছড়িয়েছে। বলা হচ্ছে, জানলা ভেঙে জিনিসপত্র লুটপাট চলছে। আসলে উদ্ধার করার ভিডিওকে লুটপাটের ঘটনা বলে দেখানো চলছে। জলের অভাব কখনোই হয়নি। জলের মান সামান্য নষ্ট হওয়ায় সরকার ওই জল পান করতে নিষেধ করে ফ্রিজে জলের বোতল সাজাও করছে। পৃথিবীজুড়ে সবচেয়ে অলীক কাহিনী হলে, বিশ্বখ্যাত হলিউড সাইনে নাকি আঙুন লেগে গিয়েছে। এটা একেবারে ভুল। এটা একদমই কল্পকাহিনী। হয়তো এরপর একটা জমাট কিম্বদন্তি হতে পারে।

আঙুন লাগার আগেই হলিউড সাইনের ইতিমধ্যেই বিনা সুদে অর্থ ধার দেওয়ার কথা দিয়েছে। 'ভালি কাউন্টি মার্কেট' দুর্গতদের জামাকাপড়, খাবার ও বাথরুম ব্যবহারের জিনিস দিয়ে সাহায্য করছে। এছাড়া খাওয়া, ইন্টারনেট সহ শেলটারের ছড়াছড়ি ক্ষতিগ্রস্ত এলাকায়।

এখন প্রশ্ন হচ্ছে, এই যে সরকার এত



নজর দিল্লিতে

আসনসংখ্যার দিক থেকে যত ছোট বিধানসভাই হোক না কেন, দিল্লি দখল করতে কে না চায়! বরবারই দিল্লি মর্যাদার লড়াইয়ের প্রতীক। বিশেষ করে সর্বভারতীয় শাসকদের তে বটেই। তাই হরিয়ানা ও মহারাষ্ট্রে বিপুল জয়ের পর দিল্লি দখলে রাখিয়ে দেওয়া হয়েছে। অরবিন্দ কেজরিওয়ালের আপ এবং রাহুল গান্ধির কংগ্রেসও হাত গুটিয়ে বাসে নেই। ৫ ফেব্রুয়ারি দিল্লি বিধানসভার নির্বাচনে এবার এক জটিল অঙ্ক।

গত তিনটি বিধানসভা নির্বাচনের মতো এবারও আপ-বিজেপি-কংগ্রেসের ত্রিমুখী লড়াই হচ্ছে দিল্লিতে। ২০২০-তে ৭০ আসনের বিধানসভায় আপ পেয়েছিল ৬২, বিজেপি ৮টি। ২০১৫ সালে আপের আসন ছিল ৬৭, বিজেপি ৩। টানা দশ বছর দিল্লিতে শাসন কেজরিও দলের। বিনামূল্যে বিদ্যুৎ, জল পাচ্ছেন দিল্লিবাসী। মহিলাদের নিখরচায় বাস-যাতায়াত। এছাড়া মুখ্যমন্ত্রী মহিলা সন্মান যোজনা, সঞ্জীবনী যোজনা।

মহিলা সন্মান যোজনায় দেওয়া হয় ১০০০ টাকা। জিতলে বাড়িয়ে ২১০০ টাকা দেবে বলে প্রতিশ্রুতি দিয়েছে। দিল্লির মানুষ আপের রাজত্ব অপূর্ণি নন। কিন্তু কেজরিওয়ালের সততার ভাবমূর্তিতে কালির ছিটে লেগেছে। সিএজি রিপোর্ট অনুযায়ী, কেজরিওয়ালের ভুল আচরণের নীতির খেসারত দিতে দিল্লি সরকারের ২০২৬ কোটি টাকা লোকসান হয়েছে। আগাগারি দুর্নীতির মামলায় গ্রেপ্তার হয়ে তিন মাস তিহানে ছিলেন কেজরিওয়াল। উপমুখ্যমন্ত্রী মনীশ সিমেটওয়ালও জেলে ছিলেন।

এছাড়া মুখ্যমন্ত্রীর বাসভবন সাজাতে কোটি কোটি টাকা খরচ, দিল্লির নিকাশিনালা, জমা জল, যমুনায় দূষণ ইত্যাদি হাজারো অভিযোগ উঠেছে। ফলের আপের ভাবমূর্তির একেবারে দক্ষরক্ষা। আপের বিরুদ্ধে দুর্নীতিকেই বড় অস্ত্র করে বাজিমাতে মরিয়া বিজেপি। ভোটগুচ্ছে বিজেপির বড় ভরসা নরেন্দ্র মোদি। একসময় দিল্লিবাসী সুখ্যা স্বরাজ, মদনলাল খুরানার মতো ব্যক্তিত্বের বিজেপির মুখ্যমন্ত্রী হিসেবে পেয়েছেন। এবার সরকার দখলে কোমর বাঁধছে গেরুয়া শিবির।

লোকসভা ভোটে আপ-কংগ্রেস ছিল একজোট। কিন্তু দিল্লির সাত আসনেই জেতে বিজেপি। স্বাভাবিকভাবে বিজেপির মনোবল তুঙ্গে। বিজেপি জানিয়েছে, ক্ষমতায় এলে মহিলাদের মাসে ২৫০০ টাকা করে দেওয়া হবে। আপ জমানার নানা সুযোগসুবিধা বন্ধ না করার আশ্বাসও দেওয়া হয়েছে। হরিয়ানা ও মহারাষ্ট্রের মতো দিল্লি দখলে আরএসএস উঠেপড়ে লেগেছে।

হরিয়ানা ও মহারাষ্ট্রে বিপর্যয়ের প্রেক্ষিতে কংগ্রেসের কিছুটা ছয়ছাড়া অবস্থা আছে তো চিহ্নই। যদিও লোকসভা ভোটে দিল্লিতে না পেলেও সারা দেশে প্রায় ১০০ আসন জিতেছে কংগ্রেস। লোকসভার বিরোধী দলনেতা হয়েছেন কংগ্রেসের রাহুল গান্ধি। দিল্লির বিধানসভা নির্বাচনে আপ-কংগ্রেস লড়াইয়ে আলাদাভাবে। 'ইন্ডিয়া' জোট টিকিয়ে রাখা নিয়ে তাই প্রশ্ন উঠেছে।

এই বিধানসভার মধ্যে কংগ্রেসের কেন্দ্রীয় নেতৃত্ব কিন্তু উজ্জীবিত। তাদের সার্বিক কথা, কংগ্রেস কোনও এনজিও নয়, একটা রাজনৈতিক দল। সংকটের মুহূর্তে ঘুরে দাঁড়ানোর অভিজ্ঞতা তাদের আছে। এবার কংগ্রেস ২৫ লক্ষ টাকার স্বাস্থ্য কভার এবং 'পের্যারি ডি ডি যোজনা'-তে মহিলাদের মাসে ২৫০০ টাকা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে।

১৯৯৮ থেকে ২০১৩ পর্যন্ত দীর্ঘ ১৫ বছর দিল্লিতে কংগ্রেসি মুখ্যমন্ত্রী ছিলেন শীলা দীক্ষিত। অর্থাৎ দিল্লি শাসনের অভিজ্ঞতা কংগ্রেসের ভালোই আছে। সেই শীলা দীক্ষিতের ছেলে সন্দীপ দীক্ষিত এবার ভোটপ্রার্থী। তবে তরুণ প্রজন্মের 'জন শীলা দীক্ষিতের নাম শুনেছে সন্দেহ। বাস্তবে এই ভোটে কংগ্রেসের হারানোর কিছু নেই। কংগ্রেস আপের ভোট কাটবে। তাতে কিছু আসন হাতছাড়া হতে পারে কেজরিও। বৈতরণি পার হওয়া কেজরিওয়ালের পক্ষে খুব সহজ হবে না।

আবার বিজেপির অসুবিধা, জিতলে মুখ্যমন্ত্রী কে হবেন, কেউ জানে না। তবে দিল্লি বিধানসভার ভোট তিন দলের জন্যই গুরুত্বপূর্ণ। পরাজয় যে দলের হোক, সেটা তাদের পক্ষে হবে চরম বিধ্বন্যার। দেশ এখন ৮ ফেব্রুয়ারির ফলের অপেক্ষায়।

অমৃতধারা

বোধ থেকে মহাভাবে, সমাধি থেকে গভীর সমাধিতে, জ্ঞান থেকে বিজ্ঞানেই আমাদের যাত্রা শেষ হবে। জীবনটাই যেন হয়ে ওঠে এক পবিত্র মহাপীঠ, যে জীবনের স্পর্শে হাজার-হাজার আগামী জীবন প্রাণলাভ করবে। কোন কিছুই ফেলনা নয়। ফেলনাও যায় না। যা কিছুই ঘটুক, জানবে তার সাথেই তিনি। ঘটনা বাধে দিলে-তিনিই থাকেন। আশ্রিতরা ছাড়াই হবে না। ওর মধ্যেই আত্মা আছে। গুরুকে যে ভাগবান বলে বুঝতে পারে, তার জ্ঞান শব্দেই। গুরু স্বয়ং ভগবান। তিনি সবার গুরু। গুরুকে সসম্মানে রাখা কিন্তু শিষ্যের দায়িত্ব। জীব কে? চিন্তার ওপরনামাই জীবের জীবন। চাই এর হাত থেকে পরিব্রাণ। চিন্তার সাহায্য নিয়ে চিন্তার ওপারে যাওয়া সম্ভব। স্টেচী করলেই সম্ভব। তোমার চেহারা গুরুকৃপা।

-ভগবান

ভগবান


ভগবান

ভগবান

ভগবান

যে গাছের পাতায় পাতায় রবীন্দ্রনাথ

কালিম্পংয়ের রবীন্দ্রনাথের স্মৃতিখণ্ড গৌরীপুর হাউস নতুন করে সেজে উঠছে। বাঙালিদের পক্ষে যা খুব ভালো খবর।



আজও উত্তরবঙ্গের পাহাড়দেশে পাইন জুনিপারের তিড়ে মিশে আছে একটি কর্পুর গাছ। কালিম্পংয়ের শীর্ষ দেশে 'গৌরীপুর হাউস'—এর সামনে মাথা উঁচু করে জীবনের স্মৃতিসৌধ হয়ে উঠেছে। যেখানে রবীন্দ্রনাথের নিজের হাতে লাগানো তার অতি প্রিয় কর্পুর গাছটি। হ্যাঁ, রবীন্দ্রনাথ নিজ হাতে লাগিয়েছিলেন কালিম্পংয়ের পাহাড় ও প্রকৃতিকে ভালোবেসে রবীন্দ্রনাথ শেষ বয়সে স্বাস্থ্য উদ্ধারের জন্য বার চারেক এসেছিলেন বাড়িটিতে। রবীন্দ্রনাথ এমন এক কৃতি বাঙালি, যেখানে যেখানে তিনি পা রেখেছেন সেই জায়গা হয়ে



উঠেছে বাঙালির তীর্থস্থান। পাহাড় ও রবীন্দ্রনাথের মধ্যে আত্মিক সম্পর্কের অনুঘটক হয়ে উঠেছিল গৌরীপুর হাউস। চারপাশের অর্থও নিরিবি পরিবেশ বাড়িটি বিশ্বকবি 'স্মৃতি আঁকড়ে ধরে আজও অপেক্ষা করে আছে 'জন্মদিন' কবিতার প্রতিধ্বনি কাঞ্চনজঙ্ঘায় বাধা পেয়ে ফিরে আসার জন্যে। আকাশবাণীর সৌজন্যে এক ঋষিকবির আবৃত্তি গৌটা শেলশহর কালিম্পংয়ের গৌরীপুর হাউসে। গৌরীপুর হাউসের গার্ডিয়ানদার খোলা ছাদ থেকে কাঞ্চনজঙ্ঘা দেখা যায়। তারই সামনে প্রবাধপ্রথম কর্পুর গাছটি। খোলা ছাদে দাঁড়িয়ে জোরে শ্বাস নিলে কর্পুরপাতা জানিয়ে যায় কবির স্পর্শ। কবি পাহাড়দেশে কর্পুর গাছ

লাগিয়েছিলেন কী মনে করে? সে প্রশ্নের উত্তর পাওয়া দুষ্কর। হয়তো গুণবিপুল কবিকে লাগাতে উৎসাহ দিয়েছিল। হয়তো পাতার সুগন্ধের প্রেমে পড়েছিলেন তিনি। বিশ্ময়কর ব্যাপার এটা—এত বছর পর গাছটা মইরুহ হয়ে উঠেছে। গৌরীপুর হাউসের আধুনিকায়নের কাজে নিযুক্ত মিস্ট্রি ও শিল্পীরা পর্যটক গেসে নিজেই গাছটিকে উঠতে ভালোবাসেন। জাতিতে বাঙালি এক কাঠমিস্ত্রি কয়েকটি লালকে ছোট ছোট পাতা হাতে দিয়েছিলেন। হাতে ধরে নিয়ে নাকে ধরলে কর্পুরের সাদিক সুগন্ধ মনকেও জীবাণুমুক্ত করে তোলে। এই গন্ধ একদিন রবীন্দ্রনাথকেও অভিভূত করেছিল, আজও পর্যটকদের রবীন্দ্র-অভিষ্ট্রে অভিভূত করে এই গাছ। গৌরীপুর হাউস স্বমহিমায় ফিরছে সরকারি উদ্যোগে। মরচে পড়া টিন সারে গিয়ে লাল রঙের টিন বসেছে। জানলা-দরজার পুরোনো ডিজাইন অক্ষত রেখে নতুন করে করা হচ্ছে। পুরোনো আসবাবগুলো মেরামতির অপেক্ষায়। একবার স্পর্শেই শিরহণ জাগে। দোতলায় ওঠার কাঠের সিঁড়ির হাতলে স্পর্শ করে শ্রদ্ধায় হাত সরিয়ে নিতে ইচ্ছে হয়। যে হাতলে রবীন্দ্রনাথের স্পর্শ লেগে আছে তাকে ছুঁতে চাওয়াও তো স্বাভাবিক। কুশায় পাহাড় আড়ল হলে ঢেকে যায় গৌরীপুর হাউস। লোকচক্ষুর অন্তরালে 'আবার ফিরে আসতে চাওয়া' অসুস্থ রবীন্দ্রনাথের অদৃশ্য পদচারণায় কর্পুর গাছের জীব পাতা থেকে ভেসে আসে মর্মরন্ধনি এবং তাতে মিশে থাকে কবির কণ্ঠস্বর।

(লেখক বালুরঘাটের বাসিন্দা। শিক্ষক)

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

ভগবান

উত্তরবঙ্গ সংবাদ



নতুন পাঠক্রম
সাইবার অপরাধ রুখতে এবার অষ্টম শ্রেণি থেকে নতুন পাঠক্রম চালু করছে শিক্ষা দপ্তর। স্বাস্থ্য ও শারীরিক শিক্ষায় বেশ কিছু বিষয় অন্তর্ভুক্ত করা হচ্ছে।



বাঘের আতঙ্ক
দক্ষিণ ২৪ পরগনার কুলতলির মৈপীঠের লোকালয়ে ফের বাঘের পায়ের ছাপ পাওয়া গেল। কয়েকদিন আগেই এখানে বাঘের পায়ের ছাপ দেখা গিয়েছিল। ফের নতুন করে আতঙ্ক ছড়িয়েছে।



ধৃত মূল চক্রী
কলকাতা পুরসভার ১০৮ নম্বর ওয়ার্ডের তৃণমূল কাউন্সিলার সুশান্ত ঘোষের গুপ্ত হামলার ঘটনায় মূল চক্রীকে গ্রেপ্তার করা হল। ধৃত আদিল বিহারের পাঞ্জু চৌধুরী গ্যাংয়ের সদস্য। সে এই ঘটনার মূল মাথা বলে পুলিশের দাবি।



খিনি করিডর
বিতর্কিত স্যালাইন বাবহারের ঘটনার তদন্ত করতে রবিবার মেদিনীপুর মেডিকেল কলেজে যায় এক বিশেষজ্ঞ দল। আশঙ্কাজনক তিন প্রসূতিকে খিনি করিডর করে এদিন কলকাতায় নিয়ে আসা হয়।

অসুস্থ দুই তীর্থযাত্রীকে হেলিকপ্টারে কলকাতায় নির্মল ঘোষ

কলকাতা, ১২ জানুয়ারি : সোমবার রাত ফুরোলেই 'শাহি স্নান'। গঙ্গাসাগরে পূজ্যমন্ডলের তিন দলে পূজ্যধর্মীর আসা শুরু হয়েছে। শনিবার তোররাত থেকেই দেশের বিভিন্ন প্রান্তের সাধুসন্তরা হাওড়া স্টেশনে আসতে শুরু করেছেন। তাদের সাহায্যের জন্য প্রশাসনিক তৎপরতা তুঙ্গে। খাবার, জল ইত্যাদির ব্যবস্থা করা হয়েছে বিনা পরসায়। আছে স্বাস্থ্যশিবিরও। ইতিমধ্যেই গঙ্গাসাগরে গিয়ে দুজন অসুস্থ হয়ে পড়েন। তাদের হেলিকপ্টারে করে কলকাতায় নিয়ে আসা হয়েছে। ভর্তি করা হয়েছে বাবু হোসপাতালে।

যে দুই পূজ্যধর্মী গঙ্গাসাগরে গিয়ে অসুস্থ হয়ে পড়েছেন তাদের মধ্যে একজন উত্তরপ্রদেশের বরাবাকির বাসিন্দা। নাম ঠাকুর দাস। বয়স ৭০। স্ট্রোক আক্রান্ত হয়েছেন তিনি। সাগরের হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর তাকে 'এয়ার লিফট' করে কলকাতায় আনা হয়। অপরজন হলেন দক্ষিণ ২৪ পরগনার তালদিরি

হাওড়া থেকে এক টিকিটে গঙ্গাসাগর

মহারানি মণ্ডল (৮৫)। তাকেও 'এয়ার লিফট' করে কলকাতায় এনে বাবু হোসপাতালে ভর্তি করা হয়। মঙ্গলবার সকাল থেকে বুধবার সকাল পর্যন্ত গঙ্গাসাগরের মকর স্নান। এছাড়া দেড় কোটিরও বেশি ভক্ত স্নান করতে আসবেন বলে ধারণা প্রশাসনের। যে সমস্ত ভক্ত আগেভাগেই চলে এসেছেন, তারা কলকাতার বিভিন্ন জায়গা বিশেষ করে কালীঘাট, দক্ষিণেশ্বর প্রভৃতি ঘুরে দেখছেন। রবিবার থেকেই কালীঘাট যাওয়ার বাসে ভিড় উঠতে পড়ছে। হাওড়া স্টেশনের বাইরে তীর্থযাত্রীদের খাওয়া ও বিশ্রামের ব্যবস্থা করা হয়েছে।

অনুদানের আশ্বাস সুকান্তর

কলকাতা, ১২ জানুয়ারি : কেন্দ্রের সঙ্গে যৌথ উদ্যোগে রাজ্য সম্মতি দিলে গঙ্গাসাগরের জন্য কেন্দ্রীয় অনুদান পেতে প্রধানমন্ত্রীর সঙ্গে দরবার করবেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। রবিবার গঙ্গাসাগরমেলার জন্য কেন্দ্রীয় বরাদ্দ নিয়ে বিতর্কে একথা বলেছেন সুকান্ত। কুঞ্জমেলার জন্য কেন্দ্র উত্তরপ্রদেশ সরকারকে বিপুল পরিমাণ আর্থিক সহায়তা দিলেও বাংলার গঙ্গাসাগরমেলার জন্য কেন্দ্র অর্থই দেয় না। প্রতিবাহী গঙ্গাসাগরমেলার ক্ষেত্রে কেন্দ্রের বিরুদ্ধে এই অভিযোগ করেন মমতা বন্দ্যোপাধ্যায়। এবারের তার ব্যতিক্রম হয়নি।

এদিন মুখ্যমন্ত্রীর এই অভিযোগ প্রসঙ্গে সুকান্ত বলেন, 'উত্তরপ্রদেশের সরকার যৌথভাবেই কুঞ্জের আয়োজন করে। এখানে সাধারণের ক্ষেত্রে রাজ্য সরকার যদি কেন্দ্রের সঙ্গে যৌথভাবে কাজ করতে রাজি থাকে, তাহলে সরকার আমাদের জানাক। আমি বিজেপির রাজ্য সভাপতি ও সাংসদ হিসেবে নিজে বিষয়টি নিয়ে প্রধানমন্ত্রীর কাছে দরবার করব।'



স্বামী বিবেকানন্দের বেশে ছোটরা। রবিবার সন্টলেকে। ছবি : আবির চৌধুরী

ফেব্রুয়ারিতেই আরও ১৪৩১টি বাংলা সহায়তাকেন্দ্র

অনলাইনে রাজস্ব বৃদ্ধি

দীপ্তিমান মুখোপাধ্যায়
কলকাতা, ১২ জানুয়ারি : রাজ্য সরকার একাধিক সামাজিক প্রকল্প চলাতে গিয়ে চরম আর্থিক সমস্যার মধ্যে পড়েছে। তাই রাজস্ব আদায়ে আরও জোর দিতে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রাজস্ব বৃদ্ধি করতে অনলাইন ব্যবস্থায় রাজ্য সরকার বিশেষ গুরুত্ব দিয়েছে। তাতেই সফল পেয়েছে হাতেনাতে। বাংলা সহায়তাকেন্দ্রগুলির মাধ্যমে রাজস্ব আদায় প্রায় ৭৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা হাসি ফুটিয়েছে অর্থ দপ্তরের কর্তাদের মুখে। বাংলা সহায়তাকেন্দ্রগুলিতে কোনও দালালরাজ নেই বলে দাবি রাজ্য সরকারের। ফলে সাধারণ মানুষ সহজেই এই কেন্দ্রগুলির মাধ্যমে অনলাইনে কর, খাজনা দিতে পারছেন। অনলাইন ব্যবস্থা চালুর আগে এই খাতে রাজস্ব আদায় অনেক কমে গিয়েছিল। সেই কারণে, আগামী দিনে আরও বেশি সংখ্যায়

বাংলা সহায়তাকেন্দ্র চালুর উদ্যোগ নিয়েছে নবাম। অর্থ দপ্তরের রিপোর্ট, ২০২২-২৩ সালে বাংলা সহায়তাকেন্দ্রের ই-ওয়ালেটের মাধ্যমে ১৬৯ কোটি টাকার লেনদেন হয়েছিল। ২০২৩-২৪ আর্থিক বছরে সেই পরিমাণ বেড়ে দাঁড়িয়েছে ৩০৩ কোটি টাকায়। অর্থাৎ এক বছরেই তা ৭৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। চলতি আর্থিক বছরে অর্থাৎ ২০২৪-২৫ সালে এই বৃদ্ধি আরও ৮০ শতাংশ হতে পারে বলেই আশা করছেন অর্থ দপ্তরের কর্তারা। এই মুহূর্তে বাংলা সহায়তাকেন্দ্রের মাধ্যমে রাজ্য সরকারের ৪০টি দপ্তরে ৩০০টিরও বেশি পরিষেবা পাওয়া যাচ্ছে। বর্তমানে ৩,৫৬১টি বাংলা সহায়তাকেন্দ্র চালু রয়েছে। আরও ১,৪৩১টি বাংলা সহায়তাকেন্দ্র নতুন করে চালু করার উদ্যোগ নিয়েছে নবাম। ফেব্রুয়ারির মধ্যে সেগুলি চালু হয়ে যাবে বলে আশা করছেন নবামের কর্তারা। জমি-বাড়ির খাজনা, মিউনিসিপাল

খরচ, লিজ ফি, বিদ্যুৎ বিল মেটানো সহ একাধিক পরিষেবা বাংলা সুফল
■ ২০২২-২৩ সালে বাংলা সহায়তাকেন্দ্রের ই-ওয়ালেটের মাধ্যমে ১৬৯ কোটি টাকার লেনদেন
■ ২০২৩-২৪ আর্থিক বছরে সেই পরিমাণ বেড়ে দাঁড়িয়েছে ৩০৩ কোটি টাকায়
■ অর্থাৎ এক বছরে তা ৭৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে
■ ২০২৪-২৫ সালে এই বৃদ্ধি আরও ৮০ শতাংশ হতে পারে বলে আশা

খাতে বাংলা সহায়তাকেন্দ্রগুলিতে লেনদেন বেড়েছে ৩৯ শতাংশ। ২০২৩-২৪ সালে ২০২৪ সালে বাংলা সহায়তাকেন্দ্রগুলিতে কৃষিখাতে লেনদেন বেড়েছে ২১ শতাংশ। এছাড়াও শিক্ষাক্ষেত্রে লেনদেন ৫৪ শতাংশ ও সামাজিক প্রকল্পের ক্ষেত্রে ২৫ শতাংশ এই অর্থবর্ষে বৃদ্ধি হয়েছে। অর্থ দপ্তরের কর্তারা জানিয়েছেন, পূর্ব বর্ধমান ও পূর্ব মেদিনীপুরের বাংলা সহায়তাকেন্দ্রগুলিতে সবচেয়ে বেশি লেনদেন হয়েছে। রাজ্যের ১,৩৯ কোটি মানুষ বাংলা সহায়তাকেন্দ্রগুলিতে পরিষেবা নিয়েছেন। বাড়ির কাছে বাংলা সহায়তাকেন্দ্র থাকলে কেউ আর সংশ্লিষ্ট দপ্তরে গিয়ে ফি জমা দিচ্ছেন না। তাতে সময় ও যাতায়াত খরচ দিতে পারে। আবার এর ফলে দালালরাজ্যও রুদ্ধ করা সম্ভব হয়েছে। সেই কারণেই আগামী দিনে আরও বেশি সংখ্যায় বাংলা সহায়তাকেন্দ্র চালুর উদ্যোগ নিয়েছে নবাম।



ভস্মীভূত।।

হাওড়ার একটি কারখানায়। রবিবার। -পিটিআই

রায়ের অপেক্ষায় সিবিআই

কলকাতা, ১২ জানুয়ারি : ৯০ দিনের মাথায় সিবিআই চার্জশিট পেশ করতে না পারায় জামিন পেয়ে গিয়েছিলেন আর্জি করার প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও টালা ধানার প্রাক্তন ওসি অভিঞ্জয় মণ্ডল। ফলে সিবিআই তদন্তের গতিপ্রকৃতি নিয়ে আমজনতাও প্রশ্ন তোলে। সুত্রের খবর, এখন ১৮ জানুয়ারি রায়ের অপেক্ষাতেই রয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। ধর্ষণ ও খুনে বুধবন্তর বড়বস্ত্র ও তথ্যপ্রমাণ লোপাটে সন্দীপ ও অভিঞ্জয়ের বিরুদ্ধে অতিরিক্ত চার্জশিট পেশ করার আগে রায়ের দিকে তাকিয়ে তারা। ধর্ষণ ও খুনে সঞ্জয় রায়কে অভিযুক্ত হিসেবে চার্জশিটে উল্লেখ করেছিল সিবিআই। সন্দীপ ও অভিঞ্জয় জামিন পেতেই সিবিআই দাবি করে, এই ঘটনার এখনও তদন্ত শেষ হয়নি। তাদের বিরুদ্ধে সাক্ষীদের বয়ান এবং তথ্যপ্রমাণ জোগাড় করেছে সিবিআই। সেগুলি একত্রিত করেই আদালতের কাছে অতিরিক্ত চার্জশিট দেবে তারা।



সিমলা স্ট্রিটে স্বামী বিবেকানন্দের পৈতৃক বাড়িতে অভিষেক। রবিবার।

সর্বধর্ম সমন্বয়ের বার্তা অভিষেকের

কলকাতা, ১২ জানুয়ারি : স্বামী বিবেকানন্দের কথা জর্মাণে সর্বধর্ম সমন্বয়ের কথা বলে জর্মাণে বিজেপিকে বিশ্বলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। রবিবার উত্তর কলকাতার সিমলা স্ট্রিটে স্বামীজীর পৈতৃক বাড়িতে তাঁর প্রতিষ্ঠিত মাল্লা দেন অভিষেক। তারপর তিনি বলেন, '৪২ বছর আগে ভারত সরকার বিবেকানন্দের জন্মদিনকে জাতীয় যুব দিবস ঘোষণা করেছিল। স্বামীজী জীব সেবার কথা বলেছিলেন। আগামী দিনে ওঁর মতো মানুষ আমার পাব না। উনি সর্বধর্ম সমন্বয়ের কথা বলেছিলেন। আজ সোটা আমাদের মনে রাখার দিন। জাতি, ধর্ম, বর্ণ, দলমত নির্বিশেষে আমাদের স্বামীজীর দেখানো পথ মেনে চলা উচিত।' অভিষেক বলেন, 'স্বামীজী একমাত্র বিশ্ববরণ্য, বীর সন্মাসী। যিনি বলেছিলেন, গীতা পাঠ অপেক্ষা ফুটবল খেললে ঈশ্বরের বেশি কাজ বাওয়া যায়। এরকম লোক ভারতবর্ষ কেন, গৌটা পৃথিবীতে কোনও দিন খুঁজে পাইনি। আগামী দিনেও পাব না।'

বাড়ি বাড়ি জল সরবরাহ ত্রুটিহীন রাখতে অ্যাপ

দীপ্তিমান মুখোপাধ্যায়
কলকাতা, ১২ জানুয়ারি : ২০২৬ সালের বিধানসভা নির্বাচনের আগে বাড়ি বাড়ি পানীয় জল পৌঁছে দেওয়ার লক্ষ্য নিয়েছে রাজ্য সরকার। প্রকল্পের কাজ কতটা এগিয়েছে, তা নিয়ে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের কর্তাদের সঙ্গে নিয়মিত পর্যালোচনা বৈঠক করছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ৪ জানুয়ারি এই প্রকল্পের কাজ নিয়ে দপ্তরের কর্তারা বৈঠক করেছেন।



অ্যাপ চালু করা হবে।

সেখানে সিদ্ধান্ত হয়েছে, প্রকল্পের কাজ আরও দ্রুত এগিয়ে নিয়ে যাওয়া ও জল সরবরাহে কোনও সমস্যা রয়েছে কি না তা খতিয়ে দেখতে একটি বিশেষ অ্যাপ তৈরি করা হবে। নতুন সংযোগ নেওয়ার জন্য এই অ্যাপের মাধ্যমে যেমন আবেদন করা যাবে, তখনই জল সরবরাহে কোনও বিঘ্ন ঘটবে এই অ্যাপের মাধ্যমে সেই অভিযোগও সঙ্গে সঙ্গে জানানো যাবে। দপ্তরের কর্তারা প্রকল্পের কাজ আরও মসৃণ ও দ্রুত করতে অ্যাপের ওপর বিশেষ নিরীক্ষণ চলতে চলেছে।

ইতিমধ্যেই এই ব্লকে প্রতিটি বাড়িতে জলের সংযোগ দেওয়া সম্ভব হয়েছে। পাইলট প্রোজেক্ট সফল হলে রাজ্যের সর্বত্রই তা চালু করা হবে। খুব শীঘ্রই এই অ্যাপের আনুষ্ঠানিক উদ্বোধন হবে। অ্যাপ তৈরির কাজ অনেকটা এগিয়ে গিয়েছে।'

বিশ্বের দ্বিতীয় স্লথ গতির শহর

কলকাতা, ১২ জানুয়ারি : ১০ কিলোমিটার যেতে সময় লাগে ৩৪ মিনিট ৩৩ সেকেন্ড। এই রেকর্ডেই বিশ্বের দ্বিতীয় স্লথ গতির শহরের তকমা পেল আমাদের প্রিয় কলকাতা। সম্প্রতি 'টমটম' নামে একটি সংস্থা বিশ্বজুড়ে যে 'ট্রাফিক ইনডেক্স' রিপোর্ট পেশ করেছে, তাতে এই তথ্য উঠে এসেছে। 'টমটম'-এর রিপোর্টে জনস্বাস্থ্য কারিগরি দপ্তর সূত্রে জানা গিয়েছে, ইতিমধ্যেই করিমপুর ব্লকে প্রতিটি বাড়িতে জল সরবরাহ হয়েছে। সেই কারণেই এখানে পাইলট প্রোজেক্ট চালু হলে। এই ব্লকের ৮টি পঞ্চায়তের ৬৭টি গ্রামের মোট ৪৩ হাজার ৭৫০টি বাড়িতে জলের সংযোগ দেওয়া হয়েছে। যা লক্ষ্যমাত্রার ১০০ শতাংশ। যে কোনও ব্যক্তি নিজের আনন্ড্রয়েড ফোনের প্লে স্টোর থেকে অ্যাপটি বিনামূল্যে ডাউনলোড করতে পারবেন। এর মাধ্যমে দপ্তরকে কিছু জানাতে গেলে সংশ্লিষ্ট ব্যক্তির আধার কার্ড নম্বর ও ফোন নম্বর যাচাই করা হবে। তারপরই তাঁর দেওয়া বাতাব্য অভিযোগ নথিভুক্ত করা হবে।



অনুযায়ী, স্লথ গতির শহরের তালিকার প্রথম দশে কলকাতা ছাড়াও ভারতের আরও দুটি শহর আছে। সেই দুটি হল বেঙ্গালুরু ও পুনে। গত বছর এই তালিকায় কলকাতার আগে ছিল পুনে। কিন্তু কলকাতা এবার সেই স্থান দখল করেছে। রিপোর্ট অনুযায়ী বিশ্বের স্লথ গতির শহরের তালিকার প্রথমে আছে কলকাতার ব্যারনকুইলা শহর। এই শহরে ১০ কিলোমিটার যেতে সময় লাগে ৩৬ মিনিট।

'বাঞ্ছারামের বাগানে' পিকনিক

রিমি শীল
কলকাতা, ১২ জানুয়ারি : পৌষ মাসের শেষ রবিবার। হালকা মিঠে রোদ ও উত্তরে হাওয়ায় উষ্ণতার পারদ ওঠানো করছে। এই আমেজেই চতুর্ভুজিতের মেজাজে মেতেছে গৌটা রাজ্য। কলকাতা ও শহরতলির বাইরে পিকনিক স্পটগুলিতে উপচে পড়ছে ভিড়। এর মধ্যে পিকনিকের অন্যতম ডেস্টিনেশন 'বাঞ্ছারামের বাগান'। দক্ষিণ ২৪ পরগনার বারইপুরে অবস্থিত ৪ বিঘে জমির ওপর বিস্তীর্ণ এই বাগানেই শুটিং হয়েছিল ১৯৮০ সালে মুক্তিপ্রাপ্ত প্রয়াত মনোজ মিত্র অভিনীত কালজয়ী বাংলা ছবি 'বাঞ্ছারামের বাগান'। শুটিংয়ের ৪৭ বছর পরও চক্রবর্তী পরিবারের এই আমবাগান 'বাঞ্ছারামের বাগান' হিসেবে পরিচিত। শীতের মরশুমে শুধু স্মৃতির টানে নয়, সপ্তাহান্তে এখন

পিকনিকে জমজমাট এই বাগান। চক্রবর্তী পরিবারের পঞ্চম প্রজন্মের সদস্য দ্বৈনিত চক্রবর্তী বলেন, 'শুভব্রতের শেষ থেকেই মানুষ পিকনিকের জন্য এখানে ভিড় করেন। বিশেষ করে সপ্তাহের শেষ দিনগুলিতে চাপ বেশি থাকে। এখানে বিভিন্ন ছবির শুটিং হয়। তাই পিকনিক ও শুটিংয়ের জন্য আলাদাভাবে সময় নির্ধারণ করতে হচ্ছে।' ছুটির দিন অন্যভাবে কাটাতে ভিড় বেড়েছে শহরতলির বাগানবাড়ি ও রিসর্টগুলিতেও। জোকা মেট্রো স্টেশন থেকে কিছুদূর এগিয়ে একটুকরো গ্রাম্য পরিবেশে একটি বাগানবাড়ি। সেখানেও সপ্তাহান্তে ভিড় জমাচ্ছে সাধারণ মানুষ। কর্মী গোপাল দাস জানান, এই মাসে বৃষ্টি ভালোই। শহরের অপরূপ আনন্দ হাওয়া থেকে ভিন্ন মেজাজে শীতের সময় কাটাতে

ভিড় বেড়েছে আনন্দপুরের একটি রিসর্টে। শহরের বুকেই পাহাড়ি পরিবেশের অনুভূতি অনুভব করতে ভিড় থাকছে এখানেও। সেখানকার কর্মী ত্রাণি প্রামাণিক বলেন, 'বছরের শেষ থেকে ফেব্রুয়ারি পর্যন্ত আমাদের এখানে ঠান্ডা ভিড় থাকে।' উত্তর ২৪ পরগনার মধ্যগ্রামের বাদু ইটখোলার একটি পিকনিক রিসর্টেও একই অবস্থা। কর্ণধার কোয়েল মুখোপাধ্যায়ের বক্তব্য, 'শুভব্রতের শেষ থেকেই বৃষ্টি শুরু হয়েছে। রিসর্টের একদিনের ভাড়া ১২ হাজার টাকা।' আবার ডিসেম্বর থেকে ফেব্রুয়ারিতে পিকনিকের মরশুমে মনো কল্যাণে জগতের কর্মরতদের চাহিদা থাকে মুকুন্দপুরের একটি বাগানবাড়িতে। পৈলান হাটের একটি বিখ্যাত রিসর্টেও শীত শুরু হতেই বিভিন্ন জেলা থেকে বৃষ্টি শুরু করে দিয়েছেন মানুষ।

কলকাতা, ১২ জানুয়ারি : মহারাষ্ট্রের মতো বঙ্গে কি আপাতত স্থায়ী সভাপতির জায়গায় কার্যকরী সভাপতি ঘোষণার দিকে এগোচ্ছে দিল্লি বিজেপি? শনিবার সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডার নির্দেশে মহারাষ্ট্রে কার্যকরী সভাপতি হিসাবে রবীন্দ্র চট্টোপাধ্যায়ের নাম ঘোষণা করেছে দিল্লি। এরপরেই বঙ্গ বিজেপিতে সুকান্ত মজুমদারের উত্তরসূরি হিসাবে স্থায়ী সভাপতির বদলে আপাতত কার্যকরী সভাপতির নাম ঘোষণা করার সম্ভাবনা নিয়ে চর্চা শুরু হয়েছে দলের অন্দরে। গত শনিবার মহারাষ্ট্র বিজেপির কার্যকরী সভাপতি হিসাবে মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবীশের ঘনিষ্ঠ বিধায়ক রবীন্দ্র চট্টোপাধ্যায়ের নামে সিলমোহর দিয়েছেন নাড্ডা। এরপরেই রাজ্যের ক্ষেত্রেও মহারাষ্ট্র মডেলই কি গ্রহণ করতে পারেন দিল্লির নেতৃত্ব, তা নিয়েই চর্চা শুরু হয়েছে রাজ্য বিজেপিতে।

ডাম্পারে আগুন, ধূত ১

রায়গঞ্জ, ১২ জানুয়ারি : ডাম্পারের ধাক্কায় মৃত্যুর পর, যাত্রক ডাম্পারে আগুন ধরিয়ে দেওয়ার ঘটনায় একজনকে গ্রেপ্তার করল রায়গঞ্জ থানার পুলিশ। ধূতের নাম সুশান্ত মণ্ডল (৪০) বাড়ি রায়গঞ্জ শহরের শিল্পীনগর এলাকায়। এদিন ধূতকে রায়গঞ্জ মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালতে তোলা হলে বিচারক দু'দিনের জেল হেপাজতের নির্দেশ দেন। রায়গঞ্জ সিজিএম কোর্টের সরকারি আইনজীবী দীপ্তেশ ঘোষ বলেন, 'ডাম্পারের ধাক্কায় মৃত্যু হয়েছিল এক ব্যক্তির। এই ঘটনায় যাত্রক ডাম্পারে আগুন ধরিয়ে দেয় এলাকার বাসিন্দারা। পুলিশ সিপি ক্যামেরার ফুটেজ খতিয়ে দেখে একজনকে গ্রেপ্তার করে। এদিন অভিযুক্তকে রায়গঞ্জ মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালতে তোলা হলে বিচারক দুই দিনের পুলিশি হেপাজতের নির্দেশ দেন।'

ঢলাই রাস্তার শিলান্যাস

কালিয়াচক, ১২ জানুয়ারি : কালিয়াচকের সিয়ামপুর পঞ্চায়েত কালিকাপুর গ্রামে একটি ঢলাই রাস্তার শিলান্যাস হল রবিবার। ক্ষিতে কেটে ও নারকেল ফাটিয়ে কাজের সূচনা হয়। উপস্থিত ছিলেন জেলা পরিষদের বন ও ভূমি কর্মাধক্ষ আবদুর রহমান সহ জনপ্রতিনিধিরা।

কালিকাপুর গ্রামের রাস্তাটি দীর্ঘদিন ধরে বেহাল। এলাকার বাসিন্দারা রাস্তাটির সংস্কারের দাবি জানিয়ে আসছিলেন। অবশেষে এগিয়ে এল মালদা জেলা পরিষদ। জেলা পরিষদের বরাদ্দকৃত টাকায় রাস্তা ঠিক পাকা করা হবে। আবদুর রহমান বলেন, 'গত নিবাচনের সময় থেকেই এলাকার মানুষ রাস্তাটি পাকা করার দাবি জানিয়েছিলেন। তাদের আশা কথা দিয়েছিলাম। জেলা পরিষদ থেকে ১০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। আজকে রাস্তার কাজের সূচনা করা হয়েছে। খুব শীঘ্রই রাস্তাটি পাকা হয়ে যাবে।'

আত্মোৎসর্গ দিবস

রায়গঞ্জ, ১২ জানুয়ারি : বিপ্লবী মাস্টাররা সূর্য সেনের আত্মোৎসর্গ দিবস পালন করল ছাত্র সংগঠন অল ইন্ডিয়া ডিএসও। এদিন সংগঠনের তরফে কাশীবাটীতে শিশু-কিশোরদের নিয়ে ক্রীড়া ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়। ছাত্রছাত্রীদের মোবাইলে আবদ্ধ না থেকে খেলার মাঠে নামার আহ্বান জানান সংগঠনের জেলা সম্পাদক শ্যামল দত্ত।

গ্রন্থাগারের চল্লিশ বছর পূর্তি

রায়গঞ্জ, ১২ জানুয়ারি : চল্লিশ বছর পূর্ণ করল রায়গঞ্জের মধ্য মোহনাবাটী গ্রন্থাগার। এই উপলক্ষে ৯ জানুয়ারি থেকে ১১ জানুয়ারি রাত পর্যন্ত তিনদিন ব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। স্মৃতিস্মা, নাচ, গান, আবৃত্তি, বাঁশির সুর, সাহিত্য আসর দিয়ে সাজানো হয় অনুষ্ঠানমালা। সাহিত্য আসরে রায়গঞ্জের বিশিষ্ট কবি-সাহিত্যিকের অংশগ্রহণে কবিতা, অনুগন্ধে সাহিত্য মেজাজে সমৃদ্ধ হয়ে ওঠে। এই সঙ্গে গ্রন্থাগারের পাঠকের সংখ্যা কমে আসায় উদ্বেগ এবং বৃদ্ধির জন্য নানারকম মত প্রকাশ করেন উপস্থিত জনেরা। সমগ্র অনুষ্ঠান সফলতায় করেন পীযুষ সেনগুপ্ত, সভাপতিত্ব করেন গ্রন্থাগারের সভাপতি সূদেব দাস।

মর্গে পড়ে ৮

প্রথম পাতার পর
কলেজ হাসপাতালে রাখা হয়েছে। ঢাকার মর্গে দীর্ঘদিন ধরে পড়ে রইলেই ইন্টেনসিভ রুফে ইনতাজ, তারকে বাইন, খোকন দাস, অশোক কুমার, কুনালিকার দেহ। কারা দু'বছরের দাবি, সন্দেশই ভারতীয়। অনুপ্রবেশের অভিযোগে বাংলাদেশে তাঁরা বন্দি ছিলেন। শরীয়তপুরের মর্গে রয়েছে সত্যেন্দ্র কুমার ও বাবুল সিংয়ের দেহ। অপারদিকে খুনীর হিমঘরে দীর্ঘদিন ধরে পড়ে রয়েছে সুরজ সিংয়ের দেহ।

বিএসএফ-বিজিবির মধ্যে টানাগোড়েনের মধ্যেই ইউনুসের দেশে পাকিস্তান-প্রীতিও চলছে রায়গঞ্জ। পাকিস্তানে নিমুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মুহাম্মদ ইকবাল খান জানিয়েছেন, পাকিস্তানের ঢাকা ডিসার শর্ট শিফিল করতে চান। পাকিস্তানি নাগরিকরা এখন অনলাইনে বাংলাদেশের ভিসার আবেদন করতে পারবেন। এর পাশাপাশি শেখ হাসিনার বিরুদ্ধে নিত্যানতুন অভিযোগও তোলা হচ্ছে বাংলাদেশে। পূর্বাচলে নতুন শহর প্রকল্পে সরকারি প্লট কেআইনিভাবে নিজেদের নামে করিয়ে নেওয়ার অভিযোগের শেখ হাসিনা, তার বোন শেখ রেজানা সহ ১৬ জনের নামে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

বাংলাদেশের স্বরাষ্ট্র উপদেষ্টার মন্তব্যের জের

তিনবিধায় নয়া জটিলতা

দীপেন রায়

মেখলিগঞ্জ, ১২ জানুয়ারি : যে তিনবিধায় করিডর নিয়ে আন্দোলনে একসময় অনেক রক্ত ঝরেছিল, এখন কি সেই তিনবিধায় চুক্তির ডবিত্যই প্রশ্নের মুখে? এব্যাপারে বাংলাদেশ সরকারের সাম্প্রতিক অবস্থান নিয়ে যৌট পাকছে।

সম্প্রতি তিনবিধায় করিডর সীমান্তে অস্থায়ী কাটাতারের বেড়া দেওয়ায় কেন্দ্র করে উত্তপ্ত হয় এলাকা। রবিবার বর্তমান তিনবিধায় চুক্তি নিয়ে সাংবাদিক সম্মেলন করছেন বাংলাদেশের স্বরাষ্ট্র উপদেষ্টা। সেই খবর সম্প্রচারিত হয়েছে বিভিন্ন সংবাদমাধ্যমে। সেখানে সেন্দেপের স্বরাষ্ট্র উপদেষ্টা মহম্মদ জাহাঙ্গির আলম চৌধুরী বলেছেন, 'দক্ষিণ বেরুবাড়ির বদলে তিনবিধায় করিডর দেওয়া হয়েছে আমাদের। কিন্তু দিনের একটা সময় বন্ধ থাকত করিডর। ২০১০ সালে চুক্তি পুনর্বিবেচনা করে ২৪ ঘণ্টা খোলা রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে, পাশাপাশি জিরো পয়েন্টের কাটাতারের বেড়ার কথা বলা

হয়েছে। কিন্তু আমরা সেই বর্তমান চুক্তি মানি না। আবার তিনবিধায় চুক্তি পুনর্বিবেচনা করা হবে।' সেই বক্তব্য ছড়িয়ে পড়তেই মেখলিগঞ্জের কুলিবাড়ি সীমান্তের তিনবিধায় এলাকায় ক্ষোভ বাড়ছে। তিনবিধায় করিডর হস্তান্তর নিয়ে একসময় যে আন্দোলন হয়েছিল তাতে তিনজন শহিদও হয়েছিলেন। আন্দোলনে ছিল তিনবিধায় বঙ্গপ্রাঙ্গণ কমিটি। সেই কমিটির বর্তমান সম্পাদক উৎপল রায় বলেন, 'আমরা প্রয়োজনে ফের আন্দোলনে নামব। দহগ্রাম-অঙ্গারপোতা খোলা সীমানার জন্য জাতীয় নিরাপত্তা এখন প্রশ্নের মুখে পড়েছে। দহগ্রাম-অঙ্গারপোতা সীমান্তে কাটাতারের বেড়া না হলে আমরা তিনবিধায় করিডর বন্ধের দাবিতে ফের আন্দোলনে নামব।'

দহগ্রাম-অঙ্গারপোতা সীমান্তে কাটাতারের বেড়া নেই। সেজন্যই পাচার ও অনুপ্রবেশ বাড়ছে বলে স্থানীয়রা মনে করছেন। তাই জিরো পয়েন্টে কাটাতারের বেড়া না হলে তাঁরা তিনবিধায় করিডর বন্ধের দাবি তুলেছেন। যদিও এব্যাপারে উচ্চবাচ্য

নেই বিএসএফের। জলপাইগুড়ি সেক্টরের এক বিএসএফ আধিকারিক বলেন, 'চুক্তি পুনর্বিবেচনায় বিষয়টি কেন্দ্রীয় সরকার দেখবে। তবে কোনও চুক্তি যতদিন পুনর্বিবেচনা করা না হয়, ততদিন বর্তমান চুক্তি অনুযায়ী আমরা কাজ করব।' দিন দুয়েক আগে তিনবিধায় করিডর সংলগ্ন ১৩৫ খরখরিয়াকে গ্রামের বাসিন্দারা বিজিবির বাধা উপেক্ষা করে নিজেদের উন্মোচনে অস্থায়ী কাটাতারের বেড়া দিয়েছিলেন। সেই এলাকার বাসিন্দা অনুপ রায়ের বক্তব্য, 'আমাদের এলাকার অনেক জায়গায় বাংলাদেশিরা তাদের ফসল বাঁচাতে প্লাস্টিকের জাল দিয়ে ঘিরে দিয়েছে। আমরা তো বাধা দিইনি। কিন্তু আমরা বেড়া দিতে গেলে বিজিবির বাধা দিতে আসে। আমরা তখন ওদের তিনবিধায় চুক্তির কথা মনে করিয়ে দিই। তারপর পিছু হটে বিজিবির'। অনুপের মতো স্থানীয়দের দাবি, দহগ্রাম-অঙ্গারপোতা কর্তৃকজন অবুধ বাসিন্দা অথবা হাঙ্গামা করার চেষ্টা করে।

ওই এলাকার বাসিন্দা মানস রায় নামে এক তরুণের অভিযোগ, দিনের পর দিন বাংলাদেশিরা তাদের ফসল নষ্ট করছে। খোলা সীমান্ত দিয়ে রোহিঙ্গা সহ বাংলাদেশি দুষ্কৃতীরা ঢুকছে। মানসের সাফ কথা, 'বাংলাদেশ দহগ্রাম- অঙ্গারপোতা সীমান্তে জিরো পয়েন্টের কাটাতারের বেড়ার চুক্তি না মানলে আগের মতো রাতে তিনবিধায় গেট বন্ধ থাকুক বাংলাদেশের জন্য।' তিনবিধায় করিডর বন্ধের ডাক দিয়েছেন ভারতের শাসকদলের নেতারাও। জলপাইগুড়ি জেলা সাধারণ সম্পাদক দরিদ্রাম রায় বলেন, 'ওরা তিনবিধায় চুক্তি না মানলে অসুবিধা নেই। আমরাও চাই তিনবিধায় করিডর বন্ধ করে দেওয়া হোক। ছিটমহল বিনিময় চুক্তি অনুযায়ী বাংলাদেশ ছিটমহল দহগ্রাম-অঙ্গারপোতা ভারতে যুক্ত করে দেওয়া হোক।' আর বিজেপির জলপাইগুড়ি লোকসভা কেন্দ্রের সাংসদ জয়ন্তকুমার রায় বলেন, 'চুক্তি অনুযায়ী খোলা সীমান্তে কাটাতারের বেড়া দেওয়া হবে। কেন্দ্রীয় সরকার অর্থ বরাদ্দও করেছে।'

ব্যাট হাতে ২২ গজে অভিনেতা সুমিত

অর্ণব চক্রবর্তী

ফরাক্লা, ১২ জানুয়ারি : ভালো রান করার মানসিকতা নিয়ে মাঠে নামেন টেলএন্ডাররাও। বোলার ভালো হলে আর কী করা যাবে। প্রথম ডেলিভারিতেই স্কিন বোল্ড। ঠিক সেটাই হল সুমিত গাঙ্গুলির সঙ্গে। ভালো রান করার বাসনা নিয়ে ২২ গজে নেমেছিলেন এই ব্যাটার। কিন্তু বলের লাইন আর লেংথ ঠিকমতো বুঝতে পারেননি বলে বল সরাসরি মিডল স্ট্যাম্পে হিট করে। লজ্জায় জিভ বের করে ফেললেন সুমিত গাঙ্গুলি।



ফরাক্লায় এসে ক্রিকেট খেললেন জনপ্রিয় খলনায়ক। রবিবার তোলা স্বন্দ্যচিত্র।

রবিবার সকালে মইনুল হক ফ্যান ক্লাব পরিচালিত ফরাক্লা চ্যালেঞ্জ কাপ ক্রিকেট টুর্নামেন্টে খেলাতে নেমেছিলেন সুমিত গাঙ্গুলি। নতুন এই ক্রিকেটারের আঁড় একটি পরিচয় রয়েছে। তিনি টেলিউভেতে বিখ্যাত একজন খলনায়ক। সেটা নিজেও স্বীকার করে নিয়েছেন। অভিনেতা বলে, 'সারাটা জীবন অনেক মার

খোয়েছি। কতবার ঘুসি খেয়েছি তার কোনও হিসেব নেই। অন্তত কোটি খামেক তো হয়েছে। কেউ কোমরে মেরেছে, হাতে চোটও পেয়েছি। আসলে নায়িকাদের শাউরি আঁচল ধরে টানলে এসব তো হজম করতেই হবে।' তিনি তারপরের হাত ধরে উল্লেখ করলেন ফরাক্লায়।

সাংবাদিকদের মুখোমুখি হয়ে মইনুল হক বলেন, 'বেশ কয়েক

বছর ধরে এই টুর্নামেন্টে আয়োজন করে চলেছে। যতদিন আছে, খেলাধুলা চালিয়ে যাব। উদ্দেশ্য, বর্তমান প্রজন্মে মোবাইলে আসক্তি যদি কিছুটা হলেও কমে।'

টুর্নামেন্টে অংশ নিয়েছে ১৬টি দল। এদিন প্রথম খেলা ছিল ব্যাটজ জিএম অফিস বনাম সিআইএসএফ। টুর্নামেন্ট শেষ হবে ২৩ জানুয়ারি।

পরকীয়ার সাজা, যুগলকে পুলিশে দিলেন গ্রামবাসী

বিশ্বজিৎ সরকার

রায়গঞ্জ, ১২ জানুয়ারি : পরকীয়ার সাজা করতে গিয়ে গ্রামবাসীর হাতে ধরা পড়ে গেল তরুণ। তাকে মারধর দিয়ে পুলিশের হাতে তুলে দেয় স্কিপ্ত বাসিন্দারা। শনিবার রাতের ঘটনা, কালিয়াগঞ্জের মালগাঁওতে।

শীতের রাতে উষ্ণতার পরশ নিতে রায়গঞ্জের প্রেমিকার বাড়িতে এসেছিল তার প্রেমিক। গ্রামের বাসিন্দারা ওঁত পেতেছিল। দুজনকে নগ্ন অবস্থায় ঘর থেকে বের করে তরুণকে বেধড়ক মারধর দেয়। খবর পেয়ে রায়গঞ্জ থানার পুলিশ ঘটনাস্থল থেকে তরুণকে গ্রেপ্তার করে থানায় নিয়ে আসে। রবিবার অভিযুক্তকে রায়গঞ্জ মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন।

পুলিশ জানিয়েছে, বিবাহিত ওই তরুণীর সঙ্গে দীর্ঘদিন ধরে সম্পর্ক ছিল। এই নিয়ে গ্রামে একাধিকবার সালিশি করা হয়। কিন্তু তারপরেও চূপিসারে ওই তরুণ তার প্রেমিকার বাড়িতে আসা যাতায়াত করত। শনিবার রাতে তাকে হাতেমতে ধরা ফেলে গ্রামের বাসিন্দারা।

আদালতের সরকারি আইনজীবী দীপ্তেশ ঘোষ বলেন, 'অভিযুক্তের বিরুদ্ধে বিকল্পে ধর্ষণের অভিযোগ দায়ের করেছে পুলিশ। বিচারক ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন। অভিযোগ প্রসঙ্গে তরুণকে জিজ্ঞাসা করা হলে তার সাফ জবাব, 'আমি ওকে ভালোবাসি। আমার স্বামী ভিন্নরকমের ছাড়া। আমি ওই তরুণকে বিয়ে করতে চাই।'

দৌড়তে গিয়ে মৃত্যু পড়বার

কোচবিহার, ১২ জানুয়ারি : সঞ্জীব পুরোহিতের কথা মনে করিয়ে দিলেন রিবেশ রাই। সন্ধ্যাপুরে সরকারি চাকরির ক্ষেত্রে শারীরিক সক্ষমতার পরীক্ষা দিতে গিয়ে মৃত্যু হয়েছিল সঞ্জীবের। আর রবিবার উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় আয়োজিত দৌড় প্রতিযোগিতায় অংশ নিতে গিয়ে মৃত্যু হয়েছে রিবেশের।

উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের তরফে স্বামী বিবেকানন্দের জন্মদিন উপলক্ষে ওই দৌড় প্রতিযোগিতার আয়োজন করা হয়। পাভালাবাড়া থেকে বিশ্ববিদ্যালয় পাতলা সাড়ে আট কিলোমিটার দৌড়ানোর কথা ছিল। তবে গন্তব্যে পৌঁছানোর আগেই পুণ্ডিবাড়ি স্বাস্থ্যকেন্দ্র সংলগ্ন এলাকায় হঠাৎই রাস্তায় শুয়ে পড়েন রিবেশ। হাসপাতালে নিয়ে গেলে মৃত বলে ঘোষণা করা হয়।

প্রতিযোগিতা

ডালাগোলা, ১২ জানুয়ারি : এবছর সিপিএমের ২৪ তম জেলা সম্মেলন আগামী ১১ জানুয়ারি অনুষ্ঠিত হতে চলেছে ডালাখোলায়। সম্মেলন উপলক্ষে রবিবার ডালাখোলা গার্লস হাইস্কুলে বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতায় আয়োজন করা হয়। বসে আঁকা প্রতিযোগিতায় ৪৫০ পড়ুয়া অংশগ্রহণ করে। আবৃত্তি, গান ও নৃত্য প্রতিযোগিতায় আয়োজন করা হয়।



সিকিমের নামসুখ ট্রাই-বাল ফেস্টিভালে উত্তর দিনাজপুরের গমীরা দল। রবিবার।

আবাসের ঘর পাওয়ায় শুভেচ্ছা বিরোধীদের

সাজাহান আলি

পতিরাম, ১২ জানুয়ারি : সিপিএমের প্রাক্তন পঞ্চায়েত প্রধান ও পদ্মের প্রাক্তন পঞ্চায়েত সদস্য মিস্ত্রির প্যাকেট দিয়ে শুভেচ্ছা জমােল তৃণমূল নেতৃবৃন্দ। শুনেই খটকা লাগলেও বাস্তবে সেটাই ঘটেছে। রবিবার এমন ঘটনার সাক্ষী থাকল ৮ নম্বর নাজিরপুর পঞ্চায়েত।

আবাস যোজ্ঞায় ঘর পেয়েছেন নাজিরপুর পঞ্চায়েতের আগের বোর্ডের সিপিএম প্রধান শুভেন্দু মার্ডি এবং পদ্মের প্রাক্তন পঞ্চায়েত সদস্য সন্তোষ পাল। এই দুই প্রাপককে রবিবার তৃণমূল নেতৃবৃন্দ তাদের বাড়িতে গিয়ে তাদের হাতে মিস্ত্রির প্যাকেট হাতে তুলে দেয়। জানানো হয় নতুন বছরের শুভেচ্ছা। সাথে নির্মীয়মাণ ঘরের কাজও দেখা হয়। তৃণমূলের তরফে দলে ছিলেন প্রাক্তন ব্লক তৃণমূল সভাপতি বিভাসরঞ্জন চ্যাটার্জি, নাজিরপুর অঞ্চল সংখ্যাধ্ব স্নেল ও শ্রমিক সংগঠনের সভাপতি মইনুল মণ্ডল, শুভজিৎ মণ্ডল প্রমুখ।

তৃণমূল নেতা বিভাসরঞ্জন চ্যাটার্জি বলেন, 'কেব্দ দীর্ঘদিন ধরে বাংলা আবাস যোজ্ঞার টাকা বন্ধ করে রেখেছে। তা সত্ত্বেও রাজ্য সরকারের তরফে ঘরের জন্য অর্থ বরাদ্দ করেছে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তৃণমূল চায়, সবাইকে নিয়ে মিলেমিশে চলতে। দল সিদ্ধান্ত নিয়েছে, আবাসের ঘর পাওয়া প্রাপকদের মিস্ত্রির প্যাকেট দিয়ে শুভেচ্ছা জানানো।' বিভাসবাবু আরও বলেন, 'তৃণমূল আমরা-ওরা ভেদাভেদ চায় না। চায় সকলের উন্নয়ন।'

আবাসের ঘর ও তৃণমূলের তরফে মিস্ত্রির প্যাকেট সহ শুভেচ্ছা পেয়ে প্রাক্তন সিপিএম প্রধান এবং বিজেপির প্রাক্তন পঞ্চায়েত সদস্য রাজ্য সরকার ও মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

কলেজের সামনে নির্মাণসামগ্রীর ব্যবসা

সৌরভকুমার মিশ্র

হরিশ্চন্দ্রপুর, ১২ জানুয়ারি : হরিশ্চন্দ্রপুর কলেজের সামনে ফুটপাথ দখল করে লস্কে নির্মাণ সামগ্রী বোঝাকোনা। ফুটপাথে দিনের পর দিন ফেলে রাখা হচ্ছে পাথর, বালি সহ বাড়ি তৈরির একাধিক সামগ্রী। দুর্ঘটনার আশঙ্কা ক্রমশ বাড়ছেও অভিযোগে প্রশাসন উদাসীন।

কলেজ ছাত্রী সুমাইয়া ইয়াসমিন বলেন, 'আমরা দূর থেকে এই কলেজে পড়তে আসি। বাস থেকে দেখাচ্ছে নামি সেখানে ফুটপাথে পড়ে থাকে পাথর, বালি, সিমেন্ট। আমাদের সমস্যা হয়। কিন্তু কোনও ব্যবস্থা হচ্ছে না।' স্থানীয় বাসিন্দা দীপক দাস বলেন, 'ওই এলাকায় দীর্ঘদিন ধরেই ফুটপাথ দখল করে নির্মাণ সামগ্রীর ব্যবসা চলেছে। প্রশাসন এগুলো দেখেও দেখে না। ওখানে এর আগে বেশ কয়েকবার দুর্ঘটনা ঘটেছে। অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা উচিত।' হরিশ্চন্দ্রপুর উন্নয়ন সমিতির সম্পাদক মিজিউদ্দিন আহমেদের কথায়, 'খুবই উদ্বেগজনক ঘটনা। কলেজের সামনে এইভাবে ফুটপাথ দখল হলে দুর্ঘটনার আশঙ্কা থেকেই যায়। অবিলম্বে বিষয়টি প্রশাসনকে দেখা উচিত। এ প্রসঙ্গে ন্যাশনাল হাইওয়ের মালদা ডিভিশনের এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার দিগন্ত কুণ্ডু বলেন, 'জাতীয় সড়কের ফুটপাথে দখল করে কখনও ধান মড়াই, কখনো হাঁট, বালি, পাথর সহ নির্মাণ সামগ্রী জড়ো করে রাখা হয়। এ বিঘ্যে এলাকার মানুষদের সচেতন করা হচ্ছে।' ফুটপাথ দখলমুক্ত করতে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছেন হরিশ্চন্দ্রপুর পুলিশ।

কোথাও বাংকার

প্রথম পাতার পর
বিরুদ্ধে সোচারা হন। তাঁদের দাবি, বিজিবির ও বাংলাদেশি দুষ্কৃতীদের বিরুদ্ধে ত্ত্র পদক্ষেপ নিন বিএসএফ।

সম্প্রতি উত্তর দিনাজপুর জেলায় বিএসএফের হাতে মোট নয়জন অনুপ্রবেশকারীকে গ্রেপ্তার করা হয়েছে। সীমান্ত সুরক্ষা বাহিনীর এক পদত্ব আধিকারিক জানান, কাটাতারহীন জল সীমান্ত এলাকায় নজরদারি বাড়ানোর পাশাপাশি কাটাতার বিছিয়ে বিভিন্ন রাস্তা ব্লক করে দেওয়া হয়েছে। তিনি বলেন, এখনও পর্যন্ত তিনবার রায়গঞ্জ মিটিং হয়েছে। বিজিবিকে স্পষ্ট জানানো হয়েছে, দুষ্কৃতীরা তাগুব ও ভারতীয় কৃষকদের হারানি করা বন্ধ না করলে এপার থেকেও পদক্ষেপ নেওয়া হবে। আশা করা যায় ওরা বুঝেছে। এদিকে বালুরঘাট ব্লকের শিবরামপুর সীমান্তে রবিবারও কাটাতারের বেড়া দেওয়ার কাজ শুরু করতে পারল না বিএসএফ। বালুরঘাটের বিধায়ক অশোককুমার লাহিড়ী এদিন দুপুরে বিএসএফ আধিকারিককে সঙ্গে নিয়ে গোটা শিবরামপুর সীমান্ত পরিদর্শন করেন। সীমান্ত সংলগ্ন এলাকার সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন।

এদিকে বালুরঘাট ব্লকের অমৃতখণ্ড গ্রাম পঞ্চায়েতের ভুলকিপুর গ্রামে অন্য চিত্র। স্থানীয় গ্রামবাসীদের বাধায় কাটাতারের বেড়া দেওয়ার কাজ বন্ধ রাখতে ব্যর্থ হল বিএসএফ। ৫৭টি আদিবাসী পরিবার বাস করে। সকলের জীবিকা কৃষিকাজ। বেশ কিছুটা এলাকায় উন্মুক্ত সীমান্ত। গ্রামবাসীদের বক্তব্য, যেভাবে বেড়া দেওয়া হচ্ছে, তাতে জমি এবং নিরাপত্তা দুটো নিয়েই আশঙ্কায় থাকতে হবে। এই দুটো জিনিস নিশ্চিত করে বেড়া দিতে হবে। খবর পেয়ে এদিন দুপুরে ঘটনাস্থলে যান বালুরঘাট থানার আইসি সুমন্ত বিশ্বাস। তিনি বিএসএফ আধিকারিক ও গ্রামবাসীদের সঙ্গে কথা বলেন, কিন্তু এখনিও পর্যন্ত সমাধান সূত্র মেলেনি। (তথ্য সংগ্রহ: বিশ্বজিৎ সরকার, রূপক সরকার ও সুবীর মহন্ত)


উদ্ধার গবাদিপশু

প্রথম পাতার পর
পালন করছেন। এদিকে বালুরঘাট ব্লকের শিবরামপুর সীমান্তে রবিবারও কাটাতারের বেড়া দেওয়ার কাজ শুরু করতে পারল না বিএসএফ। বালুরঘাটের বিধায়ক অশোককুমার লাহিড়ী এদিন দুপুরে বিএসএফ আধিকারিককে সঙ্গে নিয়ে গোটা শিবরামপুর সীমান্ত পরিদর্শন করেন। সীমান্ত সংলগ্ন এলাকার সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন।

এদিকে বালুরঘাট ব্লকের অমৃতখণ্ড গ্রাম পঞ্চায়েতের ভুলকিপুর গ্রামে অন্য চিত্র। স্থানীয় গ্রামবাসীদের বাধায় কাটাতারের বেড়া দেওয়ার কাজ বন্ধ রাখতে ব্যর্থ হল বিএসএফ। ৫৭টি আদিবাসী পরিবার বাস করে। সকলের জীবিকা কৃষিকাজ। বেশ কিছুটা এলাকায় উন্মুক্ত সীমান্ত। গ্রামবাসীদের বক্তব্য, যেভাবে বেড়া দেওয়া হচ্ছে, তাতে জমি এবং নিরাপত্তা দুটো নিয়েই আশঙ্কায় থাকতে হবে। এই দুটো জিনিস নিশ্চিত করে বেড়া দিতে হবে। খবর পেয়ে এদিন দুপুরে ঘটনাস্থলে যান বালুরঘাট থানার আইসি সুমন্ত বিশ্বাস। তিনি বিএসএফ আধিকারিক ও গ্রামবাসীদের সঙ্গে কথা বলেন, কিন্তু এখনিও পর্যন্ত সমাধান সূত্র মেলেনি। (তথ্য সংগ্রহ: বিশ্বজিৎ সরকার, রূপক সরকার ও সুবীর মহন্ত)

সংবর্ধিত সাংবাদিক

জলপাইগুড়ি, ১২ জানুয়ারি : বস্তনিষ্ঠ সাংবাদিকতার পাশাপাশি বাংলা সাহিত্যে তাঁর অবদানের স্বীকৃতি হিসেবে শিলিগুড়িতে দু'দিনব্যাপী গিটল ম্যাগাজিন মেলায় বাংলা অ্যাকাডেমির পক্ষ থেকে 'উত্তরবঙ্গ সংবাদ'-এর সাংবাদিক জ্যোতি সরকারকে সর্বস্বর্ণা জানানো হল। বাংলা অ্যাকাডেমির সচিব বাসুদেব ঘোষ তাঁর হাতে সম্মাননা তুলে দেন।



গঙ্গারামপুরের ছাত্র রিহান চৌধুরী
(৭) ছোট থেকে যোগাসনে পারদর্শী
হয়ে উঠেছে। ইতিমধ্যে একাধিক
পুরস্কার জিতেছে।

ব্যতিক্রমী বুনিয়াদপুর

সারা রাজ্যে যখন প্রতিবেশী দেশের প্রকাশনা এবং লেখকদের বই বিক্রি বন্ধ, সেখানে বুনিয়াদপুরে সদস্যসমাপ্ত বইমেলায় ওপার বাংলার প্রায় লক্ষ টাকার বই বিক্রি হল



বিক্রেতার আসনে নজর কাড়ছে ক্লাস 'টু'র খুদে

বুনিয়াদপুর, ১২ জানুয়ারি : লিটল ম্যাগাজিনের স্টলে খুদে বিক্রেতা তাক লাগিয়েছে এবারের দক্ষিণ দিনাজপুর জেলা বইমেলায়। বইমেলায় শুরুর দিন থেকে বাবার বইয়ের স্টলে ৮ বছরের ক্লাস টুয়ের ছাত্র বোধিদীপ্ত দে বই বিক্রি করে চলেছে। ২০ নং স্টলে বইপ্রেমীরা এলেই বাবার লেখা বইগুলির বিষয়বস্তু সাবলীলভাবে বলতেই অবাক বইপ্রেমীরা। অনেকের ইচ্ছে না থাকলেও খুদে বিক্রেতার দিকে তাকিয়ে বই সংগ্রহ করেছেন অনেকেই। বই বিক্রি থেকে বিল করে টাকা নিয়ে বই পাঠকদের হাতে তুলে দেওয়া পর্যন্ত একাই করছে



বোধিদীপ্ত দে। জানা গেছে বাবা বাঙ্গালিরা দে একজন স্থানীয় কবি ও সাহিত্যিক। তিনি বইমেলা কমিটিতে থাকার সুবাদে এবং মঞ্চ সহ বিভিন্ন ব্যবস্থাপনার দায়িত্বে থাকার কারণে নিজের লেখা বইয়ের স্টলে বসতে না পারার কারণে তার কনিষ্ঠ পুত্র সামলিয়েছে স্টলটি। মাঝেমধ্যে স্টলে এসে ছেলেকে গাইড করেছেন তিনি। প্রায় আড়াই হাজার টাকার বই বিক্রি হয়েছে এই স্টলটি থেকে।

মেলায় চুটিয়ে বিক্রি বাংলাদেশের বইয়ের

অনুপ মণ্ডল

বুনিয়াদপুর, ১২ জানুয়ারি : এবারের বইমেলায় বাংলাদেশের স্টল না থাকলেও বাংলাদেশের বই পাওয়া গেছে বেশ কয়েকটি স্টলে। ২৯তম দক্ষিণ দিনাজপুর জেলা বইমেলায় ৬৪টি স্টল-এর মধ্যে ৫টি স্টল ছিল ইসলামিক বই স্টল। এই স্টলগুলিতে অধিকাংশ বই ছিল বাংলাদেশের প্রকাশনী সংস্থা ও লেখকদের।

মেলায় শুরুর দিন থেকে শেষ দিন পর্যন্ত প্রতিটি ইসলামিক স্টলে ভিড় ছিল। মেলায় ৪৭ নম্বর স্টল ইসলামিক বুক হাউসে বই বিক্রি হয়েছে প্রায় ৩৫ হাজার টাকার, ৫০ নম্বর স্টল তালিম প্রকাশনীতে ৩০ হাজার টাকার, ৬৩ নম্বর স্টল সুশিক্ষা প্রকাশনীতে ৩৫ হাজার টাকার, ৫৪ নম্বর স্টল কোচবিহারের হক লাইব্রেরিতে ৩০ হাজার টাকার। এছাড়া ৫৫ নম্বর স্টল বুনিয়াদপুরের ইসলামিক

বুক স্টলে প্রায় ৭৫ হাজার টাকার বই বিক্রি হয়েছে। সবচেয়ে বেশি ইসলামিক বই বিক্রি হয়েছে বুনিয়াদপুর ইসলামিক বুক স্টলে। যার কর্ণধার হাজি আবদুল লতিফ মিনা জানান, স্থানীয় বই বিক্রেতার সুবাদে পরিচিতি বেশি, যার কারণে বেশি বই বিক্রি হয়েছে।

বাংলাদেশের লেখক ও প্রকাশকদের মধ্যে যে সব বই বেশি বিক্রি হয়েছে তার মধ্যে রয়েছে মিজানুর রহমানের 'ম্যাসেজ' ও 'সুরা ইউসুফ', আব্দুর রাজ্জাকের 'কে বড় লাভান', মতিউর রহমানের 'দ্য কেয়ারিং ওয়াইফ', মুফতি মোহাম্মদের 'পদ', শাফিউর রহমানের 'আর রাহিকুল মাকতুম'। এ ছাড়াও অন্য বইও বিক্রি হচ্ছে।



মহিপাল থেকে এসেছেন আসাদুর রহমান। বলেন, 'বইমেলায় আগে আমরা শুনি বাংলাদেশের প্রকাশক বইমেলায় আসছে না। জেলার বইমেলায় প্রতি বছর বাংলাদেশের স্টলে নানান লেখকের লেখা বই কিনে থাকি। দেখতে পাচ্ছি বেশ কয়েকটি ইসলামিক বুক স্টল বইমেলায় বসেছে। বাংলাদেশের লেখকের লেখা দুটি বই কিনলাম।' একাদশের পড়ুয়া পারভীন জানালেন, 'ইসলামিক স্টল থেকে বাংলাদেশের একটি বই কিনলাম। বাংলাদেশের সাহিত্য ও সংস্কৃতি জানার ইচ্ছে আছে।'

শক্তি হল জীবন, দুর্বলতা হল মৃত্যু...



স্বামীজির বেশে। রবিবার রায়গঞ্জে ছবিটি তুলেছেন দিবাকর সাহা।

মালদায় পিঠেপুলির হোম ডেলিভারি

তানিয়া চৌধুরী

মালদা, ১২ জানুয়ারি : শীতের সন্ধ্যা। হুহু করে বইছে হিমেল হাওয়া। তারমধ্যেই মাটির উনুনে গনগনে আঁচ বাচাতে মরিয়া মাকিকিমা। এদিকে, কাঁপা হাতে সরাসরি চালগুড়োর গোলা চালছে ঠামা। তেজপাতা দিয়ে সেটাকে আরেকটু ছড়িয়ে দিয়েছে ছেড়ে দিচ্ছে নারকেল বা ক্ষীরের পুর। হাঁ করে তার দিকে তাকিয়ে থাকা ছিল অধিকার। দয়া পরবশ হয়ে ইন্দ্রিয়ার ঠাকুরনের মতো ঠামাও হাতে গুঁজ দিতেন পিঠে।



পাটিসাপটা ক্ষীরের ২০ টাকা
নারকেলের ১০ টাকা
ক্ষীরের দুধপুলি ৬টা ১০০ টাকা

জরুরি তথ্য ব্লাড ব্যাংক

(রবিবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

■ মালদা মেডিকেল কলেজ এ পজিটিভ	- ৭
এ নেগেটিভ	- ৩
বি পজিটিভ	- ১২
বি নেগেটিভ	- ০
এবি পজিটিভ	- ৩
এবি নেগেটিভ	- ১
ও পজিটিভ	- ৯
ও নেগেটিভ	- ২

(এই সংখ্যা লোহিত রক্ত কণিকার)

■ রায়গঞ্জ মেডিকেল এ পজিটিভ	- ০
এ নেগেটিভ	- ০
বি পজিটিভ	- ০
বি নেগেটিভ	- ০
এবি পজিটিভ	- ০
এবি নেগেটিভ	- ০
ও পজিটিভ	- ০
ও নেগেটিভ	- ০

■ বালুরঘাট হাসপাতাল এ পজিটিভ	- ১৬
এ নেগেটিভ	- ০
বি পজিটিভ	- ১৭
বি নেগেটিভ	- ০
এবি পজিটিভ	- ২৫
এবি নেগেটিভ	- ০
ও পজিটিভ	- ৮
ও নেগেটিভ	- ০

একটা সময় মধ্যবিত্ত পরিবারে পৌষ-পার্বণের দিনের এ দৃশ্য ছিল চিরন্তন। সময় পালটেছে। নিউক্লিয়ার পরিবারের পরিসরে পিঠে তৈরি 'সময় সাপেক্ষ'। আবার পিঠের স্বাদের সঙ্গে কম্প্রোমাইজ করাও দূরহ। তাই ভরসা 'রেডিমেড'। বাস, একটা ক্রিকের কামাল। ফোনে অর্ডার করলেই বাড়িতে পৌঁছে যাবে গরম গরম পিঠে। সঙ্গে সেই চিরচেনা ছোটবেলার গন্ধ।

মালদা শহরে হোম ডেলিভারিতে পিঠে পৌঁছে দেন চিরঞ্জিত ঘোষ। তার মা রেবানানি ঘোষ নিজের হাতে বানান পলিপিঠে, পাটিসাপটা, খেড়র গুড়ের পায়ের। তাঁরা ক্ষীরের পাটিসাপটা ২০ টাকা ও নারকেলের ১০ টাকা করে বিক্রি করেন। ৬টা ক্ষীরের দুধপুলির দাম ১০০ টাকা। নারকেলের দুধপুলি ৭০ টাকা। চিরঞ্জিতের কথায়, 'অগ্রহায়ণ থেকে শুরু হয় ডেলিভারি। সকালে অর্ডার এলে সঙ্গেই গরম গরম পিঠে দিয়ে আসি। ফেসবুকে বিজ্ঞাপন দিই। ভালো বিক্রি হচ্ছে। উৎসবের

দিনগুলোতে চাহিদা বেশি থাকে।' মায়ের হাতের রান্না খাওয়া হয় না কোচবিহারের রিমা দাসের। মালদার মেসে থেকে পড়াশোনা করেন তিনি। এমন খটখটে জীবনে ব্লাড ব্যাংক কেনের পিঠে তবু আরাম দেয়। তাঁর মতে, 'ঠামা'র কথা মনে পড়লেই পিঠে অর্ডার করি। একই হলেও মনে হয় ছোটবেলাকে ছুঁতে পারি।'

ক্রাউড কিচেন যদিও হালে এসেছে। পিঠের ক্ষেত্রে কিন্তু শহরের আবেগ পুরোনো ঐতিহ্যবাহী মিস্তির দোকান। ইংরেজবাজারের প্রাণী হাসপাতালের উলটোদিকের দোকানটায় ব্যস্ত হাতে খন্দের সামলাচ্ছিলেন সুবোধ কণ্ডু। তাঁর বক্তব্য, 'নিজের হাতে বানিয়ে বিক্রি করা হয় না। অর্ডার থাকলে মালপোয়া, পাটিসাপটা বিক্রি করি। বহুদিনের বিশ্বস্ত বলে মানুষ ভরসা করেন আমাদের।' রোববারের সকাল। টিমেতালে চলার দিন একটু পেট বাবাজিকে তোয়াজ না করলে কেমন লাগে!

কুলিকে জলজ পাখির গণনা শুরু

রায়গঞ্জ, ১২ জানুয়ারি : রবিবার সকালে রায়গঞ্জ কুলিক পাখিরালয়ে শুরু হল ২০২৪-এর শীতকালীন জলজ পাখি গণনা। এই উপলক্ষে রবিবার রায়গঞ্জ কুলিক অভয়ারণ্যে অংশ নিয়েছিলেন বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থার সদস্য, স্কুল শিক্ষক ও পাখিপ্রেমীরা।

রায়গঞ্জ ফরেস্ট ডিভিশনের আধিকারিক ডুপনে বিশ্বকর্মা বলেন, 'আজ এই শীতকালীন জলজ পাখি গণনার কাজ শুরু হল। এতে উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলার বিভিন্ন জলাশয়ের পাশে পাখিদের গণনা করা হবে। আগামী ২ ফেব্রুয়ারির মধ্যে এই গণনা শেষ হবে।' রায়গঞ্জের এক পাখিপ্রেমী দেবানিশ দে'র বক্তব্য, 'রায়গঞ্জ কুলিক পাখিরালয় ছাড়াও আশপাশের জলাশয়তে জিরিয়া, কাদাখোতা, সরাল, পানকৌড়ি, মাছরাঙা, কোচ বক, মেটে রাজহাঁস, বার হেডেড গুঞ্জ-এর মতো স্থানীয় ও পরিযায়ী পাখিদের দেখতে পাওয়া যায়। কিছু শীতকালীন পরিযায়ী জলজ পাখি হিমালয় পার করে দক্ষিণ ঢালে আমাদের এখানে আসে।'

কুলিক অভয়ারণ্যের রেঞ্জার মধুমিতা পাল্লের বক্তব্য, 'কুলিক পাখিরালয়ের মধ্যবর্তী আবলুঘাটা, ধানগাড়া, শিয়ালমণি এবং কুলিকে এদিন গণনা করা হয়। আজ সকালে অভয়ারণ্যে শুরু হওয়া এই কর্মসূচিতে অংশ নিয়েছিলেন হিমালয়ান ম্যাউন্টেনরিয়ার্স অ্যান্ড ট্রেকার্স অ্যাসোসিয়েশনের, ফোটোগ্রাফিক প্রিন্স, উত্তর দিনাজপুর পিপলস ফর অ্যানিমালসের মতো স্বেচ্ছাসেবী সংস্থার সদস্যরা।

স্কুলে পড়াশোনার মান নিয়ে প্রশ্ন টিউশনিতে ভরসা অভিভাবকদের



দীপঙ্কর মিত্র

রায়গঞ্জ, ১২ জানুয়ারি : ২০২৫ শিক্ষাবর্ষের শুরুতেই মধ্যশিক্ষা পর্ষদ প্রতিটি স্কুলের শিক্ষক ও শিক্ষাকর্মীদের উদ্দেশ্যে কতগুলি কড়া নির্দেশিকা জারি করেছেন। যদিও এই নির্দেশিকা আগেও ছিল। কিন্তু তা উপেক্ষা করেই বহু স্কুল শিক্ষক-শিক্ষাকর্মী নির্দিষ্ট সময়ে স্কুলে আসেন না, ছুটির আগেই বাড়ি চলে আসেন এবং টিউশনি করেন। মধ্যশিক্ষা পর্ষদ এবার প্রথম থেকেই কড়া পদক্ষেপ নিতে চলেছে।

প্রতিটি স্কুলের প্রধান শিক্ষক-শিক্ষিকার কাছে একগুচ্ছ নির্দেশ পাঠানো হয়েছে। বলা হয়েছে, শিক্ষক-শিক্ষিকারা টিউশনি পড়াতে পারবেন না। কেউ কোনও ব্যবসার সঙ্গে যুক্ত হতে পারবেন না। প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অর্থ উপার্জন হয়, এমন কিছু করা যাবে না। পড়ুয়াদের মানসিক এবং শৈশবিক শক্তি দেওয়া যাবে না বলেও জানানো হয়েছে।

তথ্য অনুযায়ী, অনেক শিক্ষক-শিক্ষিকার বোলা সাড়ে ১১টার পরেও স্কুল যাচ্ছেন। ছুটি হওয়ার আগেই চলে আসছেন। এমনকি, উচ্চমাধ্যমিক পরিবার জেলা জয়েন্ট কন্ডেনার প্রস্নকুমার দত্ত বলেন, 'স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের টিউশনি পড়ানো উচিত নয়। বহুদিন আগেই এই নির্দেশ দেওয়া হয়। তারপরও বহু শিক্ষক বাড়িতে রোজগারের জন্য টিউশনি পড়াচ্ছেন। সরকারি শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে সুষোগসুবিধা দেন। তারপর তারা আইনবিরোধী কাজ করছেন। নির্দেশ আমারা করে তার আগামীদিনেও এমনিটা করলে কড়া শাস্তির মুখে পড়তে হবে।'

অডিটোরিয়াম তৈরিতে উদ্যোগী কালচাঁদ হাইস্কুল

পুরাতন মালদা, ১২ জানুয়ারি : দীর্ঘদিন ধরেই গুঞ্জন চলছিল পুরাতন মালদা শহরে একটি অডিটোরিয়ামের প্রয়োজন। সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য একটি নির্দিষ্ট স্থানের অভাবে শহরবাসীরা বঞ্চিত। এমনকি, স্কুল-কলেজের ছাত্রছাত্রীদের অনুষ্ঠান করতেও সমস্যা দেখা দিচ্ছে। এবারে এই সমস্যা সমাধানে এগিয়ে এসেছে গুড মালদা কালচাঁদ হাইস্কুল।

স্কুল কর্তৃপক্ষ তাদের মূল ভবনের সামনে বাস্তব পশ্চিম দিকে পরিত্যক্ত একটি ল্যাবরেটরি ভবন



শুরু হয়েছে ল্যাবরেটরি ভাঙার কাজ। - সংবাদচিত্র

ভেঙে সেখানে একটি অডিটোরিয়াম নির্মাণের পরিকল্পনা করেছে। ওই প্রস্তাবটি তারা পুরসভার কাছেও পেশ করেছে। পুরসভা যদি ওই প্রস্তাবে সন্মত হয়, তাহলে স্কুল ছাড়াও অন্য শিক্ষাপ্রতিষ্ঠান ও সাংস্কৃতিক সংগঠন ওই অডিটোরিয়াম ব্যবহার করতে পারবে।

পুরসভার তরফে কোনও সুনির্দিষ্ট উত্তর পাওয়া যায়নি। স্কুল কর্তৃপক্ষ নিজেদের উদ্যোগেই ভবন ভাঙার কাজ শুরু করেছে বলে জানান স্কুলের প্রধান শিক্ষক রাহুলরঞ্জন দাস। পূর্ব চেয়ারম্যান কার্তিক ঘোষ বলেন, 'স্কুলের তরফে মৌখিক প্রস্তাব পাওয়া গিয়েছে। আমরা যদি পর্যাপ্ত ফান্ড পাই তাহলে অডিটোরিয়াম তৈরি উদ্যোগে নেব।'

স্মরণে বিধায়ক

বালুরঘাট, ১২ জানুয়ারি : আরএসপি প্রতীকতা সদস্য তথা বালুরঘাটের প্রাক্তন বিধায়ক প্রয়াত ডঃ ধীরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের স্মরণসভা আয়োজিত হল বালুরঘাটে। বৃষবার সন্ধ্যায় বালুরঘাট থানা মোড়ে তার আবক্ষ মূর্তিতে মালদান করে শ্রদ্ধা জ্ঞাপন করল আরএসপি'র শ্রদ্ধা সংগঠন ইউনাইটেড ট্রেড ইউনিয়ন কংগ্রেস। ১৯২১ সালে অসহযোগ আন্দোলনে ছিলেন তিনি। রাজশাহী কলেজে পড়ার সময় স্বাধীনতা আন্দোলনে অনুশীলন সমিতির সদস্য হন।




১১ নম্বর ওয়ার্ডে নেই কোনও ট্যাপকল। - সিদ্ধার্থশংকর সরকার

বাবার স্বপ্ন পূরণে রোগীদের জন্য ফ্রি হোটেল

দীপঙ্কর মিত্র

রায়গঞ্জ, ১২ জানুয়ারি : রায়গঞ্জে চিকিৎসা করতে এসে প্রথমেই উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার ডিপোর উলটোদিকে ছুটছে রোগীর পরিজনরা। অধিকাংশই দুঃস্থ পরিবারের। বিষয়টি ঠিক কি? এর উত্তর হল, বিগত প্রায় ১ বছর ধরে রোগীর পরিজনদের বিনামূল্যে মাথা গোঁজার ঠাই দিচ্ছে রায়গঞ্জের বিশ্বাস পরিবার।

রায়গঞ্জ মেডিকেল অথবা ওই শহরের কোনও নার্সিংহোমে চিকিৎসা করতে যাওয়ার আগে বড় দৃশ্টিশক্তি। থাকবে কোথায়? চিকিৎসার খরচ জোগাতেই হিমসিম খাওয়ার জোগাড়। তার ওপরে, বাড়তি হোটেল খরচ যেন মরার উপরে বাড়ার ঘা। এমতাবস্থায়, ওই পরিবারের সুকুমার বিশ্বাস ১ বছর আগে মৃত্যুশয্যায় স্ত্রী ও দুই ছেলেকে



বলে গিয়েছিলেন, আগামীতে তাঁরা হোটেল ব্যবসার পাশাপাশি যেন দুঃস্থ পরিবারগুলির রায়গঞ্জের ব্যবস্থা করে। স্বামী এবং পিতার নির্দেশমতো স্ত্রী কল্পনা বিশ্বাস ও ছেলে যুবরাজ বিশ্বাস এই পরিষেবা চালু করেছেন। তাঁদের হোটেলের উদ্ভিগিরিতে ১০ জন পুরুষের থাকার ব্যবস্থা

রয়েছে। শর্ত একটাই সঙ্গে থাকতে হবে, হাসপাতাল বা নার্সিংহোমের ভিজিটিং কার্ড।

হোটেলের খাতাপত্র দেখতে দেখতে কল্পনাদেবী বলেন, 'আমার দুই ছেলে শিক্ষকতা করেন। তাই আমাকেই ব্যবসা সামলাতে হয়। স্বামী মারা যাওয়ার আগে দুঃস্থ

ছবি। ক্যাম্পাসে পুরসভার উদ্যোগে রয়েছে আশ্রয়ীদের রায়গঞ্জের ব্যবস্থা। কিন্তু সবাই সেখানে থাকতে পারেন না। আর যাদের চিকিৎসার সামর্থ্যই স্বাস্থ্যসাধী কার্ড, তারা বাড়ি বা হোটেল ভাড়া নিবে, এই কথা ভাবাই অপরাধ।

এমতাবস্থায় যাতে কেউ দালালের খপ্পরে না পড়ে, সেই উদ্দেশ্যেই এই মহতি উদ্যোগ। প্রয়াত সুকুমারবাবুর ছেলে যুবরাজ বিশ্বাস জানান, 'দুঃস্থ রোগীর আশ্রয়ীদের রাতে থাকার জন্য তৈরি হয়েছে 'আর্ট পরিজন নিবাস'।'

এই পরিষেবা পেয়ে স্বস্তির নিঃশ্বাস ফেলেছেন অনেক দুঃস্থ মানুষেরা। ইটাহাসের বাসিন্দা দীপক রায়ের বক্তব্য, 'আমার স্ত্রী মেডিকেল কলেজে ভর্তি। আমাদের পক্ষে হোটেল ভাড়া নিয়ে থাকা সম্ভব নয়। তবে এখানে রায়গঞ্জের পরিজনদের প্রায় রাত্তায় থাকার মতো দূরবস্থায়

পাইপ লাইন আছে, জল নেই একফোঁটাও

পুরাতন মালদা, ১২ জানুয়ারি : পুরাতন মালদা শহরের ১১ নম্বর ওয়ার্ডের সারদা রেল কলোনিতে চরমে উঠেছে পানীয় জলের সংকট। পুর কর্তৃপক্ষ পাইপলাইন বিছিয়ে দিলেও, এখনও পর্যন্ত কোনও বাড়িতেই জলের সংযোগ দেওয়া হয়নি। ফলে এলাকার শতাধিক পরিবার এখনও পরিশুদ্ধ পানীয় জল থেকে বঞ্চিত।

স্থানীয় বাসিন্দা রুপা দাস জানান, 'লোকসভা নির্বাচনের আগে জলের পাইপলাইন বিছিয়ে দেওয়া হয়েছিল। কিন্তু ভোটের পর থেকে কোনও উন্নতি হয়নি। আমরা আদৌ জল পাব কি না, তা নিয়ে অনিশ্চয়তার ভুগছি।' একই প্রতিক্রিয়া টুস্পা দাসের। তাঁর বক্তব্য, 'বাড়ির দরজায় পাইপলাইন আছে অথচ জল পাচ্ছি না। এটা বোধহয় কোথাও হয় না। আমরা চাই প্রশাসন এর সুরাহা করুক।'

পুর কর্তৃপক্ষকে একাধিকবার অনুরোধ করা সত্ত্বেও কোনও সদুত্তর পাওয়া যায়নি বলে অভিযোগ। এমতাবস্থায় বাসিন্দারা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করে ওই সমস্যার দ্রুত সমাধান চাইছেন। স্থানীয় কাউন্সিলার অসীম ঘোষ বলেন, 'আমরা দ্রুত পানীয় জল পৌঁছানোর চেষ্টা করছি। পুরসভায় বোর্ড মিটিং-এ বিষয়টি উত্থাপন করে সমস্যার সমাধান করব।'

গঙ্গারামপুর হাসপাতালে পার্কিং সমস্যা

গঙ্গারামপুর, ১২ জানুয়ারি : গঙ্গারামপুর সুপারস্পেশালিটিতে সর্বত্র মোটরবাইক সহ সাধারণ যানবাহন দীর্ঘক্ষণ ধরে পার্কিং করার অভিযোগ। মুমূর্ষ রোগীদের জরুরি বিভাগ তথা অন্য বিভাগে প্রবেশ করতে চরম সমস্যায় পড়তে হচ্ছে রোগীর পরিজনদের। পরিষেবা প্রদান করতে সমস্যায় পড়তে হচ্ছে খোদ হাসপাতাল কর্তৃপক্ষকে।

হাসপাতাল সুপার বাবুনোনা সাহা জানান, 'গঙ্গারামপুর সুপারস্পেশালিটি হাসপাতালের জরুরি বিভাগ সহ অন্য গুরুত্বপূর্ণ বিভাগের সামনে সাধারণ মানুষের যখন-তখন মোটরবাইক সহ গাড়ি পার্ক করে চলে যাচ্ছেন। পরিষেবা নিতে সমস্যা হচ্ছে। হাসপাতালের নিজস্ব নিরাপত্তাকর্মী বিষয়টি দেখবার চেষ্টা করছেন, কিন্তু তাতেও কোনও কাজ হচ্ছে না। এমনকি, প্রশাসনকে বিষয়টি জানানোর পরেও এই সমস্যার সমাধান হচ্ছে না।'

এমতাবস্থায় কেনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না, তা নিয়ে চরম ক্ষোভ উগরে দিয়েছে শহরবাসী। স্থানীয় রামপ্রসাদ সরকারের অভিযোগ, 'মুমূর্ষ রোগীদের দ্রুত পরিষেবা প্রদানের জন্য মুখ্যমন্ত্রী গিন করিডর করতে বলেছিলেন। কিন্তু তার বাস্তবায়ন এখনও হয়নি। উল্টে হাসপাতালের স্বর্ণও যানবাহন রাখবার চিহ্ন ফুটে উঠছে। দ্রুত পদক্ষেপ প্রয়োজন।'

সাব্বিরের ব্যাণ্ডে এক্যের সুর জুনা আখড়ায় বাদ মহাস্ত

প্রয়াগরাজ, ১২ জানুয়ারি : পশ্চিমবঙ্গের গঙ্গাসাগর মেলার সমান্তরালে উত্তরপ্রদেশের প্রয়াগরাজের মহাকুষ্ট ভক্তদের ভিড় জমতে শুরু করেছে। ১৩ জানুয়ারি প্রয়াগরাজে গঙ্গা-যমুনা-সরস্বতীর ত্রিবেণী সঙ্গমে স্নান করবেন সাধুসন্ত থেকে অগণিত সাধারণ মানুষ। রবিবার থেকেই তার প্রস্তুতি শুরু হয়ে গিয়েছে। সেই কোলাহলের মধ্যেই শোনা যাচ্ছে ব্যাণ্ডের সুর। যা গোটা

সম্প্রদায় বা বর্ণের ভেদাভেদ নেই।' যোগী-বার্তার পর পরিষ্কৃতি স্বাভাবিক হয়। তাঁর কথা রেশ ধরে সাব্বিরের ব্যাণ্ডের দিকে ইঙ্গিত করেছেন অখিল ভারতীয় আখড়া পরিষদের প্রধান মহস্ত রবীন্দ্র পূর্বী। তাঁর কথায়, 'যদি আপনারা এখানে কাজ করা শ্রমিকদের দিকে তাকান, যাঁরা আমাদের আশ্রম তৈরিতে সাহায্য করেছেন, আমাদের আখড়ায় কাজ করছেন তাঁদের বেশিরভাগই অ-হিন্দু। আমাদের ব্যাণ্ডগুলির কথাই ধরুন। ওদের অনেকেই মুসলিম।'

যুক্তি-তর্কের মাঝে নিজের গতিতে চলছে শতাব্দী প্রাচীন মহাকুষ্ট। দর্শনাধীনের সুবিধার কথা মাথায় রেখে এবার ব্যাপক প্রস্তুতি নিয়েছে রাজ্য প্রশাসন। মহাকুষ্ট প্রাক্ষেপে চারটি দরজা তৈরির জন্য খরচ করা হয়েছে সাড়ে ১৪ কোটি টাকা। এগুলি হল গঙ্গা দুয়ার, যমুনা দুয়ার, সরস্বতী দুয়ার এবং নীলকণ্ঠ দুয়ার। এগুলি ত্রিবেণী সঙ্গম থেকে প্রায় ১৫-২০ কিলোমিটার দূরে অবস্থিত। ৪ হাজার হেক্টরের বেশি এলাকায় ছড়িয়ে থাকা কুষ্টমেলাকে আলোকিত করতে ২ হাজার বৈদ্যুতিক স্ট্রিং, ৫০ হাজার এইডি লাইট এবং ২,০১৬টি



প্রয়াগরাজে ভিড় জমিয়েছেন সাধুসন্ত এবং দূর্দূরান্ত থেকে আগত পূণ্যার্থীরা। রবিবার।

করার সিদ্ধান্ত নিয়েছেন কুষ্ট মেলা কর্তৃপক্ষও। মেয়েটিকে পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। সূত্রের খবর, জুনা আখড়ায় নতুন সম্মাসী বা সম্মাসিনীকে অন্তর্ভুক্ত করার যে নিয়ম রয়েছে, তা মানেননি মহস্ত কৌশল গিরি। সংগঠনের সঙ্গে যুক্ত হতে হলে সম্মাসিনীর ন্যূনতম বয়স হতে হবে ২২ বছর। মেয়েটি তার চেয়ে অনেক ছোট।

নাওয়ালিকা দান গ্রহণ

তাকে দান হিসাবে গ্রহণ করা নিয়ে উপযুক্ত যুক্তি পেশ করতে পারেননি কৌশল গিরি। জুনা আখড়ার অন্যতম সদস্য মহস্ত হরি গিরি বলেন, 'মহিলারা আখড়ার সদস্য হতেই পারেন। তবে এই সিদ্ধান্ত গ্রহণের আগে তাঁকে পরিণত হতে হবে। কোনও শিশুকে পরিভ্রম্যত হতে পারবে না। তাই আখড়া তাকে দত্তক নিতে পারে। কিন্তু ২২ বছরের কম বয়সি কাউকে সাধারণত গ্রহণ করা হয় না।' যে নাওয়ালিকাকে কৌশল গিরিকে দান করা হয়েছিল, সে একটি ব্যবসায়ী পরিবারের মেয়ে।

আজ থেকে মহাকুষ্ট

পরিবেশকে যেন আরও মোহময় করে তুলেছে। মেলায় মুসলিম ব্যবসায়ীদের প্রবেশ নিয়ে দু-তরফের ধর্মীয় নেতারা যখন একের পর এক বিতর্কিত মন্তব্য করছেন, সেই সময় সঙ্গম তীরের ব্যান্ডটি সাম্প্রদায়িক সম্প্রীতি ও ঐতিহ্যের প্রতীক হয়ে উঠেছে। ৪০ বছর ধরে কুষ্টমেলায় পারফর্ম করা ব্যাণ্ডের ব্যান্ড মাস্টার মহম্মদ সাব্বিরের কথায়, 'সংগীত একটি সাগরের মতো। এর কোনও শেষ নেই। হিন্দু-মুসলিম বিতর্ক চলতেই থাকবে। কিন্তু এর সঙ্গে

সৌর হাইব্রিড লাইট স্থাপন করা হয়েছে। ৪৫ দিন ধরে চলা অনুষ্ঠানে বিদ্যুতের খরচ ধরা হয়েছে ৩০ কোটি টাকা। উত্তরপ্রদেশ বিদ্যুৎ বোর্ডের সংস্থা মহাকুষ্ট চত্বরে দৈনিক বিদ্যুতের চাহিদা ২ লক্ষ ইউনিট হতে পারে বলে অনুমান করছে। পূণ্যার্থীদের জন্য ১.৬ লক্ষ তাঁবু এবং ৫০ হাজার দোকান তৈরি করা হয়েছে।

আগা, ১২ জানুয়ারি : মহাস্ত কৌশল গিরিকে ৭ বছরের জন্য বরখাস্ত করল দেশে হিন্দু সম্মাসীদের সবচেয়ে বড় সংগঠন জুনা আখড়া। ১৩ বছর বয়সি একটি মেয়েকে দান হিসাবে গ্রহণ করায় কৌশল গিরির বিরুদ্ধে এই পদক্ষেপ করা হয়েছে। ঘটনার সুপ্রাপ্ত দিনকয়েক আগে। সম্মাস গ্রহণের জন্য নাওয়ালিকাকে দান করেছিল তার পরিবার। মেয়েটির নতুন নামকরণ হয় গৌরী গিরি। দানের ছবি প্রকাশ্যে আসতেই বিতর্কের বাড় গুঠে। এরপরেই পদক্ষেপ করে জুনা আখড়া। ৭ বছরের জন্য তাঁকে সংগঠন থেকে বহিষ্কার করা হয়। শুধু আখড়াই নয়, গিরির সঙ্গে যাবতীয় সম্পর্ক ছিন্ন



শেষবর্ষ যখন বিপন্ন... ইজরায়েল-হামাস যুদ্ধে মার-বাবাকে হারিয়েছে দুই খুদে। কবরস্থানের মাঝেই ছোট্ট ভাইকে খাবার তুলে দিচ্ছে দিদি।

নেই প্রধানমন্ত্রিত্বের দৌড়ে রাজনীতি ছাড়ছেন অনীতা আনন্দ

টরন্টো, ১২ জানুয়ারি : জাস্টিন ট্রুডোর উত্তরসুরি হওয়া দূরস্ত, রাজনীতি থেকেই সম্মাস নিতে চলেছেন কানাডার ভারতীয় বংশোদ্ভূত পরিবেশমন্ত্রী অনীতা আনন্দ। আসন্ন পালমেন্টে অনীতা প্রার্থী না হওয়ার সিদ্ধান্ত নিয়েছেন তিনি। শনিবার সমাজমাধ্যমে একটি বিবৃতি পোস্ট করেন অনীতা। সেখানে তাকে মন্ত্রিসভায় ঠাই দেওয়ার জন্য বিদায়ী প্রধানমন্ত্রী ট্রুডোকে ধন্যবাদ জানানোর পাশাপাশি নিজের ভবিষ্যৎ পরিকল্পনার কথাও জানিয়েছেন। পোস্টে অনীতা লিখেছেন, 'পালমেন্টে সদস্য হিসাবে লিবারাল পার্টিতে আমাকে স্বাগত জানানো এবং মহীসভায় গুরুত্বপূর্ণ দায়িত্ব দেওয়ার জন্য প্রধানমন্ত্রী ট্রুডোকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। কানাডার হাউস অফ কমন্স তাঁদের প্রতিনিধিত্ব করার সুযোগ দেওয়ার জন্য ওকভিলের (অনীতার নির্বাচনী কেন্দ্র) জনগণের প্রতি আমি সত্যিই কৃতজ্ঞ।... পরবর্তী নির্বাচনের আগে পর্যন্ত আমি একজন সরকারি কর্মচারী হিসাবে আমার দায়িত্ব সম্বাহরণে সঙ্গী পালন করে যাব।' ২০১৯-এ রাজনীতিতে

সঙ্গে না থাকলেও ভরণ-পোষণ পাবেন স্ত্রী

নয়াদিল্লি, ১২ জানুয়ারি : স্ত্রী স্বামীর সঙ্গে না থাকেও ভরণ-পোষণ চাইতে পারেন। ঝাড়খণ্ডের এক দম্পতির বৈবাহিক কলহ মামলায় শুক্রবার এমন গুরুত্বপূর্ণ রায় দিল সর্বোচ্চ আদালত। ভরণ-পোষণ পাওয়া নির্ভর করবে পরিস্থিতির ওপর। এই বিষয়ে কোনও কড়া নিয়ম থাকতে পারে না। প্রধান বিচারপতি সঞ্জীব খাণ্ডে ও বিচারিক সঞ্জয় কুমারের ব্যাখ্যা জানিয়েছে, দাম্পত্য অধিকার পুনরুদ্ধারের বিষয়ে কোনও স্বামী আদালত থেকে ডিক্রি আদায় করলেও তাঁর স্ত্রী যদি সেই ডিক্রি মেনে চলতে অস্বীকার করেন, স্বস্তরবাড়িতে কিংবা না যেতে চান, সেক্ষেত্রে আইনের দৃষ্টিতে তিনি তাঁর স্ত্রীকে ভরণ-পোষণ প্রদান থেকে বিরত থাকতে পারেন না। বেশ বলেছে, ভরণ-পোষণের বিষয়টি পরিস্থিতির ওপর নির্ভর করবে। এই মামলার রায় স্ত্রীর পক্ষে গেলেও সর্বক্ষেত্রে তা নাও হতে পারে। সংশ্লিষ্ট মামলার তথ্য ও প্রস্তাবের উপর ভিত্তি করে সিদ্ধান্ত নিতে হবে। স্বামীর সঙ্গে থাকতে অস্বীকার করার জন্য স্ত্রীর বৈধ ও পক্ষান্তর আবেদন কি না, তা দেখতে হবে। স্বামী দাম্পত্য অধিকার পুনরুদ্ধার ডিক্রি আদায়

শা-কে চ্যালেঞ্জ কেজরির

২৫ বছরে আমাকে দল দুবার সাসপেন্ড করেছে, তিনবার বিধায়ক করেছে। আপনাদের দরজায় চতুর্থবারের জন্য ভোট চাওয়ার সুযোগ দিয়েছে। আপনাদের আশীর্বাদ আমি মানুষের সেবায় নিয়েছি। আপনাদের এবং দেশের জন্য আরও অনেক কিছু করতে চাই।' শনিবার কেজরিওয়াল দাবি করেছিলেন, 'একটি নির্ভরযোগ্য সূত্রের মাধ্যমে আমি জানতে পেরেছি বিধুরিকো নির্দেশে মুখ্যমন্ত্রী পদপ্রার্থী করতে চলেছে বিজেপি। ওঁর নাম প্রকাশ করা হবে। আমি গণতন্ত্রকে মজবুত করার স্বার্থে বিজেপির পদপ্রার্থীর সঙ্গে প্রকাশ্যে বিতর্কে নামতে চাই।' তাঁর ওই কথা শুনে খোদ স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা তোপ দেগেছিলেন, 'কেজরিওয়াল কি এবার বিজেপির মুখ্যমন্ত্রী পদপ্রার্থীর নামও ঘোষণা করবেন। বিধুরিকো বিতর্কের মধ্যেই রবিবার দিল্লির ঝুপড়িবাড়ীতে মন জেতার জন্য শা-কে নিশানা করেন আপ

ট্রাম্পের শপথে যাচ্ছেন জয়শংকর

নয়াদিল্লি, ১২ জানুয়ারি : আমেরিকার ৪৭তম প্রেসিডেন্ট হিসেবে শপথ নিতে চলেছেন রিপাবলিকান নেতা ডোনাল্ড ট্রাম্প। ২০ জানুয়ারি শপথ করবেন উপস্থিত থাকবেন বিশেষজ্ঞ এস জয়শংকর। ট্রাম্পের শপথ গ্রহণের পর মার্কিন সরকারের সঙ্গে জয়শংকরের উচ্চ পর্যায়ের বৈঠক হতে পারে। রবিবার বিশেষজ্ঞ এক হ্যাণ্ডলে জয়শংকরের আমেরিকা সফর নিশ্চিত করে জানিয়েছে, এই সফরে জয়শংকর মার্কিন প্রশাসনের নবনিযুক্ত প্রতিনিধিদের সঙ্গে দেখা করবেন। জয়শংকরকে আমন্ত্রণ জানিয়েছে ট্রাম্প-ভাস্কর উদ্বোধনী কমিটি। বিশেষজ্ঞের দাবি,

পর ভাষণ দেবেন নিবাচিত নতুন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তারপর মার্কিন রীতি অনুযায়ী কিছু প্রশাসনিক নির্দেশে সই করবেন তিনি। হবে কুচকাওয়াজ ও মধ্যাহ্নভোজ। শপথ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন অর্জেন্টিনার প্রেসিডেন্ট জেরোনো মিলেই, ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু, ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মিলোনি, জাপানের বিশেষজ্ঞী তাকেশি ইওয়ায়া প্রমুখ। আমন্ত্রিত হয়েছেন ব্রাজিলের প্রাক্তন প্রেসিডেন্ট বোলসোনোরো। চীনের প্রেসিডেন্ট শি জিনপিংকে শপথ অনুষ্ঠানে আমন্ত্রণ জানিয়েছেন ট্রাম্প। জিনপিং যাবেন না। জানা গিয়েছে, তাঁর পরিবর্তে এক উচ্চপায়ে দূত যাবেন।

লস অ্যাঞ্জেলেসে মৃত বেড়ে ১৬

লস অ্যাঞ্জেলেস, ১২ জানুয়ারি : আমেরিকার লস অ্যাঞ্জেলেসে দাবানল নিয়ন্ত্রণে আসার কোনও লক্ষণ দেখা যাচ্ছে না। কয়েকদিনের অগ্নিকাণ্ডে পুড়ে ছাই হয়ে গিয়েছে হাজার হাজার হেক্টর বনভূমি। অগ্নিভঙ্গ অগণিত বাড়িঘর। লক্ষাধিক মানুষকে নিরাপদ জায়গায় সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। তারপরেও এড়ানো যাচ্ছে না প্রাণহানি। রবিবার পর্যন্ত দাবানলের কবলে পড়ে ১৬ জনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। পরিস্থিতি জটিল হয়েছে সৈকত শহর মালিবুতে। পর্যটকদের এই জনপ্রিয় গন্তব্যের এক-তৃতীয়াংশের বেশি পুড়ে গিয়েছে।

ডোনাল্ডের সাক্ষাৎ চান গ্রিনল্যান্ডের প্রধানমন্ত্রী

ওয়শিংটন, ১২ জানুয়ারি : ডেনমার্কের আধা-স্বাধীন অঞ্চল গ্রিনল্যান্ড দখল করতে সামরিক শক্তি প্রয়োগের খ্যাতির কয়েকদিন আগেই দিয়েছেন ভাবী মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ট্রাম্পকে সর্বক করে দিয়েছে ইউরোপীয় ইউনিয়নের দুই সদস্য জার্মানি ও ফ্রান্স। এই পরিস্থিতিতে ডেনমার্ক বা মার্কিন মুক্তরাষ্ট্রের অধীনে থাকার বিরোধিতা করে গ্রিনল্যান্ডের প্রধানমন্ত্রী মিট এগেডে জানিয়েছেন, তিনি গ্রিনল্যান্ডের স্বাধীনতার পক্ষে ট্রাম্পের সঙ্গে বৈঠক করতে চান। তেল, গ্যাস ইত্যাদি প্রাকৃতিক সম্পদে ভরপুর গ্রিনল্যান্ড সুরক্ষিত অঞ্চলে অবস্থিত। তার ভূ-কৌশলগত অবস্থানের কারণে বহু দেশের লোভলুপ্ত দৃষ্টি রয়েছে বিশ্বের বৃহত্তম দ্বীপটির প্রতি। রাশিয়া, চীন প্রভাব বিস্তার করতে চায়। কৌশলগত অবস্থান ও আর্থিক সুবিধার জন্য গ্রিনল্যান্ডকে কবজা করতে চায় আমেরিকা। এই চাপের মুখে পড়ে গ্রিনল্যান্ডের প্রধানমন্ত্রী আন্ডার্সন ও স্বাধীনতা পাওয়ার বিষয়টি ফের তুলে ধরলেন। তিনি বলেছেন, 'আমরা ডেনস(ড্যানিশ) বা আমেরিকান(মার্কিন) হতে চাই না। আমরা হতে চাই গ্রিনল্যান্ডিক।' গ্রিনল্যান্ড উত্তর আমেরিকা মহাদেশের খুব কাছে। সেই কারণে আমেরিকানরা গ্রিনল্যান্ডকে তাদের সম্প্রসারিত অংশ বলে মনে করে। গ্রিনল্যান্ড ডেনমার্কের আধা স্বাধীন অঞ্চল হলেও দ্বীপের প্রতিরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে মার্কিন যুক্তরাষ্ট্র। ১৯৫১ সালের চুক্তি অনুযায়ী এখানে আমেরিকার সামরিক ঘাঁটি আছে।

আপের গান্ধিগিরিতে নতিস্বীকার বিধুরির

নয়াদিল্লি, ১২ জানুয়ারি : অরবিন্দ কেজরিওয়াল এবং আপের গান্ধিগিরি চ্যোটে রীতিমতো ব্যাঞ্ছন্যাবহে অবস্থা হল বিজেপির বিতর্কিত নেতা তথা কালকাঞ্চী বিধানসভা আসনের প্রার্থী রমেশ বিধুরির। কংগ্রেস নেত্রী প্রিয়াংকা গান্ধি ভদরা এবং দিল্লির মুখ্যমন্ত্রী কেশু সম্পর্কে কুকথা বলে ভোটের আগেই রাজনৈতিক উত্তাপ বাড়িয়েছিলেন তিনি। যেহেতু বিধুরিকে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে প্রার্থী করা হয়েছে এবং বিজেপির তরফে এখনও পর্যন্ত মুখ হিসেবে ঘোষণা করা হয়নি, তাই আপের তরফে লাগামের প্রচার শুরু হয়, বিতর্কিত নেতাকেই এবার মুখ্যমন্ত্রী প্রার্থী করতে পছন্দ করবে।

সেই প্রচারের সায়যুক্ত রবিবার কার্যকর হার মেনে নিয়েছেন বিধুরি। এক বিবৃতিতে তিনি সাফ জানিয়ে দিয়েছেন, 'আমি মুখ্যমন্ত্রী পদপ্রার্থী হওয়ার দৌড়ে নেই।' তিনি বলেছেন, 'আমি মানুষের প্রতি যতটা, ততটাই আমাদের দলের প্রতি অনুরাগ। আমাকে মুখ্যমন্ত্রীর দায়িত্ব দেওয়া হবে বলে যে কথাবার্তা চলছে, তা পুরোপুরি ভিত্তিহীন। আমি আপনাদের সেরক হিসেবে অকৃতজ্ঞভাবে কাজ করে যেতে চাই।' রাজনৈতিক মহলের মতে, আপ তো বটেই, বিজেপির একাংশের চাপেই নতিস্বীকার করতে বাধ্য হয়েছেন বিধুরি। যদি তিনি না করতেন, তাহলে আপের প্রচারের

সুপ্রিমো। তা করতে গিয়ে অমিত শা'কে চ্যালেঞ্জ করেন কেজরি। তিনি বলেন, 'দিল্লির ঝুপড়িবাড়ীতে বিরুদ্ধে বিভিন্ন আদালতে আপনারা যত্ন মামলা করেছেন সেগুলি যদি প্রত্যাহার করেন, যে সমস্ত জমি থেকে তাঁদের উচ্ছেদ করেছেন সেখানেই যদি আবার তাঁদের বাড়ি তৈরি করে দেবেন বলে হলফনামা দেন তাহলে আমি নিবন্ধনে লড়ব না। আমি আপনাকে চ্যালেঞ্জ করছি।' কেজরিই লাগামের আক্রমণের জ্বাবে বিজেপি নেত্রী মুতি ইরানি বলেন, 'দুজন আপ বিধায়ক মহিষের গোয়ালে এবং জয় ভগবান উপকার বাংলাদেশি অনুপ্রবেশকারীর জন্য ভূয়ো আধার কার্ড তৈরির ব্যয়বহুল লিপু'

পাইলট, দিল্লি প্রদেশ সভাপতি দেবেন্দ্র যাদব প্রমুখ যুব উড়ান যোজনার ঘোষণা করেন। শটান পাইলট বলেন, '৫ ফেব্রুয়ারি দিল্লির মানুষ একটি নতুন সরকার নির্বাচন করতে চলেছেন। আজ আমাদের দল টিক করেছে, দিল্লির যে সমস্ত তরুণ শক্তিকে কিন্তু বেকার তাঁদের এক বছরের জন্য প্রতিমাসে ৮৫০০ টাকা করে ভাতা দেওয়ার কথা ঘোষণা করা হতে শিবি। এই প্রকল্পের নাম দেওয়া হয়েছে যুব উড়ান যোজনা। মাসিক বেকার ভাতার পাশাপাশি একবছরের শিক্ষানবিশি করার সুযোগও থাকবে এই প্রকল্পে। দিল্লিতে ৫ ফেব্রুয়ারি বিধানসভা ভোট। সেদিকে লক্ষ্য রেখে আপ এবং বিজেপির মধ্যে রাজনৈতিক দ্বৈধত্ব ক্রমশ চড়ছে। কিন্তু তৃতীয় শক্তি হিসেবে কংগ্রেসও যে পিছিয়ে থাকতে রাজি নয় সেটা তাঁদের একের পর এক ঘোষণায় স্পষ্ট।

রবিবার কংগ্রেস নেতা শটান পাইলট, দিল্লি প্রদেশ সভাপতি দেবেন্দ্র যাদব প্রমুখ যুব উড়ান যোজনার ঘোষণা করেন। শটান পাইলট বলেন, '৫ ফেব্রুয়ারি দিল্লির মানুষ একটি নতুন সরকার নির্বাচন করতে চলেছেন। আজ আমাদের দল টিক করেছে, দিল্লির যে সমস্ত তরুণ শক্তিকে কিন্তু বেকার তাঁদের এক বছরের জন্য প্রতিমাসে ৮৫০০ টাকা করে ভাতা দেওয়ার হবে এটা শুধু আর্থিক সহায়তা নয়। তরুণরা যাতে শিক্ষাসংস্থায় চাকরি পান তার জন্য আমরা তাঁদের প্রশিক্ষণ দেব।' পাইলটের কথায়, আজ স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী। দিল্লির তরুণরা কষ্টে রয়েছেন। কেশুরী ও রাজ্য সরকার তাঁদের কষ্ট বুঝতে পারছে না। কংগ্রেস সরকারের জন্য দিল্লির পরিচালনা বরখাস্ত হয়েছে। গত কয়েক বছরে আমরা শুধু অভিযোগের পালা দিয়েছি। দিল্লিকে অবহেলা করা হয়েছে।

মহাতারকাদের নিয়ে মহাসংকট



বাড়ছে উদ্বেগ

- জসপ্রীত বুমরাহর পিঠের একটা অংশ ফুলে রয়েছে। কারণ যদিও স্পষ্ট নয়।
- বিসিসিআইয়ের তরফে বুমরাহকে বেঙ্গালুরুর জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে রিপোর্ট করতে বলা হয়েছে।
- অঙ্গোপচারের প্রয়োজন কিনা, জানা যায়নি এখনও।
- সোমবার জাতীয় ক্রিকেট অ্যাকাডেমিতে রিপোর্ট করার পর সেখানকার চিকিৎসক, ফিজিওরা বুমরাহর পিঠের চোট নতুনভাবে পর্যালোচনা করবেন।

নতুন অধিনায়ক খুঁজে নাও, বললেন রোহিত

অরিন্দম বন্দ্যোপাধ্যায়

কলকাতা, ১২ জানুয়ারি : ছিল রম্মাল। হল বিড়াল। ছিল দল নির্বাচন বৈঠক। পরিস্থিতির দাবি মেনে দল নির্বাচনের পাশে সেই বৈঠকই হয়ে দাঁড়াল অস্ট্রেলিয়া সিরিজে ব্যর্থতার মন্যনাতন্ত্রের আসর। যার ফলে ইংল্যান্ডের বিরুদ্ধে টি২০ সিরিজের দল ঘোষণা হতে দেরি হল। সঙ্গে আগামীর ভারতীয় ক্রিকেট নিয়েও জল্পনা ও সংশয় বাড়ল।

অধিনায়ক রোহিত শর্মা ও বিরাট কোহলিরা আর কতদিন খেলা চালিয়ে যাবেন? সার ডন ব্র্যাডম্যানের দেশে সিডনি টেস্টের আগেই ক্রিকেট থেকে অবসর ঘোষণা করতে চেয়েছিলেন রোহিত। শেষ পর্যন্ত সিদ্ধান্ত বদল করেন তিনি। ঘরের মাঠে নিউজিল্যান্ড ও অস্ট্রেলিয়া সফরের ব্যর্থতার পর হিম্মতমান আর বেশিদিন টিম ইন্ডিয়ায় হয়ে খেলবেন না, সেটা স্পষ্ট। রোহিতের খনিষ্ঠ মহলেও দাবি, হয়তো চ্যাম্পিয়ন্স ট্রফির পরই টেস্ট ও একদিনের ক্রিকেট থেকে অবসর নেননি তিনি। জাতীয় নির্বাচক কমিটির সদস্য, ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের সচিব দেবজিৎ শইকিয়া ও সভাপতি রঞ্জার বিনির সঙ্গে মুম্বইয়ের এক পাঁচতারা হোটেল গতকালের বৈঠকে রোহিত জানিয়েছেন, আর কয়েক মাসের মধ্যে তিনি দায়িত্ব ছাড়বেন। বোর্ডকে নতুন অধিনায়ক খোঁজার কথাও বলেছেন। বৈঠকে হাজির থাকা জাতীয় নির্বাচক কমিটির এক প্রতিনিধি নাম না

লেখার শর্তে আজ উত্তরবঙ্গ সংবাদ-কে বলেছেন, 'রোহিত বলেছে, ও আরও কয়েক মাস রয়েছে জাতীয় দলে। তারপর অবসর নেবে। সময়টা সম্পূর্ণভাবে ওর উপর নির্ভর করছে। একইসঙ্গে ও জাতীয় দলের নতুন অধিনায়ক খুঁজে নেওয়ার কথাও বলেছে আমাদের।'

কোচ সৌভাগ্য গম্ভীরের উপস্থিতিতে যেভাবে রোহিত তাঁর বক্তব্য জানিয়েছেন, তা নিয়ে চাঞ্চল্য তৈরি হয়েছে ভারতীয় ক্রিকেটে। সঙ্গে এসেছে

রোহিত বলেছে, ও আরও কয়েক মাস থাকলে বিরাট কতদিন থাকবেন? কোহলি গতকালের বৈঠকে ছিলেন না। তিনি এখনও বিসিসিআই-কে তাঁর মনোভাব স্পষ্ট করেননি। তবে সূত্রের খবর, কোহলি এখনই অবসরের কথা ভাবছেন না। বোর্ডের এক কর্তার কথায়, 'অদ্ভুত এক সন্ধিক্ষণে ভারতীয় ক্রিকেট। গম্ভীর কোচ হওয়ার পর থেকেই দলের সিনিয়রদের

সঙ্গে ওর এমন দূরত্ব তৈরি হয়েছে, যা কোনও দিনও মেটার নয়। ফল ভুগতে হচ্ছে দলকে।' রোহিত সরলে টিম ইন্ডিয়ায় পরবর্তী অধিনায়ক কে হতে পারেন? কুড়ির ক্রিকেটে সূর্যকুমার যাদবকে নিয়ে কোনও সংশয় নেই। কিন্তু টেস্ট ও একদিনের ক্রিকেটে রোহিতের উত্তরসূরি হিসেবে সবচেয়ে জোরদার নাম জসপ্রীত বুমরাহ। দলের অন্দরে তাঁর জনপ্রিয়তার কথাও সবার জানা। কিন্তু চোটগ্রস্ত বুমরাহকে অধিনায়ক করা নিয়ে বোর্ড ও জাতীয় নির্বাচকদের মধ্যে মতানৈক্য রয়েছে। গতকালের বৈঠকে বিসিসিআইয়ের নতুন সচিব দেবজিৎ শইকিয়া চমকপ্রদভাবে বর্তমান অধিনায়ক রোহিতকেই তাঁর উত্তরসূরি বেছে দেওয়ার অনুরোধ করেছেন বলে খবর। জবাবে হিটম্যান কী বলেছেন, স্পষ্ট নয়। এদিকে, বোর্ডের তরফে রোহিত-বিরাটদের ঘরোয়া রনজি ট্রফি খেলার কথা জানিয়ে দেওয়া হয়েছে গতকালের বৈঠকে। বিরাট-রোহিতরা ১৩ জানুয়ারি থেকে শুরু হতে চলা রনজির দ্বিতীয় পর্বে নিজেদের রাজ্যের হয়ে খেলবেন কিনা, সেটা এখন দেখার। ২০১২ সালের পর বিরাট ঘরোয়া ক্রিকেটে খেলেননি। রোহিত শেষবার ঘরোয়া ক্রিকেটে খেলেছেন ২০১৫ সালে।

বাস্তবে রোহিত-বিরাটদের ভাঙ্গনা যাই হোক না কেন, সময়ের সঙ্গে বদলে চলা ভারতীয় ক্রিকেটে নিশ্চিতভাবেই বড় পরিবর্তন আসন্ন। সেই বদল ভারতীয় ক্রিকেটকে কোন পথে নিয়ে যায়, সেই যাত্রাপথে কোচ গম্ভীরের ভূমিকা কী হয়, সেটাই এখন দেখার।

বন্ধ দরজার ওপারে

মুম্বইয়ের এক পাঁচতারা হোটেলের শনিবার জাতীয় নির্বাচক কমিটির সদস্য, বিসিসিআই সচিব দেবজিৎ শইকিয়া ও সভাপতি রঞ্জার বিনির সঙ্গে বৈঠকে বসেন রোহিত শর্মা।

অবসরের সময়টা রোহিত শর্মা নিজেই বাছবেন।

বিরাট কোহলি এখনই অবসরের কথা ভাবছেন না।

গৌতম গম্ভীর কোচ হওয়ার পর থেকেই দলের সিনিয়রদের সঙ্গে ওর এমন দূরত্ব তৈরি হয়েছে, যা কোনওদিনও মেটার নয়।

বৈঠকে বোর্ডের তরফে রোহিত-বিরাটদের ঘরোয়া রনজি ট্রফি খেলার কথা জানিয়ে দেওয়া হয়েছে।

ফুলেছে পিঠ, সংশয় বুমরাহকে নিয়ে

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১২ জানুয়ারি : কারও মতে থাকার। কেউ আবার বলছেন, সঠিকভাবে ওয়ার্ল্ডলেভ ম্যানেজমেন্ট সামলাতে না পারার ফল। আবার অনেকে মতে, দলের অভিরিক্ত নির্ভরতার পরিণাম।

বাস্তব যাই হোক না কেন, জসপ্রীত বুমরাহর ক্রিকেট কেরিয়ারের আকাশে কালো সিঁড়ি টেস্টের তিন নম্বর দিনে পিঠের পেশিতে চোট পেয়েছিলেন তিনি। ভারতীয় সাজঘরে থাকলেও মাঠে নামা হয়নি বুমরাহর। অস্ট্রেলিয়া ও অন্যান্য দেশে সিডনি টেস্ট ও বড়ার-গাভাসকার ট্রফি জিতে নিয়েছিল। সার ডন ব্র্যাডম্যানের দেশে টিম ইন্ডিয়ায় সিরিজ হার যদি ভারতীয় ক্রিকেটের জন্য থাকে আরও বড় থাকার।

অস্ট্রেলিয়া সিরিজে পাওয়া পিঠের চোট (ব্যাক স্প্যাঞ্জ) বুমরাহর ক্রিকেট কেরিয়ারে তৈরি করেছে চরম অনিশ্চয়তা। টিম ইন্ডিয়া ও ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের তরফে বুমরাহর চোট নিয়ে সর্কারিভাবে কোনও মন্তব্য এখনও পাওয়া যায়নি। কিন্তু ভারতীয়

ক্রিকেটের অন্দরের খবর, বুমরাহর পিঠের চোট গুরুতর। অন্তত দেড় থেকে দুই মাস মাঠের বাইরে থাকতে হবে তাঁকে। তিনি কবে ফিট হয়ে ক্রিকেট মাঠে ফিরতে পারবেন, স্পষ্ট নয়। জানা গিয়েছে, বুমরাহর পিঠের একটা অংশ ফুলে

৩২ উইকেট পাওয়া বুমরাহকে ঘরের মাঠে ইংল্যান্ড সিরিজে তো নয়ই, ১৯ ফেব্রুয়ারি থেকে শুরু হতে চলা চ্যাম্পিয়ন্স ট্রফিতেও পাওয়ার সম্ভাবনা কম। এমনকি আইপিএলেও অনিশ্চিত বুমরাহ। মুম্বই থেকে বোর্ডের এক প্রতিনিধি আজ দুপুরে বিশেষ সাধারণ সভার মাঝে উত্তরবঙ্গ সংবাদকে জানিয়েছেন, 'বুমরাহর চোট গুরুতর। চ্যাম্পিয়ন্স ট্রফিতে খেলার সম্ভাবনা বেশ কম। ও ঠিক কবে পুরো ফিট হয়ে মাঠে ফিরতে পারবে, এখনই বলা কঠিন।'

বুমরাহর পিঠের চোটকে কেন্দ্র করে বোর্ডের অন্দরেও পরস্পরবিরোধী মন্তব্য রয়েছে। অতীতে পিঠের যে অংশে চোট পেয়েছিলেন বুমরাহ, ঠিক একই জায়গায় ফের সমস্যা তৈরি হয়েছে। অঙ্গোপচারের প্রয়োজন কি না, জানা যায়নি এখনও। কিন্তু পরিস্থিতি সঞ্জালনার পরবর্তীতে বুমরাহ শুধু চ্যাম্পিয়ন্স ট্রফি বা আইপিএলই নয়, জুন মাসের ইংল্যান্ড সফরেরও অনিশ্চিত। সার ডনের মেসেজ ১৫.১.২ ওভার বল করার মাশুল যে বুমরাহকে এভাবে মেটাতে হবে, কে আর জানত।



বিসিসিআইয়ের এসজিএমে চলেছেন দেবজিৎ শইকিয়া ও জয় শা।

২১ মার্চ ইডেনে শুরু আইপিএল

মুম্বই, ১২ জানুয়ারি : ২০২৫ আইপিএল শুরু হচ্ছে ২১ মার্চ। ইডেনে গার্ডেনে অনুষ্ঠিত উদ্বোধনী ম্যাচে অভিষান শুরু করবে গতবাবের চ্যাম্পিয়ন কলকাতা নাইট রাইডার্স। ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের বিশেষ সাধারণ সভায় মেগা লিগের দিনক্ষণ নিয়ে এই ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ম্যারাথন লিগের টক্কর শেষে খেতাবি যুদ্ধ ২৫ মে। ফাইনাল ও দ্বিতীয় কোয়ালিফায়ার ম্যাচও হবে ইডেনে। প্রথম কোয়ালিফায়ার ও এলিমিনেটর হতে গতবাবের রানার্স সাইনাইজার্স হায়দরাবাদের হোম গ্রাউন্ড রাজীব গান্ধি ইন্টারন্যাশনাল স্টেডিয়ামে।

প্রাথমিকভাবে ১৪ মার্চ লিগ শুরুই ইঙ্গিত দিয়েছিল বোর্ড। কিন্তু এদিনের বিশেষ সাধারণ সভায় এক সপ্তাহ পিছিয়ে ২১ মার্চ করা হয়। বোর্ডের বার্ষিক সভা শেষে সাংবাদিকদের একথা জানিয়েছেন বিসিসিআই সহ সভাপতি রাজীব গুন্ডা। মুম্বইয়ে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় এদিন সরকারিভাবে সচিবপদে জয় শা-র স্থলাভিষিক্ত হলেন অপসার দেবজিৎ শইকিয়া। কোষাধ্যক্ষ পদের দায়িত্ব হলে ছত্তিশগড়ের প্রভুভেজ সিং ভাটিয়া। দুইজনই বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। ১ ডিসেম্বর জয় আইসিসি-র দায়িত্ব নেওয়ার পর অন্তর্বর্তীকালীন সচিব হিসেবে দায়িত্ব নেন দেবজিৎ। সচিব পদের নির্বাচনে একমাত্র প্রার্থী হিসেবে মনোনয়নপত্র জমা দেন। আজ সরকারি সিলমোহর। অপরদিকে প্রাক্তন কোষাধ্যক্ষ আশিস শেলার বোর্ডের দায়িত্ব ছেড়ে মহারাষ্ট্র সরকারের ক্যাবিনেট মন্ত্রী দায়িত্বে।

রাজীব গুন্ডা জানান, পরবর্তী বৈঠক বসবে ১৮-১৯ জানুয়ারি, যেখানে গুরুত্ব পাবে চ্যাম্পিয়ন্স ট্রফির চূড়ান্ত দল নির্বাচন প্রক্রিয়া। ১২ জানুয়ারি চ্যাম্পিয়ন্স ট্রফির দল ঘোষণার চূড়ান্ত দিন ছিল। যদিও জসপ্রীত বুমরাহর ফিটনেস সহ একাধিক কারণে সেই দল নির্বাচন পিছিয়ে দেয় ভারত।

টিম ইন্ডিয়ায় স্পোর্টস ব্যাংক নিয়ে কোনও আলোচনা হয়নি বলেও জানান রাজীব গুন্ডা। এক প্রস্নের জবাবে জানান, এদিনের বৈঠকে মূল আয়োজনা ছিল দুই পদাধিকারীর নির্বাচন। পাশাপাশি এক বছরের মেয়াদে আইপিএলের নতুন কমিশনার নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বৈঠকে। এদিনের সভায় জয়কে সংবর্ধনা দেওয়া হয় বিসিসিআইয়ের তরফে।

কপিল দেবকে গুলি করতে যান যোগরাজ

ভোল বদলে মাহির প্রশংসায় যুবির বাবা

নয়াদিল্লি, ১২ জানুয়ারি : ছিলেন হরিহর আত্মা। ঘনিষ্ঠ বন্ধু। হরিয়ানা ক্রিকেট থেকে দুর্ভাগ্যেই পা রাখেন ভারতীয় দলেও। একজন কপিল দেব বিশ্ব ক্রিকেটের অন্যতম সেরার তকমা আদায় করে নিয়েছিলেন। আরেকজন যোগরাজ সিং দ্রুত হারিয়ে গিয়েছিলেন অন্ধকারে।

নিজের যে হারিয়ে যাওয়ার পিছনে বিশ্ববিখ্যাত বন্ধুটিকেই দায়ী করেন যুবরাজের বাবা। কপিলের মাথায় গুলি করতেও নাকি ভারতের প্রথম বিশ্বজয়ী অধিনায়কের বাড়িতে বন্দুক নিয়েও গিয়েছিলেন। কপিলের মায়ের জন্য গুলি না করে ফিরে আসেন। এক সাক্ষাৎকারে এমনই চাঞ্চল্যকর দাবি করেছেন খোদ যুবরাজ সিংয়ের বাবা যোগরাজ। অভিযোগ, কপিলের কারণেই ভারতীয় দল, উত্তরাঞ্চল দল থেকেও তাঁকে বাদ পড়তে হয়েছে। পিছন থেকে কলকাতা নেড়েছেন দীর্ঘদিনের বন্ধুই। স্কেভ বারবার উসকে দিয়েছেন। সর্বকিছু ছাড়িয়ে গুলি করতে যাওয়া চাঞ্চল্যকর দাবি।

যোগরাজ বলেছেন, 'কপিল হরিয়ানা, উত্তরাঞ্চলের পর ভারতের অধিনায়ক হওয়ার পর কোনও কারণ ছাড়াই আমাকে বাদ দেয়। আমার স্ত্রী (যুবরাজের মা) উত্তরটা কপিলের থেকে জানতে চেয়েছিল। ওকে বলি, কপিলকে উচিত শিক্ষা দেব। পিছল বের করে সোজা কপিলের সেস্তর ৯-এর বাড়িতে চলে যাই। মাকে নিয়ে বেরিয়ে আসে ও। মায়ের জন্য গুলি চালাতে পারিনি। কারণ ওর মা অত্যন্ত ধর্মপ্রাণা। কপিলকে তা বলেও আমি।' এরপর ক্রিকেট ছেড়ে ছেলে যুবরাজকে ক্রিকেটের



কপিল দেবকে বিধলেও সবাইকে অবাক করে আরেক বিশ্বজয়ী অধিনায়ক মহেন্দ্র সিং খানিকে প্রশংসায় ভরালেন যুবরাজের বাবা যোগরাজ সিং।

বানানাকেই ধ্যানজ্ঞান করে নেন শেখ করার পিছনে মাহিকেই দায়ী করেন বরাবর। এই নিয়ে প্রকাশ্যে 'ক্যাপ্টেন কুলের' বিরুদ্ধে আক্রমণ শানিয়েছেন। আজ বিপরীত সুর।

যোগরাজ সিং বলেছেন, 'সতীর্থদের অত্যন্ত অনুপ্রাণিত করার দুর্দান্ত ক্ষমতা ছিল অধিনায়ক খানির। সবচেয়ে প্রশংসনীয় ব্যাপার হল, উইকেটটা খুব ভালো বুঝতে। সেই অনুযায়ী বোলারদের গাইড করত, বলটা কোথায় রাখতে হবে, সেই দিশা দেখাত। একইসঙ্গে ভয়ভরহীন চরিত্র। অস্ট্রেলিয়া সফরের কথা মনে আছে। মিসেল জনসনের বল ওর হেলমেটের গ্রিলে জোরে আঘাত করে। কিন্তু খানিকে বিন্দুমাত্র বিচলিত হতে দেখিনি। পরের বলেই ছক্কা। এরকম লোক খুব কম পাওয়া যায়।'

নিউজিল্যান্ডের নেতৃত্বে স্যান্টনার সাকিবকে ছাড়াই দল বাংলাদেশের

অকল্যাড ও ঢাকা, ১২ জানুয়ারি : ইঙ্গিত ছিল। শেষপর্যন্ত সেটাই হল। চ্যাম্পিয়ন্স ট্রফির দলে ঠাই হল না সাকিব আল হাসানের। বোলিং আকশন নিয়ে প্রশ্নের মুখে। দ্বিতীয় স্টেপেও আইসিসি-র পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেননি। ওঠেনি আন্তর্জাতিক ক্রিকেটে বোলিংয়ের ওপর থাকা নিষেধাজ্ঞা। চলতি বছরে আর টেস্ট দিয়ে নিজেকে সঠিক প্রমাণ করার সুযোগ পাচ্ছেন না সাকিব। আন্তর্জাতিক ক্রিকেটে শুধু ব্যাট করতে পারবেন। তবে বাংলাদেশের নির্বাচকরা শুধুমাত্র ব্যাটার হিসেবে সাকিবকে গুরুত্ব পাননি। সাকিবের সঙ্গে দলে জায়গা পাবনি তারকা ব্যাটার লিটন দাসও। পাকিস্তান সফরে টেস্ট সিরিজে সফল হয়েছিলেন লিটন। মনে করা হয়েছিল,

বাংলাদেশ দল
নাভাজ হোসেন শান্ত (অধিনায়ক), সৌম্য সরকার, তানজিদ হাসান, মুশফিকুর রহিম, মাহমুদুল্লাহ রিয়াদ, জাকের আলি, তৌহিদ হুদয়, মেহেদি হাসান মিরাজ, রিশাদ হোসেন, তাসকিন আহমেদ, মুস্তাফিজুর রহমান, পারভেজ হোসেন ইমাম, নাঈম আহমেদ, হানজিম হাসান সাকিব ও নাঈদ রানা।

নিউজিল্যান্ড দল
মিসেল স্যান্টনার (অধিনায়ক), ডেভন কনওয়ে, গাটিন রবীন্দ্র, কেন উইলিয়ামসন, ড্যারিল মিসেল, মার্ক চ্যাপম্যান, উইল ইয়ং, গ্লেন ফিলিপস, মাইকেল ব্রেসওয়েল, মিসেল স্যান্টনার, নাথান স্মিথ, বেন সিয়াস, লকি ফার্স্টন, ম্যাট হেনরি ও উইল ও'রৌরকে।

আফগানিস্তান দল
হাশমাতুল্লাহ শাহিদি (অধিনায়ক), ইব্রাহিম জাদরান, রহমানুল্লাহ জাদরান, সৈদিকুল্লাহ অটল, রহমত শা, ইক্রাম আলিখিল, গুলবাদিন নাইব, আজমাতুল্লাহ ওমরজাই, মহম্মদ নবি, রশিদ খান, আল্লাহ মহম্মদ গজনফর, নূর আহমদ, ফজলহক ফারুকি, ফরিদ আহমদ, নাভিদ জাদরান।

অভিজ্ঞতা হতো কাজে লাগাবে বাংলাদেশ। উইকেটকিপার-ব্যাটারের দায়িত্ব সামলানবেন মুশফিকুর রহিম। মিসেল স্যান্টনারের নেতৃত্বে চ্যাম্পিয়ন্স ট্রফির দল ঘোষণা করল নিউজিল্যান্ড। উল্লেখযোগ্যদের মধ্যে দলে রয়েছেন কেন উইলিয়ামসন। ১৯ জানুয়ারি পাকিস্তানের বিরুদ্ধে টুর্নামেন্টের উদ্বোধনী ম্যাচে নামবে স্নাক ক্যাপ্টেনরা আইসিসি-র সম্মুখীন হবেন এদিন বন্ধে স্পোর্টস অথরিটি ঘোষণা করল নিউজিল্যান্ড। তারকাদের ভিডিও যে দলে রয়েছেন তিন তরুন তুর্কি পোসার উইল ও'রৌরকে, বেন সিয়াস ও নাথান স্মিথ। ব্যাটিংয়ে ড্যাবেল মিসেল, কেন উইলিয়ামসনের মতো তারকা। একবার্ফ অলরাউন্ডার নিসন্দেহে কিউয়ি দলের সম্পদ। ব্যাটিংয়ের পাশাপাশি বোলিংয়েও ভারসাম্য, দক্ষতার প্রয়ো।

হাশমাতুল্লাহ শাহিদির নেতৃত্বে চ্যাম্পিয়ন্স ট্রফির জন্য ১৫ জনের দল ঘোষণা করেছে আফগানিস্তান। চোট সারিয়ে ফেরা ইব্রাহিম জাদরান ও পাঁচ পিন্ডনারকে নিয়ে শক্তিশালী দলই গড়েছে তারা।

ঋষভ-বিতর্কে গম্ভীরদের পাশে হরভজন

নয়াদিল্লি, ১২ জানুয়ারি : ঋষভ পালের মতো ক্রিকেটার এক প্রজন্মে হাতেগোনা আসে। সেই ঋষভকে ছাড়া ইংল্যান্ডের বিরুদ্ধে যৌবিত টি২০ দল নিয়ে প্রশ্ন তুলছেন অনেকেই। সঞ্জ স্যামসন, ধ্রুব জুরেল-দলে দুইজন উইকেটকিপার-ব্যাটার। অর্থাৎ, ঋষভ নেই। কারও কারও মতে, আত্মসী ওপেনার যশস্বী জয়সওয়ালকে সাদা বলের ফর্ডাট থেকে রাখার সিদ্ধান্ত সঠিক নয়। ইংল্যান্ড সিরিজের জন্য গতকাল ঘোষিত টি২০ দলে তারকা গুরুত্ব পেয়েছে। যদিও আগামীর অবসান যে দুইজনের অধিনায়কী ধরা হচ্ছে সেই ঋষভ-বিতর্কী গুরুত্ব পাননি।

হরভজন সিং যদিও নির্বাচকদের পাশেই দাঁড়ালেন। যুক্তি, লম্বা অস্ট্রেলিয়া সফরের পর সবে দেশে ফিরেছেন ঋষভজা। বিশ্বমাটা যুক্তিসংগত। ঋষভকে বিস্মা দিয়ে উইকেটকিপার-ব্যাটার হিসেবে সঞ্জ-জুরেলদের সুযোগ দেওয়া সঠিক পদক্ষেপ।

হরভজন বলেছেন, 'সঞ্জ কিংবা ঋষভ, দুজনের মধ্যে একজন খেলবে। গত দক্ষিণ আফ্রিকা সিরিজে সঞ্জ খেলেছিল। অপরদিকে অস্ট্রেলিয়ায় টেস্ট সিরিজে ঋষভের পারফরমেন্স বেশ ভালো। তবে লম্বা অর্জ সফরের পর বিস্মা প্রয়োজন। তাই ঋষভের না থাকটা বড় কোনও ইস্যু বলে আমি মনে করি না।'

প্রাক্তন টেস্ট ওপেনার আকাশ চোপড়ার যুক্তি যদিও আলাদা। বলেছেন, 'জুরেল রয়েছে, অর্থাৎ সেই ঋষভ। বেশ আকর্ষণীয় পদক্ষেপ। টি২০ দলের ভাবনায় নেই ঋষভ, বিশ্ববিটি হয়েছে এই রকম নয়। এখনও আমি মনে করি, ঋষভ সব ফরম্যাটেই দলের সম্পদ। আমাদের উচিত, ওর ওপর 'বিনিয়োগ' করা।'

আকাশের মতে, 'বয়স অল্প হলেও আন্তর্জাতিক ক্রিকেটে বেশ কয়েক বছর কাটিয়ে দিয়েছে ঋষভ। পালাবদলের পরে সিনিয়ররা যখন সরে যাবে, তখন ঋষভের অভিজ্ঞতা গুরুত্বপূর্ণ নির্বাচকরা যদি তা গুরুত্ব না দেয়, আশ্বেরে ক্ষতি ভারতীয় দলেরই।'

চ্যাম্পিয়নশিপের লক্ষ্যে স্থির গ্রেগরা

দলের পারফরমেন্সে অখুশি নন মোলিনা

সুমিত্রা গঙ্গোপাধ্যায়



ডার্বি জয়ের পর পরস্পরকে অভিনন্দন মোহনবাগানের ফুটবলারদের।

গুয়াহাটি, ১২ জানুয়ারি : গুয়াহাটিতে এখন দিনেরবেলা রোদের তাপে বেশ গরম লাগে। কিন্তু সন্ধ্যার পর ফাঁকা জায়গায় যথেষ্ট ক্রীড়া খেলে। এনএইচ ৩৭ জাতীয় সড়কের উপরে দাঁড়িয়ে থাকা ইন্দিরা গান্ধী আথলেটিক স্টেডিয়ামে শনিবার রাতে ততোধিক ঠান্ডা একটা ম্যাচের সাক্ষী থাকলেন উপস্থিত হাজার কয়েক সমর্থকের সঙ্গে টেলিভিশনের পর্দায় চোখ রাখা আপামর বাঙালি।

তবু ডার্বিতে একশো শতাংশ সাফল্য। সেই রেকর্ড অক্ষুণ্ণ রেখেই যে কলকাতায় ফিরতে পারছেন, তাতেই খুশি সবুজ-মেরুন শিবির। কোচ হোসে ফ্রান্সিসকো মোলিনাও জানিয়ে দিলেন, 'তিন পয়েন্ট পাওয়ায় আমি খুবই খুশি। হ্যাঁ, প্রচুর সুযোগ আমরা নষ্ট করেছি। আরও ভালো ফল হতে পারত যদি আমরা গোলগুলো করতে পারতাম। কিন্তু তবু খুশি কারণ আমরা তিন পয়েন্ট পেয়েছি বলে। অত্যন্ত গুরুত্বপূর্ণ তিন পয়েন্ট। তাছাড়া আমাদেরই শহরের সেরা প্রতিপক্ষের বিপক্ষে জিতেছি, ডার্বি জয়ের গুরুত্বই আলাদা। হয়তো দিনটা আমাদের সেরা দিন ছিল না কিন্তু পয়েন্ট টেবিলের জন্য, শিবিরে কাছাকাছি যাওয়ার জন্য এই জয়টা দরকার ছিল।' শনিবারই আশ্চর্যজনকভাবে সেরা ফল হলেও সুনীল ছেত্রীদের হারিয়ে দেয় মহমেদান স্পোর্টিং ক্লাব। আর তাতেই নিকটতম প্রতিপক্ষের থেকে পরিষ্কার আট পয়েন্টে এগিয়ে গেল মোহনবাগান সুপার জায়েন্ট।

নিজেদের ১৫ নম্বর তিনে থাকা ম্যাচ এফসি গোয়া জিতে গেলেও সেই পার্থক্য ৬ পয়েন্টের হবে। যা অনেকটাই স্বস্তি দিচ্ছে মোলিনা সহ গোটা শিবিরকে।

গ্রেগ স্টুয়ার্ট

দুইটি কঠিন আয়োজনে ম্যাচ আছে আমাদের। একটা দিন আমরা খুব সামান্য বেলাগাম হতে পারি। কিন্তু পরদিন থেকেই ফের কঠোর পরিশ্রম করে যেতে হবে, পরবর্তী ম্যাচগুলোর জন্য। এদিন বললেন, 'আপনি যদি চ্যাম্পিয়ন হতে চান তাহলে কোনও ম্যাচকেই কম গুরুত্বপূর্ণ ভাবা চলবে না। সব ম্যাচ জেতার মানসিকতা রাখতে হবে। এই ম্যাচে যেমন আমরা অত্যন্ত খারাপ

খেলতে শুরু করি ওরা দশজন হয়ে যাওয়ার পর। একজন বেশি ফুটবলার নিয়ে আমাদের খেলার মান নেমে গেল হঠাৎ। ফাইনাল খার্দে গিয়ে যেই হারিয়ে ফেলা শুরু হল। শেষ দশ মিনিট তো ওরা বল নিয়ে এত বেশি নড়াচড়া করেছে যে আমরা চাপে পড়েছি। এরকম পারফরমেন্স চলবে না। তবে সবমিলিয়ে আমরা ছেলোদের পারফরমেন্সে আমি খুশি, কারণ আমাদের সঙ্গে পয়েন্টের পার্থক্যটা বাড়ল।'

মোলিনা থেকে লিস্টন

ফোলাসো, প্রত্যেককেই খালি গ্যালারি কষ্ট দিয়েছে। লিস্টন বলছিলেন, 'এরকম ফাঁকি গ্যালারিতে খুব সামান্য বেলাগাম হতে পারি। বিশেষ করে ডার্বি। আমাদের সমর্থকরা এমনিই মাঠ ভরিয়ে দেন। আশা করব ওরা পরের হোম ম্যাচে আমাদের পাশে থাকবেন।' মোলিনাও স্বীকার করলেন, 'ওই রকম ভরা গ্যালারি আর এই রকম ফাঁকি খেলা তো এক নয়। সমর্থকদের ওই চিৎকার ফুটবলারদের খেলায় অসম্ভব প্রভাব বিস্তার করে। সমর্থকদের মিস করছি, এটা ওঁদের বলতে চাই। ওঁদের সামনে খেলতে চেষ্টা করি। ওঁদের জন্যই লড়াই। আশা করি ওঁরা এই জয়ে খুশি। পরের ম্যাচে ওঁদের জন্য অপেক্ষা করব।'

সেই অপেক্ষা নিশ্চিতভাবে করবেন সমর্থকরাও হয়তো ওই ২৭ জানুয়ারি বেঙ্গালুরু এফসি-র বিপক্ষে ঘরের মাঠেই হতে পারে ডার্বি জয়ের উৎসব পালন।

পরিকল্পনা সঠিক ছিল, মত ব্রজের

সুমিত্রা গঙ্গোপাধ্যায়

গুয়াহাটি, ১২ জানুয়ারি : বিহ উপস্বের জন্য সেজে ওঠা গুয়াহাটি এখন উজ্জ্বল রঙিন টোকা, স্থানীয় সুন্দর সুন্দর গামছা আর অসম লিঙ্কের তৈরি নানা জিনিসে শহরের বিভিন্ন প্রান্তে হচ্ছে আনুষ্ঠানিক মেলা, এক্সপো। এই উৎসবের আবেহ ততধিক অন্ধকার এদিন লাল-হলুদ শিবির।

ডার্বির মতো হাই ডোজের ম্যাচের শুরুতেই গোল খাওয়া, তারপর দশজন হয়ে যাওয়া সত্ত্বেও খুব খারাপ না খেলেও তিন পয়েন্ট খুঁয়ে এলে অবশ্য কারই বা মন ভালো থাকে? স্বাভাবিকভাবেই মুখ বেজার কোচ অক্ষয় ব্রজেরা থেকে গোটা শিবিরেরই। ডার্বির মতো ম্যাচে তিন ডিফেন্ডার দল নামানোর সুযোগ জেমি ম্যাকলারেনে শুরুতেই নিয়ে নেন। বিশেষ করে পিডি বিয়ু কেন ব্যাকে, কেন ডেভিড লালহালানসঙ্গা শুরু থেকে, এসব অপ্রিয় প্রশ্ন উঠলেও নিজের পরিকল্পনা ভুল ছিল, মানছেন না ব্রজেরা। তাঁর ব্যাখ্যা, 'আমার পরিকল্পনা সঠিক ছিল। একদম শেষ অংশে আমাদের কাছে ম্যাচটা ওপেন ছিল। বাকি সময় আমরা ওদের সঠিকভাবে রক করেছি। প্রতিটি ফাঁকফোকর বুজিয়ে ফেলা গিয়েছিল। বিশেষ করে ওদের দুই

উইংকে খেলতেই দেওয়া হয়নি। মনবার (সিং) আর লিস্টনের (কোলাসো) কাজ আমরা কঠিন করে দিতে পেরেছি। ওরা জায়গা নিয়ে খেলতে পছন্দ করে। তিনজন সেন্টার ব্যাক ও তিন মিডফিল্ডার নিয়েও ওরা ম্যাচে কর্তৃত্ব করতে পারেনি। হয়তো খেলার ফল আমাদের পক্ষে যায়নি কিন্তু আমরা ছেলোদের প্রশংসা করতেই হবে। কারণ দশজনেও ওরা দুর্দান্ত লড়েছে।'



সমর্থকদের বিচারে আইএসএল সপ্তাহের সেরা গোলের জন্য পুরস্কৃত ডেভিড লালহালানসঙ্গা। তাঁর হাতে স্মারক তুলে দিলেন ব্রজেরা।

ম্যাকলারেনের গোলটার সময়ে হেক্টর ইউভে তাড়া করেও আর নাগাল পাননি অর্জি স্ট্রাইকারের। প্রায় প্রতি ম্যাচেই তার এবং হিজাজি মাহেরের ভুলে ভুলেই দল। ব্রজেরা অবশ্য তাঁর ফুটবলারদের পাশেই দাঁড়ালেন, 'ভালো এবং খারাপ দুই সময়েই আমি আমার ছেলোদের পাশেই থাকব। আমরা যখন জিতি তখনও সবাই মিলে জিতি। আবার হারলেও তার দায় সবারই। একইসঙ্গে আরও বলেছেন, 'ব্যক্তিগত ভুল যদি একটা ম্যাচে হয় তাহলে বলাবলি কিছু থাকে না। কিন্তু প্রায় প্রতি ম্যাচে হলে সেটা চিন্তার বিষয়। তার মানে এই ভুলের কোনও সমাধান আমরা খুঁজে পাচ্ছি না।' হেক্টর ও হিজাজির ভুলে প্রায় প্রতি ম্যাচে দলকে ডুবতে হচ্ছে বলে তিরতিরক্ত অক্ষয় ইতিমধ্যেই ম্যানমেমেন্টের কাছে এই দুই বিদেশি ডিফেন্ডারের পরিবর্ত

দলের ওপর বিশ্বাস ছিল : চেরনিশভ

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১২ জানুয়ারি : একটা জয় মহমেদান স্পোর্টিং ক্লাবের পরিস্থিতি আমূল পরিবর্তন করে দিয়েছে। শনিবার বেঙ্গালুরু এফসি-কে তাদের ঘরের মাঠে হারিয়ে শুধু ৩ পয়েন্ট পায়নি, লিগ তালিকায় সর্বশেষ স্থান থেকেও উঠে এসেছে সাদা-কালো শিবির।

কোচ অক্সেই চেরনিশভ জয়ের সব কৃতিত্ব খেলোয়াড়দের দিয়েছেন। তিনি বলেছেন, 'আমরা খেলোয়াড়দের বুঝিয়েছিলাম কী করতে হবে। ওরা যেভাবে খেলেছে, পরিশ্রম করেছে তাতে আমি খুশি। দলের ওপর বিশ্বাস ছিল একদিন পরিস্থিতির পরিবর্তন হবে।' তিনি আরও যোগ করেছেন, 'আমরা জয় পেতে শুরু করেছি। খেলোয়াড়দের পাশাপাশি সাপোর্ট স্টাফদেরও ধন্যবাদ জানাতে চাই, কারণ তাঁরা আমাকে প্রচুর সাহায্য করেছেন।'

সেরা উত্তর দিনাজপুর

রায়গঞ্জ, ১২ জানুয়ারি : রায়গঞ্জ স্পোর্টিং ক্লাবের একদিনের প্রবীণদের ফুটবলে চ্যাম্পিয়ন হল উত্তর দিনাজপুর ডেটোরেল ক্লাব। ফাইনালে তারা ১-০ গোলে গাজোল দলকে হারিয়েছে। গোল করেন ফাইনালের সেরা বিজয়ী হাঁসদা।



শতরানের আনন্দে জেমিমা রডরিগেজ। রাজকোট রবিবার।

রানের রেকর্ডে সিরিজ স্মৃতিদের

ভারত-৩৭০/৫ আয়ারল্যান্ড-২৫৪/৭

রাজকোট, ১২ জানুয়ারি : এক ম্যাচ বাকি থাকতে আয়ারল্যান্ডের বিরুদ্ধে তিন ম্যাচের ওডিআই সিরিজ জিতে নিল ভারতীয় মহিলা দল। প্রতীকা রাওয়ালকে (৬১ বলে ৬৭) নিয়ে অধিনায়ক স্মৃতি মাছানা (৫৪ বলে ৭৩) ওপেনিং জুটিতে ১৯ ওভারে ১৫৬ রান তুলে ভারতের বড় রানের ভিত গড়ে দেন। যার ওপর দাঁড়িয়ে আইরিশ বোলারদের ওপর রীতিমতো তাণ্ডে চালান জেমিমা রডরিগেজ (৯১ বলে ১০২) ও হার্লিন দেওল (৮১ বলে ৮৯)। ভারত ৫ উইকেটে তোলে ৩৭০ রান। যা মহিলাদের ওডিআইয়ে ভারতীয় দলের সর্বাধিক রান। আয়ারল্যান্ডের বিরুদ্ধেই ভারত ২০১৭ সালে ৩৫৮/২ স্কোর খাড়া করেছিল। গত বছর ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে ভদোদারতে ভারত খেলেছিল ৫ উইকেটে ৩৫৮ নিয়ে। সেই রেকর্ড এদিন পেরিয়ে যায় স্মৃতির দল। রানের ব্যার মতোও শেষদিকে ব্যাটিংয়ে নেমে ৫ বলে ১০ রান নিয়ে রিটা যোব আউট হয়ে যান। কোনও সময়েই বিশাল রান তাড়ার জায়গায় ছিল না আয়ারল্যান্ড। উইকেটকিপার ক্রিস্টিনা কোল্টার রিহিলি ৮০ রান করলেও উল্লেখ্য থেকে কেউই তাকে সংগত করতে পারেনি। ৭ উইকেটে তারা ২৫৪ রানে আটকে যায়। দীপ্তি শর্মা ৩৭ রানে নিয়েছেন ৫ উইকেট। জোড়া শিকার রয়েছে প্রিয়া মিশ্রের কুলিতে।

চ্যাম্পিয়নের মেজাজে শুরু সাবালেক্সার

মেলাবোর্ন, ১২ জানুয়ারি : প্রত্যাশিতভাবে জয় দিয়েই অস্ট্রেলিয়ান ওপেনে অভিযান শুরু করলেন ডিফেন্ডিং চ্যাম্পিয়ন আরিয়ানা সাবালেক্সা। তবে টর্নামেন্টে ভারতের একমাত্র প্রতিদ্বন্দী স্মৃতি নাগাল শুরুতেই ছিটকে গেলেন। রবিবার মেলাবোর্ন পার্কে প্রথম রাউন্ডের ম্যাচে মার্কিন যুক্তরাষ্ট্রের স্লোয়ানে সিলফেসকে স্ট্রেট সেটে উড়িয়ে দিলেন সাবালেক্সা। ম্যাচের ফল ৬-০, ৬-১। যদিও এদিন নিজের খেলায় খুশি হতে পারেননি অস্ট্রেলিয়ান ওপেনের গতবারের চ্যাম্পিয়ন। ম্যাচের পর বলেছেন, 'আজ আমি সেরাটা দিতে পারিনি। তবুও ম্যাচটি যে দুই সেটে জিতে পেরেছি এটা একটা স্বস্তির জায়গা। এদিকে, মহিলাদের সিলফেসে গতবারের রানার্স বেং কুইনওয়েন সহজ জয় দিয়ে অভিযান শুরু করেছেন। আমরা তাড়ানিকে তিনি হারান ৭-৬ (৩), ৬-১ গোলে।'

অস্ট্রেলিয়ান ওপেন দ্বিতীয় রাউন্ডের ছাড়পত্র আদায় করে নিয়েছেন আলেকজান্ডার ডেভেভও। এটিপি ব্যাংকিংয়ের ১০০-৫ থাকা লুসাস পউলেকো ৬-৪, ৬-৪, ৬-৪ ফলে হারান তিনি। ক্যাসপার রুড প্রথম রাউন্ডে হারিয়েছেন জাওমে মুনারকে। রোলানকোস্টার পাঁচ সেটে ম্যাচের নিম্পত্তি হয়। রুডের পক্ষে ফল ৬-৩, ১-৬, ৭-৫, ২-৬, ৬-১। ভারতের স্মৃতি নাগাল প্রথম রাউন্ডেই হেরে গিয়েছেন চেক প্রজাতন্ত্রের টমাস ম্যাককের কাছে। স্মৃতি হেরে গিয়েছেন ৩-৬, ১-৬ ও ৫-৭ ফলে।

জিতল অভিযাত্রী

বালুরঘাট, ১২ জানুয়ারি : নেতাজি স্পোর্টিং ক্লাবের ক্রিকেটে রবিবার বালুরঘাট অভিযাত্রী ক্লাব ১০৮ রানে বালুরঘাট যাত্রিক ক্লাবকে হারিয়েছে। দিপালি নগরের মাঠে অভিযাত্রী প্রথমে ২৮.১ ওভারে ২৮২ রান তোলে। প্রদ্যু সর্কার ৬৮ ও অক্ষিত দাস ৬৫ রান করেন। সাহিল সর্কার ৬৩ রানে পেয়েছেন ৪ উইকেট। ভালো বোলিং করেন জিৎ সাহা (২৫/২)। জ্বাবে যাত্রিক ২২.৪ ওভারে ১৭৪ রানে অল আউট হয়। বিপিন রায় ৭৫ রান করেন। ম্যাচের সেরা সায়ন সাহা ৪৩ রানে পেয়েছেন ৪ উইকেট পেয়েছেন। ভালো বোলিং করেন মহম্মদ আজহারউদ্দিন (৩৪/৩)।



গুয়াহাটীর ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে সুনীল গাভাসকার ও বিনোদ কাশ্যলি।

এফএ কাপে আট গোল ম্যান সিটির

ম্যাঞ্চেস্টার, ১২ জানুয়ারি : প্রিমিয়ার লিগে শেষ তিন ম্যাচে অপরাধিত। তার মধ্যে দুটি জয়। আর এবার এফএ কাপে আট গোল করেই বলাই যায় অন্ধকার কাটিয়ে আলোর মুখ দেখছে ম্যাঞ্চেস্টার সিটি। শনিবার রাতে এফএ কাপ তৃতীয় রাউন্ডের ম্যাচে ইংল্যান্ডের চতুর্থ সারির সলফোর্ড সিটিকে নিয়ে রীতিমতো ছেলোখেলা করল পেপ গুয়ার্ডিওলার দল।

প্রশ্নের মুখে ইস্টবেঙ্গল রক্ষণও

দীপক-অসীমদের কাঠগড়ায় রেফারি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১২ জানুয়ারি : আইএসএল ডার্বিতে মোহনবাগান সুপার জায়েন্টের দাপট অব্যাহত। তবে শনিবার শুরুতে পিছিয়ে পড়া সত্ত্বেও ইস্টবেঙ্গল যে লড়াই ফুটবল উপহার দিয়েছে তার প্রশংসাই করছেন প্রাক্তনকারী। একইসঙ্গে ম্যাচের রেফারিং খিরে অভিযোগ থাকলেও লাল-হলুদের আক্রমণভাগও এই হারের দায় এড়াতে পারে না বলে দাবি প্রাক্তনীদের একাংশের।

মোহনবাগান যথেষ্ট ভালো ফুটবল খেলেছে। হোসে ফ্রান্সিসকো মোলিনার স্ট্রাটেজি দুর্দান্ত। সৌভাগ্যক্রমে লাল কার্ড দেখানোর সিদ্ধান্ত একেবারে সঠিক। তবে আপুইয়ার হ্যাণ্ডবলটা নিশ্চিত পেনাল্টি ছিল। রেফারিংয়ের উন্নতি না হলে ভারতীয় ফুটবলে উন্নতি সম্ভব নয়।

শুরুতেই গোল তুলে নেওয়ায় মোহনবাগান হয়তো ভেবেছিল সহজেই ব্যবধান বাড়ানো সম্ভব হবে। সেখানে পিছিয়ে পড়ার পরও ইস্টবেঙ্গলের লড়াই অবশ্যই প্রশংসনীয়। দুই দলই গোলের অনেক সুযোগ তৈরি করেছে। আপুইয়ার হাতে যে বলটা লাগল ওটা নিশ্চিতভাবে পেনাল্টি হয়। ওখান থেকে গোল হলে ফল অন্যরকম হতেই পারত। গত ডার্বিতেও ন্যায় পেনাল্টি থেকে বঞ্চিত হয় মোহনবাগান। আসলে সার্বিকভাবেই আইএসএল রেফারিংয়ের মান নেমে গিয়েছে। তবে মনে নিতে হবে যে গোটা ম্যাচে ইস্টবেঙ্গল গোল লক্ষ্যে কোনও শট রাখতে পারেনি।

সত্যজিৎ চট্টোপাধ্যায় ডার্বি জেতাটাই আসল কথা। তবে মোহনবাগান আরও ভালো খেলতে পারত। ইস্টবেঙ্গল আক্রমণভাগে কোনও বৈচিত্র্য ছিল না। কিছু সিদ্ধান্ত বাদ দিলে রেফারিং খুব খারাপ নয়। তবে ভিএফআর থাকলে অনেক সিদ্ধান্তই স্পষ্ট হয়ে যেত। দলের মধ্যে কেফারিংয়ের শিকার হচ্ছে। ইস্টবেঙ্গলের রক্ষণভাগও এর দায় এড়াতে পারে না।

সমীরের দাপট

বালুরঘাট, ১২ জানুয়ারি : জেলা ক্রীড়া সংস্থার ক্রিকেটে রবিবার কচিকলা অ্যাকাডেমি ২২৪ রানে বিকাশ চৌধুরী ক্রিকেট কোচিং ক্যাম্পকে হারিয়েছে। বালুরঘাট স্টেডিয়ামে প্রথমে কচিকলা ৪৫ ওভারে ৭ উইকেটে ২১৫ রান তোলে। ম্যাচের সেরা সমীর শীল ৮৮ রানে অপরাধিত থাকেন। বুবাই বিশ্বাসের অবদান অপরাধিত ৬৯ রান। সবুজ সিং ২৭ রানে পেয়েছেন ৩ উইকেট। ভালো বোলিং করেন আদিত্য বর্মন (২৩/১)। জ্বাবে বিকাশ ২৪ ওভারে ৭১ রানে গুটিয়ে যায়। সৌভিক মিত্র ১৪ রান করেন। বিকাশ সিং ১৪ ও সমীর ১৯ রানে পেয়েছেন ৪ উইকেট।

প্রথম শ্যাম, লক্ষ্মী

কুমিল্লা, ১২ জানুয়ারি : স্বামী বিবেকানন্দের জন্মদিন উপলক্ষে কুমিল্লা থানার উদ্যোগে পুরুষদের ১০ কিলোমিটার রোড রেসে প্রথম হয়েছে বাডখণ্ডের শ্যাম পাহান। তাঁর ৩২ মিনিট ৫২ সেকেন্ড সময় লেগেছে। দ্বিতীয় কুমিল্লার সঞ্জল সরকার (৩৫ মিনিট ২১ সেকেন্ড)। তৃতীয় কুমারগঞ্জ রকের বিষ্ণানাথ মর্ডি (৩৭ মিনিট ২০ সেকেন্ড)। মহিলাদের ৫ কিলোমিটার রেসে প্রথম লক্ষ্মী বাস্কো। তাঁর ২৪ মিনিট ৫০ সেকেন্ড সময় লেগেছে। দ্বিতীয় অন্তরা রায় (২৫ মিনিট ২৭ সেকেন্ড)। তৃতীয় বনি রায় (২৫ মিনিট ৩৭ সেকেন্ড)।



ট্রফি নিয়ে উল্লাস ওম ইলেভেনের। ছবি : মুরতুজ আলম

চ্যাম্পিয়ন ওম ইলেভেন

সামসী, ১২ জানুয়ারি : চাঁচল ক্রিকেট ইউনিটের ক্রিকেটে চ্যাম্পিয়ন হল ওম ইলেভেন। রবিবার ফাইনালে তারা ২০ রানে কৌশিক ইলেভেনকে হারিয়েছে। বাহাদুর শাহ জাফর স্টেডিয়ামে টেস্টে ওম ইলেভেন ২০ ওভারে ১৯৯ রান তোলে। ৭২ রান করেন ফাইনালের সেরা বনি রায়। জ্বাবে কৌশিক ইলেভেন ১৭৯ রানে আটকে যায়। প্রতিযোগিতার সেরা বাবু সরকার। সেরা ব্যাটার হরপ্রীত সিং। সেরা বোলার বিকাশ দাস। সেরা ফিল্ডার সলমান খান। চ্যাম্পিয়নদের ট্রফি ও ১ লক্ষ টাকা দেওয়া হয়েছে। রানার্স ট্রফির সঙ্গে পেয়েছে ৭৫ হাজার টাকা।

শীতকাল এসে গেছে
ফাঁটা গোড়ালিকে সুরক্ষিত রাখুন

সফটহীল দিয়ে আপনার গোড়ালিকে নরম করুন

Now available on Flipkart, HEALTHMUG, JioMart, shopbte.com

ডায়ার সাপ্তাহিক লটারির
২ কোটির বিজয়ী হলেন
দার্জিলিং-এর এক বাসিন্দা

বাসিন্দা মহম্মদ ফারুককে 16.10.2024 তারিখের ৩-তে ডায়ার সাপ্তাহিক লটারির 57G 68993 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নাভাল অফিসের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন, 'আমার কোটিপতি হওয়া স্বপ্ন ছিল বহুকালের কিন্তু বাস্তবায়িত করার পথ খুঁজে পাচ্ছিলাম না। ওই জাদুকরী ছিল ডায়ার লটারির কাছে যা আমাকে কোটিপতি বানিয়েছে। এটা সঙ্ঘবপন হয়েছে ডায়ার লটারির স্বল্প পরিমাণ মূল্যের টিকিটের বিমিনয়।' ডায়ার লটারির প্রতিটি ট্র সুরাসরি দেখানো হয়, তাই এর সত্যতা প্রমাণিত।
পরিষ্কার তথ্য সরকারি ওয়েবসাইটে থেকে সংগ্রহ করুন।

জয়ী গঙ্গারামপুর

গঙ্গারামপুর, ১২ জানুয়ারি : চেতালি ক্লাবের চেয়ারম্যান কাপ ফুটবলে ফাইনালে উঠল গঙ্গারামপুর থানা। রবিবার প্রথম সেমিফাইনালে তারা ৪-১ গোলে হারিয়েছে

পাণ্ডেপাড়াকে। গঙ্গারামপুর হাইস্কুল মাঠে জোড়া গোল করেন ম্যাচের সেরা গঙ্গারামপুরের সনাতন হেমরান। তাদের বাকি গোল দুইটি অজয় জমাদার ও অমল বাস্কের। পাণ্ডেপাড়ার গোলটা রাজা লোহারের।